বিডিনিয়োগ.কম

www.bdniyog.com

www.bdniyog.com

আন্তর্জাতিক বিষয়াবলি

নতুন সিলেবাসের আলোকে প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন বিশ্লেষণ

টপিকের নাম	কততম বিসিএস?				
	৩৫	৩৬	৩৭	৩৮	৪০
অধ্যায় এক : বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি					
প্রাচীন সভ্যতা, বিশ্বের প্রধান ধর্ম এবং জাতি	-	-	১	-	-
এশিয়া মহাদেশ	২	২	-	২	৩
ইউরোপ মহাদেশ	-	১	১	১	২
উত্তর আমেরিকা ও দক্ষিণ মহাদেশ	-	১	-	১	-
আফ্রিকা মহাদেশ	-	-	-	-	-
ওশেনিয়া মহাদেশ, এন্টার্কটিকা মহাদেশ	-	-	১	১	-
পুরাতন নাম, উপনাম, প্রসিদ্ধ স্থান, সীমারেখা	-	২	-	-	-
সরকার ও রাজনীতি	-	-	-	-	১
অধ্যায় দুই : আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক					
প্রণালী, সীমানা ও বিরোধপূর্ণ অঞ্চল	১	-	১	১	১
যুদ্ধ-বিগ্রহ	১	-	১	১	-
জঙ্গিগোষ্ঠী ও গেরিলা সংগঠন	-	-	-	-	-
আলোচিত বিপ্লব, আলোচিত অভিযান	-	-	-	১	-
সামরিক জোট, পুলিশ, শান্তিরক্ষা মিশন	-	-	-	-	-
চুক্তিসমূহ	-	৩	২	১	১
প্রোটোকল	২	-	-	১	-
কনভেনশন	১	-	-	-	১
আইন বিষয়ক সংস্থা	১	-	-	১	১
অধ্যায় তিন : বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনা প্রবাহ					
গুরুত্বপূর্ণ সাম্প্রতিক তথ্য	৪	২	২	১	১
অধ্যায় চার : অন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি					
আন্তর্জাতিক জলবায়ু ইস্যু ও কূটনীতি	-	-	-	-	-
পরিবেশ বিষয়ক সংগঠন ও অন্যান্য	-	-	৪	-	১
পরিবেশ ও জলবায়ু সম্মেলন	১	-	-	-	-
COP সম্পর্কীয় গুরুত্বপূর্ণ তথ্য	-	-	-	১	১
জলবায়ু বিষয়ক চুক্তি, প্রোটকল ও কনভেনশন	১	-	১	১	-
অধ্যায় পাঁচ : আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ					
জাতিপুঞ্জ	১	১	-	-	-
জাতিসংঘ ও জাতিসংঘের সংঘটন সম্পর্কিত	১	৪	১	২	২
আন্তর্জাতিক রাজনৈতিক জোট	-	১	-	১	১
নিরপেক্ষ জোট, পুলিশ, শান্তি রক্ষার জোট	-	-	-	-	১
আঞ্চলিক রাজনৈতিক জোট	-	১	-	-	-
আন্তর্জাতিক সেবা সংস্থা	-	১	-	-	-
বিশ্ব ব্যাংক গোষ্ঠী ও আইএমএফ	-	-	৪	-	-
আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান	-	-	-	-	-



৪০তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্ন ও সমাধান

০১. ***যুক্তরাষ্ট্রের Guantamo Bay Detention Camp কোথায় অবস্থিত?***
ক. ফ্লোরিডা
খ. হাইতি
গ. কিউবা
ঘ. জ্যামাইকা **উত্তর—গ**

ব্যাখ্যা : ক্যারিবিয়ান সাগরে কিউবার দক্ষিণে ১৯০৩ সালে কিউবা-আমেরিকা চুক্তির মাধ্যমে আমেরিকা 'গুয়ানতানামো বে' স্থানটি লিজ নেয়। মার্কিন নিয়ন্ত্রিত গুয়ানতানামো নৌ ঘাঁটিতে যুক্তরাষ্ট্রের সামরিক কারাগার Guantamo Bay Detention Camp অবস্থিত।

০২. ***টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডা (The 2030 agenda for Sustainable Development Goal) এর কয়টি লক্ষ্য রয়েছে?***
ক. ১৫ খ. ১৭
গ. ২১ ঘ. ২৭ **উত্তর— খ**

ব্যাখ্যা : ২০১২ সালে ব্রাজিলের রিও ডি জেনিরোতে বিশ্ব টেকসই উন্নয়ন সম্মেলনে MDG এর উপর ভিত্তি করে গৃহীত টেকসই উন্নয়ন সংক্রান্ত ১৭টি অভীষ্ঠ লক্ষ্য Sustainable Development Goals বলা হয়। আনুষ্ঠানিক ঘোষণা– Transforming our world : The

www.bdniyog.com

আন্তর্জাতিক অর্থনৈতিক জোট	২	-	১	-	২
আঞ্চলিক অর্থনৈতিক জোট	-	১	-	১	১
আন্তর্জাতিক বাণিজ্য জোট	-	-	-	১	-
অন্যান্য	২	-	-	১	-
সর্বমোট	২০	২০	২০	২০	২০

2030 agenda for Sustainable Development Goal. ১৭টি অভীষ্ঠের আওতায় রয়েছে মোট ১৬৯টি লক্ষ্যমাত্রা এবং ২৩২টি নিয়ামক। এর মেয়াদ শুরু হয় ১ জানুয়ারি, ২০১৬ সাল হতে। ১৫ বছর মেয়াদি এ লক্ষ্য শেষ হবে ২০৩০ সালে।

০৩. জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণার ঐতিহাসিক নথিটি গ্রহণ করে—'

ক. ১৯৪৮ খ. ১৯৫৬
গ. ১৯৪৫ ঘ. ২০০০ **উত্তর— ক**

ব্যাখ্যা : ১৯৪৮ সালের ১০ই ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে সর্ব সম্মতিক্রমে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সর্বজনীন ঘোষণা গৃহীত হয় যা বিশ্ব মানবাধিকারের সাধারণ নির্দেশনা হিসেবে কাজ করে। বিশ্ব মানবাধিকারের এ বৈশ্বিক ঘোষণাটি ৩০টি ধারাবিশিষ্ট।

০৪. মিনস্ক নিচের কোন দেশের রাজধানী?

ক. কাজাখস্তান খ. তাজাকিস্তান
গ. পর্তুগাল ঘ. বেলারুশ **উত্তর—ঘ**

ব্যাখ্যা :

দেশের নাম	রাজধানীর নাম	দেশের নাম	রাজধানীর নাম
কাজাখস্তান	নুর সুলতান	পর্তুগাল	লিসবন
তাজাকিস্তান	দুশানবে	বেলারুশ	মিনস্ক

০৫. সর্বশেষ মিউনিখ নিরাপত্তা সম্মেলন কোন সালের কোন মাসে অনুষ্ঠিত হয়েছে?

ক. সেপ্টেম্বর, ২০১৮ খ. মার্চ, ২০১৯
গ. ফেব্রুয়ারি, ২০১৯ ঘ. ডিসেম্বর, ২০১৮ **উত্তর—গ**

ব্যাখ্যা : ১৫-১৭ ফেব্রুয়ারি, ২০১৯ জার্মানির মিউনিখের হোটেল বাইরিশার হফ—এ ৫৫তম মিউনিখ নিরাপত্তা সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে অস্ত্র নিয়ন্ত্রণ, বাণিজ্য ও আন্তর্জাতিক নিরাপত্তা নিয়ে আলোচনা হয়। এছাড়াও জলবায়ু পরিবর্তন ও আন্তর্জাতিক নিরাপত্তায় প্রযুক্তিগত উদ্ভাবনের বিষয়ও স্থান পায়।

০৬. ভি-২০ গ্রুপ কিসের সাথে সম্পর্কিত?

ক. কৃষি উন্নয়ন খ. দারিদ্র্য বিমোচন **উত্তর—গ**
গ. জলবায়ু পরিবর্তন ঘ. বিনিয়োগ সম্পর্কিত

ব্যাখ্যা : V-20 এর পূর্ণরূপ হলো Vulnerable Twenty. ২০১৫ সালের ৮ অক্টোবর ফিলিপাইনের সভাপতিত্বে জলবায়ু পরিবর্তনজনিত এ গ্রুপটি পেরুর লিমায় প্রতিষ্ঠিত হয়।

০৭. জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়?

ক. ১৯৭৯ সালে খ. ১৯৮২ সালে
গ. ১৯৮৩ সালে ঘ. ১৯৯৮ সালে উত্তর—খ

ব্যাখ্যা : জাতিসংঘের উদ্যোগে ১৯৮২ সালের ১০ ডিসেম্বর আন্তর্জাতিক সমুদ্র আইন সংক্রান্ত চুক্তি UNCLOS বা United Nations Convention on the Law Of the sea স্বাক্ষরিত হয়। ১৯৯৪ সালে ১৬ই নভেম্বর চুক্তিটি কার্যকর হয়।

০৮. বিশ্বের সর্বশেষ জলবায়ু সম্মেলন (ডিসেম্বর, ১৮) কোথায় অনুষ্ঠিত হয়?

ক. কোটওয়াইস, পোল্যান্ড খ. প্যারিস, ফ্রান্স
গ. রোম, ইতালি ঘ. বেইজিং, চীন **উত্তর—ক**

ব্যাখ্যা : জাতিসংঘের উদ্যোগে ১৯৯২ সালে স্বাক্ষরিত হয় UNFCCC বা United Nations Framework Convention on Climate Change. এটি কার্যকর হয় ১৯৯৪ সালে। বাংলাদেশ স্বাক্ষর করে ১৯৯২ সালে এবং অনুমোদন করে ১৯৯৪ সালে। জাতিসংঘের উদ্যোগে প্রতিবছর বিশ্ব জলবায়ু অনুষ্ঠিত হয় যা সংক্ষেপে COP বা Conference Of the Parties নামে পরিচিত। ১৯৯৫ সালে জার্মানির বার্লিনে COP এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৮ সালে COP—*24* সম্মেলন হয় পোল্যান্ডে এবং ২০১৯ সালে COP—25 সম্মেলন হবে চিলির সান্টিয়াগোতে।

০৯. সানসাইন পলিসির সাথে কোন দুটি দেশ জড়িত?

ক. চীন-রাশিয়া
খ. উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
গ. জাপান ও থাইল্যান্ড
ঘ. তাইওয়ান ও হংকং **উত্তর—খ**

ব্যাখ্যা : উত্তর কোরিয়ার সাথে দক্ষিণ কোরিয়ার শান্তিপূর্ণ কূটনীতি। সানসাইন পলিসির (Sunshine Policy) প্রবক্তা দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট কিম দায়ে জং। চুক্তিটির মেয়াদ ছিল ১৯৯৮—২০০৮ পর্যন্ত।

১০. BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে-

ক. New Development Bank (NDB) **উত্তর : ক**
খ. BRICS Development Bank (BDB)
গ. Economic Development Bank (EDB)
ঘ. International Commercial Bank (ICB)

ব্যাখ্যা : Brazil, Russia, India, China, South Africa এর আদ্যক্ষরের সমন্বয়ে নামকরণকৃত একটি অর্থনৈতিক সংগঠনের নাম BRICS. ১৫ই জুলাই, ২০১৪ সালে ব্রাজিলে অনুষ্ঠিত ৬ষ্ঠ BRICS সম্মেলনে 'নয়া উন্নয়ন ব্যাংক' বা New Development Bank (NDB) গঠিত হয় যা পূর্বে BRICS Development Bank নামে পরিচিত ছিল।

১১. চীন নিচের কোন আফ্রিকান দেশটিতে সামরিক ঘাঁটি স্থাপনার মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে?

ক. ইথিওপিয়া খ. জাম্বিয়া
গ. লাইবেরিয়া ঘ. জিবুতি **উত্তর— ঘ**

ব্যাখ্যা: আফ্রিকার সাথে শান্তি ও নিরাপত্তার সম্পর্ক গড়া চীনের পররাষ্ট্রনীতির অন্যতম দিক। সেই লক্ষ্যে ২০১৭ সালের আগস্টে চীন দেশের বাইরে জিবুতিতে নিজেদের প্রথম সামরিক ঘাঁটি স্থাপন করে। দেশটির কৌশলগত অবস্থানের কারণে চীন এই দেশটিতে সামরিক ঘাঁটি স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে।

১২. পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মিরের কোন অংশে ভারত সম্প্রতি (ফেব্রুয়ারি, ২০১৯) সামরিক বিমান হামলা পরিচালনা করে?

ক. এবোটাবাদ খ. বালাকোট

www.bdniyog.com

গ. কোয়েটা ঘ. গিলগিট **উত্তর— খ**

ব্যাখ্যা: ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের পুলওয়ামায় ২০১৯ সালের ১৪ই ফেব্রুয়ারি আত্মঘাতী বোমা হামলায় ভারতীয় আধা সামরিক বাহিনীর প্রায় অর্ধশত সদস্য নিহত হয়। পাকিস্তানভিত্তিক জঙ্গি সংগঠন জইশ-ই-মোহাম্মদ হামলার দায়ভার স্বীকার করার পর প্রতিশোধ হিসেবে ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ ভারতীয় বিমানবাহিনী বালাকোটে বোমা বর্ষণ করে জঙ্গিগোষ্ঠীর গুরুত্বপূর্ণ ঘাঁটিগুলো গুঁড়িয়ে দেয়। প্রাথমিকভাবে পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মিরের বালাকোটে হামলার খবর ছড়িয়ে পড়লেও পরবর্তীতে জানা যায় খইবার পাখতুনখোয়ার বালাকোটে হামলা হয়েছিল।

১৩. *নিচের কোন দেশে ২০২২ সালে জি-২০ বার্ষরিক সম্মেলন অনুষ্ঠিত হয়?*

ক. ইতালি খ. যুক্তরাষ্ট্র
গ. ভারত ঘ. ব্রাজিল **উত্তর—গ**

ব্যাখ্যা : ১৯টি দেশ ও ইউরোপীয় ইউনিয়ন নিয়ে গঠিত অর্থনৈতিক সংগঠনের নাম জি-২০ বা Group of Twenty. আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে সর্বশেষ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০২১ সালে ১৬তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে ইতালিতে এবং ২০২২ সালে ১৭তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে ভারতে।

১৪. *'দি আইডিয়া অব জাস্টিস' গ্রন্থের রচয়িতা কে?*

ক. মার্থা নুসব্যাম খ. জোসেফ স্টিগলিটজ
গ. অমর্ত্য সেন ঘ. জন রাউলস **উত্তর—গ**

ব্যাখ্যা : 'দি আইডিয়া অব জাস্টিস' হলো নোবেল বিজয়ী অমর্ত্য সেনের একটি বিখ্যাত গ্রন্থ। ২০০৯ সালে প্রকাশিত এ বইটি রাউলসের 'এ থিওরি অব জাস্টিস' (১৯৭১) এর সমালোচনা ও সংশোধন। 'The Idea of Justice' গ্রন্থের মূলকথা হলো—'ন্যায্যতা কোন বিমূর্ত, পূর্ব নির্ধারিত ধারণা নয়, বিভিন্ন পরিস্থিতিতে নানান মাপকাঠি দিয়ে ন্যায়-অন্যায়ের বিচার করতে হবে।

১৫. *শ্রীলংকার কোন সমুদ্রবন্দর চীনের নিকট ৯৯ বছরের জন্য লীজ দেয়া হয়েছে?*

ক. ত্রিঙ্কোমালী খ. হাম্বানটোটা
গ. গল বন্দর ঘ. পোর্ট অব কলম্বো **উত্তর—খ**

ব্যাখ্যা : ৯ ডিসেম্বর, ২০১৭ সালে হাম্বানটোটা বিমানবন্দরটি শ্রীলঙ্কা ৯৯ বছরের ইজারায় চীনের কাছে হস্তান্তর করে। এর পূর্বে ২৯ জুলাই, ২০১৭ কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ শ্রীলঙ্কার দক্ষিণাঞ্চলীয় হাম্বানটোটা গভীর সমুদ্রবন্দরের নিয়ন্ত্রণ ও উন্নয়নের জন্য শ্রীলঙ্কার সরকার চীনের সাথে একটি চুক্তি স্বাক্ষর করে। কৌশলে অন্যদেশের ভূখণ্ড ঋণ প্রদানের মাধ্যমে নিয়ন্ত্রণ নেয়ার এই প্রক্রিয়াকে চীনের 'চেকবুক ডিপ্লোম্যাসি' বলে অভিহিত করা হয়।

১৬. *নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত?*

ক. BIMSTEC খ. CICA
গ. IORA ঘ. SAARC **উত্তর— ক**

ব্যাখ্যা : Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় কয়েকটি দেশকে নিয়ে গঠিত একটি - আঞ্চলিক জোট। মূলত বঙ্গোপসাগরকে ঘিরে অবস্থিত দেশগুলোর অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতার জন্য গঠিত ফোরাম/সংস্থাই হলো BIMSTEC। পূর্বনাম Bangladesh, India, Sri Lanka and Thailand Economic Cooperation (BISTEC) যার সদর দপ্তর ঢাকায় গুলশানে অবস্থিত। ১৩ সেপ্টেম্বর ২০১৪, প্রধানমন্ত্রী শেখ হাসিনা BIMSTEC এর প্রধান কার্যালয় উদ্বোধন করেন। সদস্য দেশসমূহ হলো— বাংলাদেশ, ভারত, মায়ানমার, শ্রীলংকা, থাইল্যান্ড, ভুটান ও নেপাল। ১৯৯৭ সালের ৬ জুন ব্যাংককে বাংলাদেশ, ভারত, শ্রীলংকাও থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে "ব্যাংকক ডিক্লারেশন" এর সিদ্ধান্ত অনুযায়ী বে অফ বেঙ্গল ইকনমিক কোঅপারেশন অর্গানাইজেশন গঠিত হয়। পরে সদস্য দেশগুলোর নামানুসারে সংগঠনটির নাম রাখা হয় BISTEC; বাংলাদেশ, ইন্ডিয়া, শ্রীলংকা, থাইল্যান্ড ইকোনমিক কোঅপারেশন। পরে এতে মায়ানমার যোগ দিলে নাম দাঁড়ায় BIMSTEC। ভুটান ও নেপাল ২০০৪ সালে সংগঠনটিতে যোগ দিলে সংগঠনটির নাম পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়।

১৭. *নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই?*

ক. BIMSTEC খ. NAM
গ. EU ঘ. ASEAN **উত্তর—খ**

ব্যাখ্যা : NAM এর স্থায়ী সদর দপ্তর নাই। এছাড়াও G-77, G-7 এর স্থায়ী সদর দপ্তর নেই। ১৯৫৫ সালে ইন্দোনেশিয়ায় বান্দুং সম্মেলনে ন্যাম গঠনে ১০টি নীতি গৃহীত হয়। পঞ্চশীল নীতি (৫টি নীতি) ন্যাম এর সদস্য 'চীন- ভারত সম্পর্ক' নির্ণয়ের নীতি।

১৮. *জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি-৫ (P5) বলতে কি বুঝায়?*

ক. নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র
খ. পাঁচটি পরমাণু শক্তিধর রাষ্ট্র
গ. পাঁচটি জাতিসংঘ সংস্থা
ঘ. উপরের কোনটিই নয় **উত্তর— ক**

ব্যাখ্যা : p5 বলতে বোঝায় নিরাপত্তা পরিষদের স্থায়ী পাঁচটি সদস্য রাষ্ট্র। P5 বলতে Permanent Five বা বিগ ফাইভ বোঝানো হয়। এই পাঁচটি সদস্য রাষ্ট্র হলো রাশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন ও ফ্রান্স। নিরাপত্তা পরিষদের স্থায়ী এ ৫ (পাঁচ) সদস্যের ভেটো (VETO) প্রদানের ক্ষমতা রয়েছে। ল্যাটিন VETO শব্দের অর্থ 'আমি মানি না'। ১৯৭১ সালে নিরাপত্তা পরিষদে রাশিয়ার ভেটোর কারণে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ চলেছিল এরই ধারাবাহিকতায় স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় হয়।

১৯. *কোন দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চলে অবস্থিত নয়?*

ক. ফিনল্যান্ড খ. পোল্যান্ড
গ. অস্ট্রিয়া ঘ. সুইডেন **উত্তর— গ**

ব্যাখ্যা : বাল্টিক দেশ বলতে লিথুয়ানিয়া, এস্তোনিয়া, লাটভিয়াকে বোঝানো হয়। তবে বাল্টিক অঞ্চল বলতে বাল্টিক সাগরের তীরবর্তী ৯টি দেশ দ্বারা পরিবেষ্টিত অঞ্চলকে বোঝানো হয়। উল্লেখিত তিনটি দেশ ছাড়াও অন্যান্য দেশসমূহ হলো— ফিনল্যান্ড, ডেনমার্ক, জার্মানি, পোল্যান্ড, রাশিয়া ও সুইডেন। তাহলে প্রদত্ত অপশনের অস্ট্রিয়া দেশটি বাদ থাকল। প্রশ্নটি করা হয় মানচিত্র সম্পর্কে ধারণা যাচাই করার জন্য।

২০. ***OIC**—এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন?*

ক. ২য় শীর্ষ সম্মেলন খ. ৫ম শীর্ষ সম্মেলন
গ. ৪র্থ শীর্ষ সম্মেলন ঘ. ৭ম শীর্ষ সম্মেলন **উত্তর—ক**

ব্যাখ্যা : ১৯৭৪ সালের ২২-২৪ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত OIC এর দ্বিতীয় শীর্ষ সম্মেলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন।

www.bdniyog.com

৩৯তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্ন ও সমাধান

০১. ট্রাম্প- কিম শীর্ষ বৈঠকটি সিঙ্গাপুরের কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
ক. সেনার আয়ল্যান্ড খ. ম্যারিনা বে
গ. সেন্তোষা ঘ. ইস্টানা আইল্যান্ড **উত্তর : গ**

ব্যাখ্যা : ১২ জুন, ২০১৮ সালে সিঙ্গাপুরের সেন্তোষা দ্বীপে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও উত্তর কোরিয়ার শীর্ষ নেতা কিম জং উনের মধ্যে ঐতিহাসিক শীর্ষ বৈঠক অনুষ্ঠিত হয়। এটিকে বলা হয় মিটিং অব দ্যা সেঞ্চুরি। [সূত্র: বিবিসি]

০২. ফলকেটিংফোকেটিং]] (Folketing) কোন দেশের আইনসভা?
ক. বেলজিয়াম খ. নরওয়ে
গ. ফিনল্যান্ড ঘ. ডেনমার্ক **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ডেনমার্ক একটি স্ক্যান্ডিনেভিয়ান দেশ। স্ক্যান্ডিনেভিয়ান দেশ মোট ৫টি। দেশসমূহের নাম : ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, ডেনমার্ক, সুইডেন [মনে রাখুন: FINDS]। ডেনমার্কের আইনসভার নাম ফোকেটিং (Folketing)। [মনে রাখুন: ডেনিশরা ফোক গান করে] ডেনমার্কের অধিবাসীদের ডেনিশ বলা হয়। প্রশ্নে ফলকেটিং বললেও, শুদ্ধ উচ্চারণ ফোকেটিং।

০৩. ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল?
ক. মিয়ানমার খ. ভারত
গ. থাইল্যান্ড ঘ. মালয়েশিয়া **উত্তর : ক**

ব্যাখ্যা : মায়ানমারের মায়ানমারের স্বাধীনতার জনক অং সানের কন্যা। তিনি ১৯৮৮ সালের ২৭ সেপ্টেম্বর League for Democracy নামক একটি রাজনৈতিক দল গঠন করেন। তিনি ১৯৯১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। ৬ এপ্রিল, ২০১৬ সালে মায়ানমারের পার্লামেন্টে অং সান সুচিকে প্রধানমন্ত্রীর সমমর্যাদা সম্পন্ন State Counsellor পদে আসীন করা হয়।

০৪. সাম্প্রতিক কাতার সংকটের সময় কোন দেশটি কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে নাই?
ক. সংযুক্ত আরব আমিরাত খ. মিশর
গ. কুয়েত ঘ. বাহরাইন **উত্তর : গ**

ব্যাখ্যা : কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে মোট ৭টি দেশ। ৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দে সৌদিসহ প্রতিবেশী ৪টি দেশ (মোট ৪টি আরব দেশ ও মালদ্বীপ) কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে। দেশগুলোর নাম হলো – সৌদি আরব, ইয়েমেন, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, মিশর, লিবিয়া ও মালদ্বীপ। কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করতে ১৩টি শর্ত দেওয়া হয়।

০৫. মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল?
ক. মধ্য আমেরিকা খ. মধ্য-প্রাচ্য
গ. পূর্ব আফ্রিকা ঘ. পূর্ব এশিয়া **উত্তর : ক**

ব্যাখ্যা : খ্রিস্টপূর্ব ১০০০ অব্দে মধ্য আমেরিকার মেক্সিকো, গুয়েতেমালা অঞ্চলে এ সভ্যতার সূত্রপা। জ্যোতির্বিদ, গণিত, সৌর ক্যালেন্ডার প্রণয়ন, পাথরের মন্দির নির্মাণ এ সভ্যতার নিদর্শন।

০৬. ২০১৮ সালে বিশ্ব পরিবেশ দিবসে প্রতিপাদ্য বিষয় কোনটি?
ক. প্লাস্টি (Plastic) দূষণকে পরাজিত করি
খ. সবুজ বিশ্ব গড়ে তুলি
গ. জলবায়ু উষ্ণতাকে রুখে দেই
ঘ. জলবায়ু উষ্ণতা প্রতিরোধ তহবিল গড়ে তুলি **উত্তর : ক**

০৭. ৯২ বছর বয়সী মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদের রাজনৈতিক জোট হচ্ছে-
ক. বারিসান ন্যাশনাল খ. পাটি পেরিকাতান
গ. পাকাতান-হারুপান ঘ. ইউএমএনও **উত্তর : গ**

ব্যাখ্যা : ২০১৮ সালের ৯মে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে জয়ের পরদিন ১০মে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে তিনি শপথ নেন। তিনি তার পূর্বের দল "ইউনাইটেড মালয়িস ন্যাশনাল অর্গানাইজেশন" কে হারিয়ে এক সময়ের প্রতিপক্ষ ''পাকাতান হারাপান কোয়ালিশনের" (প্রশ্নে উল্লেখ ছিল: পাকাতান- হারুপান) নেতৃত্ব দিচ্ছেন। মাহাথির বিন মোহাম্মদ দুই বছর ক্ষমতায় থাকতে চান। এরপর তিনি কারাবন্দী নেতা আনোয়ার ইব্রাহিমের কাছে ক্ষমতা হস্তান্তর করবেন।

০৮. 'মেসোপটেমীয় সভ্যতা' গড়ে উঠেছিল কোথায়?
ক. ইয়াংসিকিয়াং নদীর তীরে
খ. নীল নদের তীরে
গ. টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে
ঘ. হোয়াংহো নদীর তীরে **উত্তর : গ**

ব্যাখ্যা : পৃথিবীর প্রথম সভ্যতা বলা হয় মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত সুমেরীয় সভ্যতাকে। মেসোপটেমিয়া সভ্যতা গড়ে ওঠে টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর উর্বর তীরাঞ্চলে। 'মেসোপটেমিয়া' গ্রিক শব্দ যার অর্থ 'দুই নদীর তীরাঞ্চলে। মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত ছিল সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, অ্যাসেরীয় সভ্যতা, ক্যালডীয় সভ্যতা। প্রাচীন মেসোপটেমিয়া বর্তমান ইরাকের অন্তর্গত।

০৯. বিখ্যাত 'ওয়াশিংটন কনসেনসাস' (Washington Consensus) কোন বিষয়ের সাথে জড়িত?
ক. নয়া উদারবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়ন
খ. অস্ত্র নিয়ন্ত্রণ
গ. আন্তর্জাতিক সন্ত্রাসবাদ দমন
ঘ. আন্তর্জাতিক অভিবাস নীতি **উত্তর : ক**

ব্যাখ্যা : জন উইলিয়ামসন নামের একজন অর্থনীতিবিদ ১৯৮৯ সালে এই ধারণাটির প্রবর্তক। তিনি ওয়াশিংটন ডিসিভিত্তিক ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল ইকনমিকস এর একজন অর্থনীতিবিদ। ওয়াশিংটন কনসেনসাস মূলত সংকটে থাকা উন্নয়নশীল দেশগুলোর জন্য ওয়াশিংটনভিত্তিক তিনটি প্রতিষ্ঠান (World Bank, IMF, ইউএস ট্রেজারি বিভাগ) একটি সংস্কার প্যাকেজ।

১০. কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হয়?
ক. ১৯৩৪ খ. ১৯৩১
গ. ১৯৩২ ঘ. ১৯৩৩ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : এডলফ হিটলার অস্ট্রীয় বংশোদ্ভূত জার্মান রাজনীতিবিদ। তিনি 'ন্যাশনাল সোশ্যালিস্ট জার্মান ওয়ার্কার্স পার্টি' এর নেতৃত্ব দিয়েছিলেন। তিনি ১৯৩৩-১৯৪৫ সাল পর্যন্ত জার্মান চ্যান্সেলর ছিলেন।

১১. কোন বিদেশী পত্রিকা বঙ্গবন্ধুকে "রাজনীতির কবি" (Poet of Politics) উপাধি দিয়েছিলেন?
ক. দি ইকনমিস্ট খ. টাইম
গ. গার্ডিয়ান ঘ. নিউজ উইরুস **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ব্যক্তিত্বে ও নেতৃত্বে বঙ্গবন্ধু বিশ্ব মিডিয়ার নজর কেড়েছিলেন। ২৫ মার্চ, ১৯৭১ সালে স্বাধীনতার ঘোষণার পর পাকিস্তানি সেনাদের হাতে বন্দী হন শেখ মুজিবুর রহমান। এ

www.bdniyog.com

ঘটনার পর নিউজ উইকস (প্রশ্নে আছে : নিউজ উইরুস) ম্যাগাজিন তাদের প্রচ্ছদে বঙ্গবন্ধুকে 'পোয়েট অব পলিটিকস' আখ্যায়িত করে নিবন্ধ প্রকাশ করে।

১২. জাতিসংঘের 'Champion of the Earth' খেতাবপ্রাপ্ত কে?
ক. থোরেসা মে খ. এঞ্জেলা মার্কেল
গ. শেখ হাসিনা ঘ. হিলারি কিল্টন **উত্তর : গ**

ব্যাখ্যা : ২০১৫ সালে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ পরিবেশ কর্মসূচির সর্বোচ্চ সম্মাননা পুরস্কার 'চ্যাম্পিয়ন অব দ্যা আর্থ' লাভ করেন।

১৩. কোন দেশের সংসদ দ্বিকক্ষ বিশিষ্ট?
ক. মিয়ানমার খ. চীন
গ. সিঙ্গাপুর ঘ. ব্রুনাই **উত্তর : ক**

ব্যাখ্যা : মায়ানমারের আইনসভার নাম পিদাংসু হুততাও (The Assembly of the Union)। দেশটির আইনসভা দ্বি-কক্ষ বিশিষ্ট (Bicameral legislature)। উচ্চ কক্ষের (Upper House) নাম পিথু হুততাও (House of Nationalities) এবং নিম্ন কক্ষের (Lower House) নাম পিথু হুততাও (House of Representatives)। মায়ানমারের আইনসভা ২০০৮ সালের জাতীয় সংবিধান অনুসারে প্রতিষ্ঠিত হয়।

১৪. ন্যাটোর সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?
ক. লিথুয়ানিয়া ক. আলবেনিয়া
গ. ক্রোয়েশিয়া ঘ. মন্টেনেগ্রো **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১৯৪৯ সালের ৪ এপ্রিল NATO প্রতিষ্ঠিত হয়। এটি একটি সম্মিলিত প্রতিরক্ষা গোষ্ঠী। ন্যাটোর প্রথম মহাসচিব লর্ড ইসমে ১৯৪৯ সালে বলেন, 'এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য হল বিভিন্ন দেশকে সোভিয়েত ইউনিয়ন থেকে দূরে রাখা, আমেরিকানদের কাছে আনা এবং জার্মানদের দাবিয়ে রাখা'। ন্যাটো গঠনের কারণেই সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বে গঠিত হয় ওয়ার'শ প্যাক্ট। বর্তমানে ন্যাটোর সদস্য সংখ্যা ২৯টি। ৫ জুন, ২০১৭ সালে সর্বশেষ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয় 'মন্টিনেগ্রো'।

১৫. ১৯৪৫ সালে প্রতিষ্ঠাকালীন সময়ে জাতিসংঘের মোট সদস্য রাষ্ট্র ছিল কতটি?
ক. ৫১ খ. ৪৮
গ. ৪৯ ঘ. ৫০ **উত্তর : ক**

ব্যাখ্যা : ২৬শে জুন, ১৯৪৫ সালে ৫০টি দেশ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। এছাড়াও ১৫ই অক্টোবর, ১৯৪৫ সালে পোল্যান্ড জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। মোট ৫১টি দেশ নিয়ে ২৪শে অক্টোবর, ১৯৪৫ সালে ইয়াল্টা সম্মেলনের মাধ্যমে জাতিসংঘের যাত্রা শুরু হয়। বাংলাদেশ ১৭ই সেপ্টেম্বর, ১৯৭৪ সালে জাতিসংঘের ১৩৬তম সদস্য হয়। বর্তমানের সদস্য ১৯৩টি।

১৬. সর্বপ্রথম কোথায় ওপেক (OPEC) এর সদর দপ্তর স্থাপিত হয়?
ক. ভিয়েনা খ. জেদ্দা
গ. বাগদাদ ঘ. জেনেভা **উত্তর : ঘ**

১৭. বাইজেন্টাইন (Byzantine) সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী?
ক. লিসবন খ. প্যারিস
গ. ভিয়েনা ঘ. কন্সটান্টিনোপল **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বিশেষজ্ঞদের মতে রোমান সম্রাট প্রথম কন্সট্যান্টাইন (রাজত্বকাল: ৩০৬- ৩৩৭) ছিলেন প্রথম বাইজেন্টাইন সম্রাট। সম্রাট কন্সট্যান্টাইনই ৩৩০ খ্রিস্টাব্দে রোম থেকে তার রাজধানী বাইজান্টিয়ামে সরিয়ে আনেন এবং এই শহরকে কন্সটান্টিনোপল নামে পুনর্গঠিত করেন যাকে অনেকেই নতুন রোম নামে অভিহিত করে থাকেন। কন্সটান্টিনোপল বাইজেন্টাইন সাম্রাজ্যের রাজধানী ছিল (৩৩০- ১২০৪ খ্রিস্টাব্দ এবং ১২৬১- ১৪৫৩ খ্রিস্টাব্দ পর্যন্ত)। চতুর্থ ক্রুসেডের মাধ্যমে (১২০৪ সালে) কন্সটান্টিনোপলের পতন হয় এবং ১২৬১ সালে তা পুনরাধিকার হয়। ১৪৫৩ সালে সুলতান দ্বিতীয় মুহাম্মাদের কনস্টান্টিনোপল জয় করার মাধ্যমে উসমানীয়রা বাইজেন্টাইন সাম্রাজ্য উচ্ছেদ করে।

১৮. যুক্তরাষ্ট্র রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়?
ক. ভারত খ. কানাডা
গ. চীন ঘ. ইইউ **উত্তর : (নোট)**

ব্যাখ্যা : প্রশ্নে ভাষাগত অসম্পূর্ণতা থাকায় বিষয়টি পরিষ্কার হয়নি। প্রশ্নে যদি বলা থাকত, যুক্তরাষ্ট্রের রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়? সেক্ষেত্রে উত্তর হতো ইউরোপীয় ইউনিয়ন। দেশ হিসেবে প্রথম কানাডা, দ্বিতীয় চীন।

১৯. জিরো সাম গেম (Zero Sum Game) আন্তর্জাতিক সম্পর্কে কোন তত্ত্বের সাথে সংশ্লিষ্ট?
ক. মার্ক্সবাদ খ. গঠনবাদ
গ. উদারতাবাদ ঘ. বাস্তববাদ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : জিরো সাম বলতে এমন একটি অবস্থা বা পরিস্থিতিকে বোঝানো হয়, যেখানে একজনের লাভে অন্যজনের লোকসান হয়। একই সাথে দুই পক্ষই লাভ করতে পারে না।

জিরো সাম গেম ধারণাটির উৎপত্তি মূলত এপ্লাইড ম্যাথমেটিক্স এর একটি শাখা 'গেম থিওরি' (Game Theory) হতে হলেও বর্তমানে এটি সোস্যাল সায়েন্সের ডিসিপ্লিনগুলোতে ব্যাপকভাবে ব্যবহার করতে দেখা গেছে। যেমন: পলিটিক্যাল সায়েন্সে সব নির্বাচনকেই জিরো সাম গেম ভাবা হয়, কেননা একদল জেতে এবং অপরদলকে অবশ্যই হারতে হয়।

অনেক রাষ্ট্রবিজ্ঞানী পলিটিক্যাল রিসোর্সের ডিস্ট্রিবিউশনকেও জিরো সাম গেম বলে মনে করেন। কেননা এখানে এক গ্রুপ কিছু Resource অর্জন করলে অন্য গ্রুপকে সে Resource হারাতে হয়। যেমনটি আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে ভাবেন বাস্তববাদীরা (Realist)। তাদের মতে পুরো পৃথিবীর সম্পদ জিরো সাম, এক দল পেলে অন্যদলকে তা হারাতে হবে।

২০. ২০১৮ সালের জি-৭ শীর্ষ সম্মেলনের পর যৌথ ঘোষণার স্বাক্ষর প্রদানে কোন দেশ বিরত ছিল?
ক. ফ্রান্স খ. জার্মানি
গ. ইতালি ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর : ঘ**

ব্যাখ্যা : জি-৭ হলে ৭টি (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জাপান, ফ্রান্স, ইতালি, জার্মানি) শিল্পোন্নত দেশের জোট। এটি পূর্বে জি-৮ নামে পরিচিত ছিল। ক্রিমিয়া সংকটে রাশিয়ার সংশ্লিষ্টতার কারণে দেশটিকে বাদ দিয়ে গঠন করা হয় জি-৭। এর কোন সদর দপ্তর নাই। ৮-৯ জুন, ২০১৮ খ্রি. তারিখে কানাডায় জি-৭ এর ৪৪তম সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে কানাডার অসততাকে দায়ী করে জি-৭ সম্মেলন থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করে নিয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

২১. আধুনিক রাষ্ট্রব্যবস্থার উদ্ভবের সময়কাল কোনটি?
ক. প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী সময়কাল
খ. ১৬০০-১৮০০ সাল
গ. প্রাচীন রোম শাসনকাল
ঘ. প্রাচীন গ্রিস সময়কাল **উত্তর : খ**

www.bdniyog.com

অধ্যায় এক : বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি

প্রাচীন সভ্যতা

বিশ্ব সভ্যতার যাত্রা শুরু হয় আনুমানিক খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে। পৃথিবীর প্রাচীনতম সভ্যতাগুলো হলো-

০১. মেসোপটেমিয়া	০২. মিসরীয়	০৩. চৈনিক
০৪. সিন্ধু	০৫. ইজিয়ান	০৬. ফিনিশীয়
০৭. পারস্য	০৮. হিব্রু	০৯. গ্রিক
১০. রোমান	১১. মিনোয়ান	১২. মায়া
১৩. নারা	১৪. ইনকা	

☼ *মেসোপটেমিয়া সভ্যতা*

→ পৃথিবীর প্রাচীনতম সভ্যতা।

→ গড়ে ওঠে টাইগ্রিস (দজলা) ও ইউফ্রেটিস (ফোরাত) নদীর উর্বর তীরাঞ্চলে। (৩৯তম বিসিএস)

→ গ্রিক মেসোপটেমিয়া অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি।

→ মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত ছিল সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, অ্যাসেরীয় সভ্যতা, ক্যালডীয় সভ্যতা।

→ প্রাচীন মেসোপটেমিয়া বর্তমান ইরাকের অন্তর্গত।

⊗ *সুমেরীয় সভ্যতা (The Sumerian Civilization)*

→ মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ।

→ সুমেরীয়দের আদিবাস ছিল এলামের পাহাড়ি অঞ্চলে। তাদের আয়ের মূল উৎস ছিল কৃষি। উন্নত সেচ ব্যবস্থা গড়ে তুলেছিল।

→ সুমেরীয়গণ 'কিউনিফর্ম' (Cuneiform) নামে একটি নতুন লিপির উদ্ভাবন করে। কিউনিফর্ম হলো অক্ষরভিত্তিক বর্ণলিপি। কিউনিফর্ম দেখতে কোন কোনটা ইংরেজি 'V' অক্ষরের মতো মনে হতো।

→ সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার।

⊗ *ব্যালিবলনীয় সভ্যতা (The Babylonian Civilization)*

→ ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি হাম্মুরাবি (Hammurabi)। পৃথিবীর লিখিত আইন প্রণেতা ছিলেন ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি হাম্মুরাবি। এই সভ্যতায় আইন সংক্রান্ত 'হাম্মুরাবি কোড' প্রণীত হয়েছিল।

→ সুমেরীয়দের উদ্ভাবিত 'কিউনিফর্ম' লিপিতে ব্যাবিলনীয়দের দ্বারা লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ' (Gilgamesh)।

→ পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে। এটি ছিল ভ্রমণকারীদের পথ নির্দেশ করার জন্য সহজ ও সরল প্রকারের মানচিত্র।

⊗ *অ্যাসেরীয় সভ্যতা (The Assyrian Civilization)*

→ টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। ইতিহাসে অ্যাসেরীয়রা পরিচিত সামরিক রাষ্ট্র হিসেবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে।

→ অ্যাসেরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে।

→ পৃথিবীকে তারাই সর্বপ্রথম অক্ষাংশ (Latitudes) এবং দ্রাঘিমাংশে (Longitudes) ভাগ করেছিল।

⊗ *ক্যালডীয় সভ্যতা (The Chaledean Civilization)*

→ ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠায় ক্যালডীয় সভ্যতা ইতিহাসে 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা' নামেও পরিচিত।

→ ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাঁদনেজার। 'ব্যাবিলনের শূন্য উদ্যান' (The Hanging Garden of Babylon) নির্মাণের জন্য তিনি অমর হয়ে আছেন। সম্রাজ্ঞী বাগান পছন্দ করতেন। তাঁরই উৎসাহে সম্রাট নগর দেওয়ালের উপর তৈরি করলেন আশ্চর্য সুন্দর এক বাগান। ইতিহাসে যা 'শূন্য উদ্যান' নামে পরিচিত।

→ ক্যালডীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় ভাগ করার পদ্ধতি তারা বের করে। ক্যালডীয়রা ১২টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

→ The Hanging Garden of Babylon (ব্যাবিলনের শূন্য উদ্যান) প্রাচীন সপ্তাশ্চার্যের একটি।

☼ *মিশরীয় সভ্যতা*

→ খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে (মতান্তরে ৫০০০ অব্দে) নীল নদের তীরে মিশরীয় সভ্যতার গোড়াপত্তন ঘটে। মিশরীয় সভ্যতার সবচেয়ে বড় অবদান হলো পিরামিড তৈরি। পৃথিবীতে সবচেয়ে বড় পিরামিড মিশরের রাজা ফারাও বা রাজা খুফুর পিরামিড। এ পিরামিডে রাজা খুফুর সমাধি অবস্থিত।

→ গ্রিক ইতিহাসবিদ হেরোডোটাস মিশরকে- নীলনদের দান বলেছেন। সমগ্র মিশরকে এক করেন রাজা মেনেস। মেনেসের শাসনকালে রাজধানী ছিল মেম্ফিস।

→ মিশরীয়রা ছবি ও সংকেতের সাহায্যে হায়রোগ্লিফিকস (Hieroglyphics) লিপির প্রচলন করেন। গাছের সাদা বাকল থেকে তারা 'প্যাপিরাস' নামক কাগজও তৈরি করেন।

→ মিশরীয়রা পাল তোলা বড় নৌকা, ১২ মাসে বছর, ৩০ দিনে মাস, ৩৬৫ দিনে সাল গণনা, মৃৎপাত্র তৈরির যন্ত্র, ঢাল, তলোয়ার, তীর- ধনুক প্রভৃতির প্রচলন করেন।

☼ *চৈনিক সভ্যতা*

→ খ্রিস্টপূর্ব ৩,০০০ অব্দে চীনের হোয়াংহো ও ইয়াংসিকিয়াং নদীর উর্বর অঞ্চলে চৈনিক সভ্যতা গড়ে ওঠে।

www.bdniyog.com

→ চীনারা ব্রোঞ্জের ব্যবহার জানত। তারা ঘোড়া টানার রথ ব্যবহার করত।

→ চীনের সমাজব্যবস্থা চার ভাগে বিভক্ত ছিল – রাজা, বুদ্ধিজীবী, জনগণ, ক্রীতদাস। চীনারা তাদের রাজাকে 'ঈশ্বরের পুত্র' মনে করত।

→ কনফুসিয়াস ছিলেন চীনের সবচেয়ে প্রভাবশালী দার্শনিক। কনফুসিয়াসের (Confucius) দর্শন ধর্মে পরিণত হয় ২০৬ অব্দে। চীনা জনগোষ্ঠী মূলত মঙ্গোলীয় বংশোদ্ভূত।

☼ *সিন্ধু সভ্যতা*

→ সিন্ধু সভ্যতা (Sindhu Civilization) ছিল ব্রোঞ্জ যুগীয় সভ্যতা (৩৩০০ - ১৩০০ খ্রিস্টপূর্বাব্দ)। পাকিস্তানের সিন্ধু নদের তীরে হরপ্পা ও মহেঞ্জোদারো (Mohenjo Daro) এবং আরো ছোটবড় একশত শহর ও গ্রাম নিয়ে গড়ে উঠে সিন্ধু সভ্যতা। দ্রাবিড়গণ এই সিন্ধু সভ্যতা প্রতিষ্ঠা করেন।

→ সিন্ধু সভ্যতা আবিষ্কার করেন জন মার্শাল, দয়ারাম সাহনী এবং রাখালদাস বন্দ্যোপাধ্যায়। ১৯২২ সালে প্রত্নতত্ত্ববিদরা মাটি খুঁড়ে এ সভ্যতার নিদর্শন দেখতে পান।

→ মাটি খুঁড়ে খোঁজ পাওয়া প্রথম নগরীটির নাম হরপ্পা। নগরীটি গড়ে ওঠে সিন্ধুর উপনদী ইরাবতীর তীরে।

→ খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দে উত্তর-পশ্চিম দিক থেকে আগত আর্যদের আক্রমণে এই সভ্যতা ধ্বংস হয়ে যায়।

☼ *ফিনিশীয় সভ্যতা*

→ খ্রিস্টপূর্ব ১৮০০ অব্দ থেকে লেবানন ও ভূ-মধ্যসাগরের মাঝামাঝি অঞ্চলে এ সভ্যতা গড়ে উঠে।

→ সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় হলো শ্রেষ্ঠ নাবিক ও জাহাজ নির্মাতা হিসেবে। এদের মূল পেশা ছিল বাণিজ্য। ফিনিশীয় নাবিকরা ধ্রুবতারা দেখে রাতে জাহাজ চালাতে পারত।

→ এরা ২২টি ব্যঞ্জনবর্ণের সমন্বয়ে ফিনিশীয় বর্ণমালা (Phonician alphabet) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা এখান থেকেই। এরা কালি, কলম, কাগজের ব্যবহার জানত।

→ আলেকজান্ডারের হাতে ফিনিশীয়দের পতন ঘটে।

→ ২০০৫ সালে ইউনেস্কো ফিনিশীয় ভাষাকে 'International Documentary Herritage' হিসেবে 'Memory of the world Register' এ নিবন্ধিত করে।

☼ *পারস্য সভ্যতা*

→ পারস্য (বর্তমান ইরান) খ্রিস্টপূর্ব ২০০০ থেকে ৬০০ অব্দ পর্যন্ত মরুভূমির উত্তরে বিস্তীর্ণ উর্বর ভূমিতে এ সভ্যতা গড়ে ওঠে।

→ সভ্যতায় পারসীয়দের প্রধান অবদান হলো দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা।

→ পারস্যরা লিপি লিখনে ৩৯টি কিউনিফর্ম ব্যবহার করত।

→ এ সময় জরথ্রুস্ট নামক ধার্মিক ও দার্শনিক নতুন ধর্মীয় জরথ্রুস্টবাদ প্রবর্তন করেন।

→ দারিয়ুস ছিলেন পারস্যের বিখ্যাত সম্রাট।

→ পারস্য সভ্যতার অপর নাম একমেনিড সভ্যতা। পারস্যরা সর্বশক্তিমান প্রভুকে বলত আহুরামাজদী।

☼ *হিব্রু সভ্যতা*

→ প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু মূলত একটি ভাষার নাম। তবে হিব্রু অর্থ 'নিচ বংশের লোক' বা 'যাযাবর'।

→ বর্তমান ইসরাইলের অধিবাসীরা হচ্ছে হিব্রুদের বংশধর। জেরিকো শহরটি ইসরাইলে অবস্থিত। এখানে প্রথম নগর সভ্যতার পত্তন হয়েছিল।

→ হিব্রুদের প্রধান অবদান— ধর্মের ক্ষেত্রে

☼ *গ্রিক সভ্যতা*

→ খ্রিস্টপূর্ব ১২০০ অব্দ হতে গ্রিক সভ্যতার সূত্রপাত। রোমানরা 'হেলাস' দেশকে গ্রিক নামে রূপান্তরিত করে। গ্রিসের লোকেরা অতীতে নিজেদেরকে 'হেলেনীজ' বলত। তাদের সংস্কৃতিকে হেলেনিক আখ্যায়িত করা হয়। আর হেলেনিস্টিক সংস্কৃতির জন্ম হয় মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সভ্যতার সাথে অন্য সংস্কৃতির মিশ্রণে।

→ গ্রিক সভ্যতা মূলত স্পার্টা ও এথেন্সকেন্দ্রিক। নগররাষ্ট্র দুটোর মধ্যে স্পার্টা ছিল সামরিক নগররাষ্ট্র। এথেন্স ও স্পার্টার মধ্যে একটি লোমহর্ষক যুদ্ধ সংগঠিত হয়, নাম পেলোপনেসিয়ার যুদ্ধ (Pelopennsian war)। এ যুদ্ধে পতন ঘটে এথেন্সের।

→ নগররাষ্ট্র 'এথেন্স'-এ সূচিত হয় পৃথিবীর 'প্রাচীনতম গণতন্ত্র'। তাই গ্রিসকে 'গণতন্ত্রের সূতিকাগার' বলা হয়। এথেন্সের গোত্রপ্রধানদের নিয়ে গঠিত সংসদকে বলা হত 'এরিওপেগাস'।

→ দার্শনিক সক্রেটিস ছিলেন এ সভ্যতার শ্রেষ্ঠ দার্শনিক। তিনি যুক্তিবাদী দর্শন প্রবর্তন করেন। সক্রেটিসকে হেমলক বিষ পানে হত্যা করা হয়। 'Republic' গ্রন্থের লেখক প্লেটো ছিলেন সক্রেটিসের শিষ্য। প্লেটোর ছাত্র ছিলেন The Politics, The Ethics, The Logic গ্রন্থের লেখক এরিস্টটল। 'দি প্রিন্স' গ্রন্থের লেখক নিকলো ম্যাকিয়াভেলি আধুনিক 'রাষ্ট্রবিজ্ঞানের জনক'।

→ গ্রিসে প্রাচীন অলিম্পিক শুরু হয় খ্রিস্টপূর্ব ৭৭৬ অব্দে। গ্রিক নাট্যকার ঈস্কিলাস (নাটক: প্রমিথিউস, আগামেমনন), সফোক্লিস (নাটক : রাজা ইদিপাস, ইলেক্ট্রা) এ সময় নাটক রচনা করেন। এ সময় হেরোডোটাস ইতিহাস রচনা করেন। তাকে বলা হয় ইতিহাসের জনক।

→ বিখ্যাত গণিতবিদ 'পিথাগোরাস' এবং চিকিৎসাবিজ্ঞানী 'হিপোক্রিটাস' এ সময়ের গ্রিসের বাসিন্দা।

www.bdniyog.com

→ প্রাচীন গ্রিসের মহাকবি হোমার রচনা করেছেন 'ইলিয়ড' ও 'ওডিসি'।

→ গ্রিকরা দেবদেবীতে বিশ্বাসী ছিল। গ্রিকদের প্রধান দেবতা ছিল জিউস। অন্যান্য দেবতাদের মধ্যে-

সূর্য, চিকিৎসা ও সঙ্গীতের দেবতা		অ্যাপোলো	
ভালবাসা ও সৌন্দর্যের দেবী		অ্যাফ্রোদিতি	
শিকার ও উর্বরতার দেবী		আরটেমিস	
বিবাহের দেবী		হেরা	
যুদ্ধদেবতা	এরিস	কৃষি দেবী	ডিমিটার

☼ *রোমান সভ্যতা*

→ ইতালির রোমকে কেন্দ্র করে খ্রিস্টপূর্ব ২০০০ অব্দে রোমান সভ্যতার সূত্রপাত হয়। এটি নগরকেন্দ্রিক সভ্যতা। ল্যাটিন রাজা রোম নগরীর পত্তন করেন। রাজা রোমুলাসের নামেই রোম নগরীর নামকরণ করা হয়। অগাস্টাস হলেন রোম সাম্রাজ্যের প্রথম সম্রাট। সঙ্গীতপ্রিয় রোমান সম্রাট লিওপোল্ড মৃত্যুর সময়ও সঙ্গীত শুনতে শুনতে প্রাণত্যাগ করেন।

→ জুলিয়াস সিজার ছিলেন রোমের খ্যাতিমান সম্রাট। তিনি খ্রিস্টপূর্ব ৪৬ অব্দে রোমের সম্রাট হন। এসময় মিশরের রানি ক্লিওপেট্রার সাথে সিজারের হৃদ্যতাপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। জুলিয়াস সিজার ব্রিটেন আক্রমণ করেন খ্রিস্টপূর্ব ৫৫ অব্দে। জুলিয়াস সিজার সহজে ব্রিটেন দখল করে একটা কথা বলেছিলেন, 'Veni, Vidi, Vici.' এর অর্থ 'এলাম, দেখলাম ও জয় করলাম'।

→ সিজারকে পাম্পে সূতী পর্বতের পাদদেশে হত্যা করা হয়। সিজারের মৃত্যুর পর মার্ক এন্টনির সাথে ক্লিওপেট্রার প্রণয় হয়। সম্রাট অগাস্টাস সিজারের হাতে এন্টনির পতন হয়। অগাস্টাস সিজারের শাসনামলে যিশু খ্রিস্ট জন্মগ্রহণ করেন।

→ রোমান সাম্রাজ্যে সম্রাট কনস্ট্যান্টাইন খ্রিষ্ট ধর্মের বিস্তার ঘটান।

→ ১২টি ব্রঞ্জের পাতে রোমান আইন সংকলন করেন। সর্বপ্রথম রোমান আইন সংকলন করেন- সম্রাট জাস্টিনিয়ান।

☼ *মিনোয়ান সভ্যতা*

আর্থার ইভান্স ১৮৯৯ সালে ক্রিট সভ্যতার ধ্বংসাবশেষ খোঁড়াখুঁড়ি করে আবিষ্কার করেন মিনোয়ান সভ্যতা। খ্রিস্টপূর্ব ২৫০০ অব্দে প্রতিষ্ঠিত হয় তাদের রাজধানী 'ক্লসস'। এ নগরী খ্রিস্টপূর্ব ১৪০০ অব্দে আগুনে পুড়ে যায়।

☼ *ইজিয়ান সভ্যতা*



খ্রিস্টপূর্ব ২,০০০ অব্দে ইউরোপের ইজিয়ান সাগরের নিকটবর্তী দ্বীপকে কেন্দ্র করে এ সভ্যতার গোড়াপত্তন ঘটে। এ সময়ে লিখন পদ্ধতি আবিষ্কৃত হয় এবং রঙিন দেয়ালচিত্র ও মৃৎশিল্পের সন্ধান পাওয়া যায়।

☼ *মায়া সভ্যতা*

খ্রিস্টপূর্ব ১,০০০ অব্দে মধ্য আমেরিকার মেক্সিকো, গুয়েতেমালা অঞ্চলে এ সভ্যতার সূত্রপাত। (৩৯তম বিসিএস) জ্যোতির্বিদ, গণিত, সৌর ক্যালেন্ডার প্রণয়ন, পাথরের মন্দির নির্মাণ এ সভ্যতার নিদর্শন।

☼ *নারা সভ্যতা*

খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে জাপানে এ সভ্যতা দেখা দেয়। বৌদ্ধদের প্রভাবিত বৌদ্ধ সংস্কৃতির উৎকর্ষ ছিল এ সভ্যতার প্রধান বিষয়। এ সময় বৌদ্ধ সংস্কৃতির উৎকর্ষ সাধিত হয় এবং প্যাগোডা নির্মিত হয়।

☼ *ইনকা সভ্যতা*

→ পেরুর দক্ষিণাঞ্চলে এ সভ্যতার বিকাশ ঘটে। এ সভ্যতার সম্রাটগণ তাদের বসবাসের জন্য মাচুপিচু তৈরি করেন। এটিকে সবচেয়ে আধুনিক সভ্যতা বিবেচনা করা হয়।

→ ইনকা সভ্যতার সর্বশ্রেষ্ঠ আবিষ্কার জলের সাহায্যে সেচ পদ্ধতি।

→ ইনকা সভ্যতার সরকারি নাম- ক্যুয়চুয়া।

☼ *প্রাচীনকালে বিখ্যাত ব্যক্তিবর্গ*

হেরোডোটাস	ঐতিহাসিক হিরোডোটাস ইতিহাসের জনক হিসেবে খ্যাত। তিনি সর্বপ্রথম History শব্দটি ব্যবহার করেন। তার রচিত বই- এর নাম 'ইতিবৃত্ত' (History).
হাম্মুরাবি	ব্যাবিলনের রাজা ছিলেন। তাঁর অধীন লোকদের কঠোর নিয়মানুবর্তিতার মধ্যে রাখার লক্ষ্যে আইন প্রণয়ন করে 'Code of Hummurabi' নামে একটি বিশাল বই রচনা করেন। ২৮২ ধারা বিশিষ্ট এ আইন গ্রন্থটি পৃথিবীর প্রথম আইন গ্রন্থ হিসেবে স্বীকৃত।
ক্লিওপেট্রা	দ্বাদশ টলেমীর কন্যা ছিল ক্লিওপেট্রা। অষ্টাদশী ক্লিওপেট্রা তার ছোট ভাই দশ বছর বয়সী ত্রয়োদশ টলেমীকে বিয়ে করে মিশরের রানী হন। রোমান সম্রাট সিজারের সাথে যুদ্ধে টলেমী মারা গেলে তিনি সিজারের প্রণয়িণীতে পরিণত হন। সিজার নিহত হলে তিনি মিশরে ফিরে গিয়ে সেনাপতি এন্টনিকে বিয়ে করেন। রোমান সম্রাট অক্টোভিয়ানের হাতে এন্টনির পতন ঘটলে ক্লিওপেট্রা সর্পদংশনে (অ্যাস্প নামের এই সাপ হয় মাত্র কয়েক ইঞ্চি লম্বা, তবে মারাত্মক বিষধর। ডুমুরের ঝুড়িতে করে বিশেষ ব্যবস্থায় আনা হয়েছিল দু'টি সাপ) আত্মহত্যা করেন। তিনি 'সার্পেন্ট অব নাইল' নামে পরিচিত।
ডেভিড	ইসরাইলের প্রাচীন রাজা। ফিলিস্তিনী বীর গোলিয়াথকে পরাজিত করে তিনি খ্রিস্টপূর্ব ১,০০০ অব্দে জেরুজালেমে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠা করে। তিনি ইসলাম ধর্ম অনুযায়ী নবী হযরত দাউদ (আঃ)।
নেবুচাঁদনেজার	খ্রিস্টপূর্ব ৬৩০- ৫৬২ সময়ে তিনি ছিলেন ব্যাবিলনের সম্রাট। এসময়ে তিনি তাঁর স্ত্রীর মনোরঞ্জনের জন্য 'ব্যাবিলনের শূন্য উদ্যান' তৈরি করেন।

☼ *অন্যান্য তথ্য*

→ খ্রিস্টপূর্ব ১২০০ অব্দে এশিয়া মাইনরে লৌহ যুগের অবসান হয়।

→ লৌহ ব্যবহার প্রথম শুরু করে- হিট্রাইট সভ্যতার লোকেরা। হিট্রাইটদের ধর্মে প্রভাব ছিল হুরিয়ানদের।

→ গ্রিক কবি হোমারের মহাকাব্য থেকে ইজিয়ান সভ্যতার তথ্য পাওয়া যায়।

www.bdniyog.com

→ মিশরের আলেকজান্দ্রিয়ায় হেলেনিস্টিক সভ্যতা গড়ে উঠেছিল। হেলেনিস্টি সভ্যতা গড়ে তোলেন ম্যাসিডোনিয়ার অধিপতি আলেকজান্ডার দ্যা গ্রেট।

→ **জাভা মানব** : ১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভায় প্রাগৈতিহাসিক মানুষের খুলি আবিষ্কৃত হয়। এই আদি মানবের নাম দেওয়া হয় 'জাভা মানব'।

→ **পিকিং মানব** : বর্তমান বেইজিং বা পিকিং-এর নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি যাকে 'পিকিং মানব' বলা হয়।

→ **হেইডেলবার্গ মানব : জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপক আদি মানবের নিচের চোয়াল আবিষ্কার করেন**। এই আদি মানবের নাম দেওয়া হয় 'হেইডেলবার্গ মানব'।

→ **লুসি মানব : ১৯৭৪ সালে ইথিওপিয়ায় আবিষ্কৃত মিলিয়ন বছরের পুরনো একটি কঙ্কাল।**

বিশ্বের প্রধান ধর্ম

☼ *ইসলাম*

→ ইসলাম ধর্ম অনুসারে, হযরত আদম (আ) হলেন প্রথম মানব ও আল্লাহর নবী এবং হযরত মুহাম্মদ (স) হলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল।

→ মুসলিম জাতির পিতা হযরত ইব্রাহীম (আ)। তার মাজার হেবরনে অবস্থিত।

→ মহানবী হযরত মুহাম্মদ (স) ৫৭০ খ্রিস্টাব্দের ১২ রবিউল আউয়াল রোজ সোমবার জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আব্দুল্লাহ এবং মাতার নাম আমিনা। ২৫ বছর বয়সে তিনি হযরত খাদিজা (রা) কে বিয়ে করেন। চল্লিশ বছর বয়সে ২৭ শে রমজানের রাতে ৬১০ খ্রিস্টাব্দে তিনি নবুওয়্যাত প্রাপ্ত হন। দীর্ঘ ২৩ বছরে তাঁর উপর পবিত্র কুরআন নাজিল হওয়া সমাপ্ত হয়। ৬৩২ খ্রিস্টাব্দের ১২ রবিউল আউয়াল মৃত্যুবরণ করেন।

→ ইসলামের প্রথম খলিফা হযরত আবু বকর (রা)। ইসলামের মোট খলিফা ৪ (চার) জন। তাঁরা হলেন- হযরত আবুবকর (রা.), হযরত ওমর (রা.), হযরত ওসমান (রা.) এবং হযরত আলী (রা.)।

→ ধর্মগ্রন্থ- কুরআন, প্রার্থনাকেন্দ্র- মসজিদ এবং পবিত্র স্থান- মদিনা, মক্কা, জেরুজালেম।

☼ *হিন্দু*

→ বিশ্বের প্রাচীনতম ধর্ম হিন্দু ধর্ম। এটিকে সনাতন ধর্ম বলা হয়।

→ হিন্দুদের প্রধান ধর্মীয় গ্রন্থ সংস্কৃত ভাষায় রচিত 'বেদ'। বেদের চারটি খণ্ড রয়েছে- ঋকবেদ, যজুর্বেদ, সামবেদ ও অথর্ববেদ। প্রত্যেক বেদের দুইটি অংশ রয়েছে – সংহিতা ও ব্রাহ্মণ।

→ বর্ণপ্রথা অনুসারে হিন্দুধর্মে চারটি প্রধান বর্ণ রয়েছে- ব্রাহ্মণ (ধর্মগুরু ও পৌরহিত্য সাধন, ক্ষত্রিয় (দেশরক্ষা), বৈশ্য (ব্যবসা – বাণিজ্য), শুদ্র (কায়িক শ্রম তথা সেবা প্রদান)। হিন্দু ধর্মের প্রধান তিন দেবতা হচ্ছে- ব্রহ্মা, বিষ্ণু ও শিব।

→ প্রবর্তক- আর্য ঋষিগণ, প্রার্থনা কেন্দ্র- মন্দির এবং পবিত্র স্থান- গয়া-কাশী।

☼ *খ্রিস্টান ধর্ম*

→ ইতিহাসখ্যাত বেথেলহাম প্যালেস্টাইনে অবস্থিত। এখানে যিশুখ্রিস্ট এক গোশালায় জন্মগ্রহণ করেন। যিশুর মাতার নাম মেরি। মেরি ও যোসেফের গ্রামের বাড়ি নাজেরাথ। প্যালেস্টাইন ছিল ইহুদী অধ্যুষিত এবং যিশুর ধর্মমত প্রচারের কারণে ক্ষুব্ধ ইহুদিরা তাঁর বিরুদ্ধে ধর্মদ্রোহিতা ও রাজদ্রোহিতার অভিযোগ আনে। রোমান সম্রাট অগাস্টাস সিজারের গভর্নর পন্টাস পাইলটের অন্যায় আদেশে যিশুকে ক্রুশে পেরেক এঁটে মৃত্যুদণ্ড প্রদান করা হয়। ইসলাম ধর্মে যিশুখ্রিস্টকে হযরত ইসা (আ.) মনে করা হয়।

→ খ্রিস্টানদের ধর্মগ্রন্থ 'নিউ টেস্টামেন্ট' বা 'বাইবেল'। এটি প্রথমে হিব্রু ভাষায় লেখা হয়। নিউ টেস্টামেন্টের ২৭টি পুস্তকের মধ্যে চারটি পুস্তক 'গোস্পেল' বা 'সুসমাচার' নামে পরিচিত। এগুলো লিখেছিলেন মথি, মার্ক, লুক ও যোহন। লেখার সময়কাল ৬০ - ১১০ খ্রিস্টাব্দ।

→ জেরুজালেম খ্রিস্টানদের পবিত্র নগরী এবং জর্ডান নদী পবিত্র নদী।

→ খ্রিস্টানদের ধর্মীয় উপাসনালয়- গির্জা।

☼ *শিখ ধর্ম*

→ 'শিখ' শব্দটির উৎপত্তি পাঞ্জাবী ভাষার 'শিখনা' শব্দ থেকে। গুরু নানকের অনুসারীদের শিখ বলা হয়ে থাকে। গুরু নানক পাকিস্তানের লাহোরে জন্মগ্রহণ করেন।

→ গুরুগ্রন্থ 'সাহিব' হলো শিখ ধর্মের প্রধান ধর্মগ্রন্থ।

→ শিখ উপাসনাগার বিখ্যাত স্বর্ণমন্দির অমৃতসর শহরে অবস্থিত। এটি গোল্ডেন টেম্পল নামে পরিচিত।

→ ১৫৭১ সালে গুরু অমর দাসের সাথে সম্রাট আকবর সাক্ষাৎ করে শিখ ধর্মপ্রসারে ভূমিকা রাখেন।

→ শিখদের প্রার্থনাকেন্দ্র - গুরুদুয়ারা।

☼ *ইহুদি ধর্ম*

→ একেশ্বরবাদী ধর্মসমূহের মধ্যে ইহুদি ধর্ম প্রথম ও প্রাচীনতম।

→ তাওরাত অনুসারে ইহুদি জাতির পিতা ইব্রাহীম (আ)। তাঁর পুত্র ইসহাক এবং ইসহাকের পুত্র ইয়াকুব (আ)- এর আরেক নাম ইসরাইল। ইয়াকুবের ১২ টি সন্তানের মধ্যে ১টি সন্তান [ইউসুফ (আ)] মিশরের রাজা হন। সেই থেকে ইসরাইলীগণ মিশরে বসবাস করতে থাকে।

→ ইহুদী ধর্মের প্রবর্তক হলেন হযরত মুসা (আ)।

→ বাইবেলের ওল্ড টেস্টামেন্ট অংশই ইহুদিদের ধর্মগ্রন্থ। ইহুদিরা শনিবার পূর্ণ বিশ্রামে থেকে প্রভুর উপাসনা ও আরাধনা করে। ইহুদিদের পবিত্র উপাসনাগার বায়তুল মুকাদ্দাস মসজিদ জেরুজালেমে অবস্থিত। ইহুদিরা এরা নাম দিয়েছে টেম্পল মাউন্ট। প্রার্থনাকেন্দ্র- সিনাগগ।

→ রাজা নেবুচাঁদনেজার এটি প্রথমবার ধ্বংস করেছিলেন। জেরুজালেম মুসলমান, খ্রিস্টান ও ইহুদি কর্তৃক সমাদৃত এবং তিন ধর্মের মিলনকেন্দ্র।

www.bdniyog.com

☼ *গৌতম বুদ্ধ*

→ প্রবর্তক গৌতম বুদ্ধ।

→ বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ নেপালের কপিলাবস্তুতে জন্মগ্রহণ করেন। তার পিতা রাজা শুদ্ধোধন এবং মাতা রানী মহামায়া। কপিলাবস্তু থেকে ১২ ক্রোশ দূরে পিত্রালয়ে গমনপথে 'লুম্বিনি' অরণ্যোদ্যানে বুদ্ধকে প্রসব করেন তাঁর মাতা। শাক্যবংশে জন্মগ্রহণকারী গৌতমের বাল্যনাম ছিল সিদ্ধার্থ। ২৯ বছর বয়সে তিনি গৃহ ত্যাগ করে 'বুদ্ধগয়া' নামক স্থানে নিরঞ্জনা নদীর তীরে এক অশ্বত্থতলায় ধ্যান-নিমগ্নতার মধ্যে 'সম্বোধি' জ্ঞান লাভ করেন। অশ্বত্থ গাছটির নামকরণ করা হয় 'বোধিবৃক্ষ'। ৪৮৩ খ্রিস্টপূর্বাব্দে বুদ্ধ গঙ্গার উত্তরপাড়ের কুশীনগরের এক শালবনে উত্তরীয় এক বৈশাখী পূর্ণিমা তিথিতে ৮০ বছর বয়সে প্রাণত্যাগ করেন।

→ বৌদ্ধ ধর্মের মূল কথা 'অহিংসা পরম ধর্ম'। বুদ্ধ সাধনার মাধ্যমে চারটি সত্যের সন্ধান পান – দুঃখ, দুঃখের কারণ, দুঃখ নিরোধ, দুঃখ নিরোধের উপায়। তিনি মানুষকে পঞ্চশীল পালনের উপদেশ দিয়েছেন।

→ বৌদ্ধ দর্শনের মূল লক্ষ্য হলো নির্বাণ লাভ করা।

→ বৌদ্ধদের পবিত্র ধর্মগ্রন্থ হলো পালি ভাষায় রচিত 'ত্রিপিটক'।

→ প্যাগোডা হলো বৌদ্ধদের উপাসনালয়।

→ বুদ্ধগয়া, সারনাথ তাদের পূণ্যস্থান।

☼ *জৈন ধর্ম*

→ জীবহত্যার বিরোধিতায় হিন্দুদের মধ্য থেকে জৈন ধর্মের উৎপত্তি। জৈন শব্দ দ্বারা হিংসা, ক্রোধ, লোভ, লালসা ও জাগতিক আকর্ষণ থেকে মুক্তি পেয়ে কঠোর কৃচ্ছতাধারী হওয়ার পথানুসন্ধানকেই বোঝায়।

→ এটি ভারতের বিহারে উৎপত্তি লাভ করে।

→ জৈন ধর্মে তীর্থঙ্কর হলেন ধর্মগুরু। জৈন ধর্ম দুটি ধারায় বিভক্ত – শ্বেতাম্বর ও দিগম্বর।

→ জৈনদের সুনির্দিষ্ট ধর্মগ্রন্থ নেই। ৪৫ টি প্রামাণিক ধর্মবিধি রচনাকে তারা অনুসরণ করে।

এশিয়া মহাদেশ

বিগত বছরের প্রশ্ন

০১. ভারতের সেভেন সিস্টার্সের অন্তর্ভুক্ত রাজ্যসমূহের নাম- মিজোরাম, অরুণাচল, মেঘালয়, ত্রিপুরা, মনিপুর, নাগাল্যান্ড, আসাম। ভারতের উত্তর- পূর্বাঞ্চলের স্বাধীনতা প্রত্যাশী ৭ টি রাজ্য। (২৬তম বিসিএস)

০২. ফিলিস্তিনের মাতৃভূমিতে ইসরাঈল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়- ১৯৪৮ সালে। (২৬তম বিসিএস)

০৩. পশ্চিম তিমুরের বর্তমান মর্যাদা- ইন্দোনেশিয়ার অঙ্গরাজ্য। (২৬তম বিসিএস)

০৪. মধ্য-প্রাচ্য কখন তেল অস্ত্র হিসেবে ব্যবহার করেছিল- ১৯৭৩ সালে। (২৫তম বিসিএস)

০৫. নেপালের বর্তমান প্রধানমন্ত্রীর নাম- খাদগা প্রসাদ শর্মা ওলি (সংক্ষেপে : কে পি শর্মা)। (২৫তম বিসিএস-এর আলোকে)

০৬. ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা- ৫৪৩ জন। (২৬তম বিসিএস)

০৭. ১৯৯৭ সালে কোন দেশ 'এক দেশ দুই নীতি' চালু করে- চীন। ২০৪৭ সালে এর মেয়াদ শেষ হবে। ২০১৬ সালের ১ লা জানুয়ারি থেকে 'এক সন্তান নীতি' বাতিল করা হয়। (১২তম বিসিএস)

০৮. চীনে 'দ্বৈত অর্থনীতির' ধারণা মূলতঃ কোন বাস্তবতার নিরিখে গৃহীত- হংকং এর অর্থনীতিকে সচল রাখা। (২০তম বিসিএস)

০৯. রাজিব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম- নলিনী। (১৪তম বিসিএস)

১০. 'No Fly Zone' কোথায়?- ইরাক। (২৩তম বিসিএস)

১১. ইসরাইল কত সালে পূর্ব জেরুজালেম দখল করে- ১৯৬৭ সালে। (২৩তম বিসিএস)

১২. ইরাকের সাবেক প্রেসিডেন্ট জালাল তালিবানি কোন সম্প্রদায়ের- কুর্দি। (২৭তম বিসিএস)

১৩. হোয়াংহো নদীর উৎপত্তিস্থল- কুনলুন পর্বত। (২৮তম বিসিএস)

১৪. ভারতের বর্তমান প্রধানমন্ত্রীর নাম- নরেন্দ্র দামোদর মোদী। প্রেসিডেন্ট : রামনাথ কোবিন্দ। (২৯তম বিসিএস-এর আলোকে)

১৫. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম স্বীকৃতি দেয়- আলজেরিয়া। (৩১তম বিসিএস)

১৬. এশিয়ায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি- আসিয়ান জোটকে সমর্থন। (১৪তম বিসিএস)

১৭. 'গ্লাসনস্ত' অর্থ- খোলামেলা আলোচনা। (১৪তম বিসিএস)

১৮. 'পেরেস্ত্রইকা' অর্থ- পরিবর্তন বা পরিবর্ধন।

১৯. আফগানিস্তানের শেষ বাদশাহের নাম- জহির শাহ। (৩১তম বিসিএস)

২০. 'তাস' কোন দেশের সংবাদ সংস্থা- রাশিয়া। (৩২তম বিসিএস)

২১. জনসংখ্যার ভিত্তিতে বৃহত্তম মুসলিম রাষ্ট্রের নাম- ইন্দোনেশিয়া। (৩২তম বিসিএস)

২২. পৃথিবীর গভীরতম হ্রদের নাম- বৈকাল হ্রদ। (৩৩তম বিসিএস)

২৩. 'আরব বসন্ত' বলতে বোঝায়- আরব দেশগুলোর গণজাগরণ। (৩৪তম বিসিএস)

২৪. বর্তমান বিশ্বে নিউ সিল্ক রোডের প্রবক্তা- চীন। (৩৫তম বিসিএস)

২৫. জলবায়ু পরিবর্তনের হুমকির ব্যাপকতা তুলে ধরার জন্য সমুদ্রের গভীরে মন্ত্রিসভার বৈঠক করেছে- মালদ্বীপ। (৩৫তম বিসিএস)

২৬. বর্তমান বিশ্বে কোন দেশের সংবিধানকে শান্তি সংবিধান বলা হয়- জাপান। (৩৫তম বিসিএস)

২৭. ভারতের প্রধানমন্ত্রী মোদির শপথ গ্রহণ অনুষ্ঠানে সার্ক অঞ্চলের বাইরে আমন্ত্রিত দেশের সংখ্যা- ১টি। মরিশাস। (৩৫তম বিসিএস) [বি.দ্র. নরেন্দ্র মোদি প্রথমবার যখন ভারতের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়, সেসময় প্রশ্নটি করা হয়েছিল।]

২৮. 'আলেপ্পো' শহরটি- সিরিয়ায়। (৩৬তম বিসিএস)

২৯. মিশর সুয়েজ খাল জাতীয়করণ করে- ১৯৫৬ সালে। (১২তম বিসিএস)

৩০. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন 'বেলফোর' ঘোষণা এর মূল প্রতিপাদ্য ছিল- ইহুদী জাতির জন্য একটি জাতিরাষ্ট্র গঠন। (৩৫তম বিসিএস)

৩১. নেপালের সর্বশেষ রাজা- জ্ঞানেন্দ্র। (৩৫তম বিসিএস)

৩২. 'Laos' এর সরকারী নাম- Laos People's Democratic Republic. (৩৬তম বিসিএস)

৩৩. সুয়েজ খাল চালু হয়- ১৮৬৯ সালে। (৩৬তম বিসিএস)

৩৪. 'মংডু' কোন দুটি দেশের সীমান্তে অবস্থিত- বাংলাদেশ – মায়ানমার।(৩৬তম বিসিএস)

www.bdniyog.com

৩৫. 'কালাপানি' কোন দুটি রাষ্ট্রের অমীমাংসিত ভূ-খন্ড?- ভারত – নেপাল। (৩৭তম বিসিএস)

৩৬. ইরানের সঙ্গে পারমাণবিক চুক্তি যা 'Joint Comprehensive Plan of Action' নামে পরিচিত তা সই হয়- ১৪ জুলাই, ২০১৫ সালে। (৩৭তম বিসিএস)

৩৭. সংবিধান অনুযায়ী মিয়ানমারের সংসদে কত শতাংশ আসন অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে?- ২৫ শতাংশ। (৩৭তম বিসিএস)

৩৮. সম্প্রতি ভারত গুগলকে নিচের কোন প্রোগ্রামের জন্য ছবি তোলা থেকে বিরত রাখে?- Google Street View. (৩৭তম বিসিএস)

৩৯. 'Law of the sea Convention' অনুযায়ী উপকূল থেকে কত দূরত্ব পর্যন্ত 'Exclusive Economic Zone' হিসেবে গণ্য?- ২০০ নটিক্যাল মাইল। (৩৭তম বিসিএস)

৪০. সলোমন দ্বীপপুঞ্জ- প্রশান্ত মহাসাগরে। (৩৭তম বিসিএস)

৪১. সার্কের সদর দপ্তর- কাঠমান্ডু। (৩৮তম বিসিএস)

৪২. Belt & Road Initiative (BRI) প্রস্তাব করেছেন- চীন। (৩৮তম বিসিএস)

৪৩. ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল- ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস। (৩৮তম বিসিএস)

৪৪. মিয়ানমারে রোহিঙ্গারা নাগরিকত্ব হারায়- ১৯৮২ সালে। (৩৮তম বিসিএস)

অবস্থান ও সংখ্যা	দেশ
দক্ষিণ এশিয়া (৮টি)	মালদ্বীপ, বাংলাদেশ, আফগানিস্তান, ভারত, শ্রীলঙ্কা, ভুটান, নেপাল, পাকিস্তান।
দক্ষিণ-পূর্ব এশিয়া (১১টি)	মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, লাওস, মায়ানমার, ব্রুনাই, কম্বোডিয়া, সিঙ্গাপুর।
দূরপ্রাচ্য বা পূর্ব এশিয়া (৬টি)	চীন, জাপান, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, মঙ্গোলিয়া, তাইওয়ান।
নিকটপ্রাচ্য (৫টি)	**ফিলিস্তিন, লেবানন, তুরস্ক, সিরিয়া, ইসরাইল।**
মধ্যপ্রাচ্য **(১০+৪=১৪টি)**	কাতার, কুয়েত, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, ইরাক, ইরান, ইয়েমেন, জর্ডান + **ফিলিস্তিন, লেবানন, সিরিয়া, ইসরাইল।**
মধ্য এশিয়া (৬টি)	কাজাখস্তান, কিরগিজস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, তুর্কমেনিস্তান, আজারবাইজান।
মোট- ৪৬টি। যেসকল দেশ এক চীন নীতি সমর্থন করে, তাঁরা তাইওয়ানকে স্বাধীন দেশের মতো সম্পর্ক স্থাপন করেন না। বিশ্বের অসংখ্য দেশ ফিলিস্তিনের স্বাধীনতা মেনে নিলেও এখনও তারা নিজ দেশে পরাধীন।	

☼ *দক্ষিণ এশিয়া*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
মালদ্বীপ	মালে	রুপিয়া	দিবেহি
বাংলাদেশ	ঢাকা	টাকা	বাংলা
আফগানিস্তান	কাবুল	আফগানি	পশতু
ভারত	নয়াদিল্লি	রুপি	হিন্দি, বাংলা
শ্রীলঙ্কা	কলম্বো (বাণিজ্যিক)	রুপি	সিংহলি
ভুটান	থিম্পু	গুলট্রাম	দোজংখা
নেপাল	কাঠমান্ডু	রুপি	নেপালিজ
পাকিস্তান	ইসলামাবাদ	রুপি	উর্দু
মনে রাখার কৌশল = MBA IS for BNP.			

→ দক্ষিণ এশিয়ার সবগুলো দেশ উপনিবেশ ছিল যুক্তরাজ্যের। বাংলাদেশ ১৯৭১ সালে পাকিস্তানের থেকে স্বাধীনতা লাভ করে।

→ **গোল্ডেন ওয়েজ** : দক্ষিণ এশিয়ার তিনটি দেশের (ভারত, নেপাল, বাংলাদেশ) সীমান্তে অবস্থিত আফিম উৎপাদনকারী অঞ্চল।

ভারত

গ্রিক শব্দ 'ইন্ডিগো' থেকে ইন্ডিয়া নামের উৎপত্তি বলে ধারণা করা হয়। 'ইন্ডিগো' অর্থ নীল। এ অঞ্চলে নীল পাওয়া যেত বলে এরূপ নামকরণ করা হয়েছে। আবার কারো মতে, ইন্ডাস নাম হতে ইন্ডিয়া নামের উৎপত্তি হয়েছে। দক্ষিণ এশিয়া তথা বিশ্বের অন্যতম পরাশক্তি হলো ভারত। দেশটি স্বাধীনতা লাভ করে ব্রিটিশদের নিকট থেকে ১৫ আগস্ট, ১৯৪৭ সালে। ২৬ জানুয়ারি, ১৯৫০ সালে ভারত প্রজাতন্ত্র ঘোষিত হয়। ভারত ২৯ টি রাজ্য এবং ৭ টি কেন্দ্র শাসিত অঞ্চল নিয়ে গঠিত। সর্বশেষ রাজ্য তেলেঙ্গানা যা ভারতের অন্ধ্র প্রদেশ থেকে পৃথক হয়। তেলেঙ্গানার রাজধানী হলো হায়দারাবাদ (Hyderabad)।

→ ভারতের প্রথম-

প্রেসিডেন্ট	ড. রাজেন্দ্র প্রসাদ	ভারতের প্রথম প্রেসিডেন্ট
মুসলিম প্রেসিডেন্ট	ড. জাকির হোসেন	
বাঙালি প্রেসিডেন্ট	প্রণব মুখার্জি	
নারী প্রেসিডেন্ট	প্রতিভা দেবীসিং পাতিল	
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের প্রেসিডেন্ট	ভারাহগিরি ভেঙ্কট গিরি	
প্রধানমন্ত্রী	পণ্ডিত জওহরলাল নেহেরু	
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের প্রধানমন্ত্রী	শ্রীমতি ইন্দিরা গান্ধী	
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প.বঙ্গের মুখ্যমন্ত্রী	অজয় কুমার মুখোপাধ্যায়	

→ **আইনসভা** : ভারতের আইনসভার নাম পার্লামেন্ট যা দ্বিকক্ষ (Bi-Cameral Legislature) বিশিষ্ট। যার উচ্চ কক্ষের (Upper House) নাম রাজ্যসভা (Council of States) এবং নিম্ন কক্ষের (Lower House) নাম লোকসভা (House of the People)। রাজ্য সভায় প্রতিনিধি ২৪৫ জন যার মধ্যে নির্বাচিত প্রতিনিধি ২৩৩ জন এবং লোকসভার প্রতিনিধি ৫৪৫ জন যার মধ্যে নির্বাচিত প্রতিনিধি ৫৪৩ জন। দেশটিতে শুরু থেকেই গণতন্ত্র বিদ্যমান রয়েছে।

→ বিশ্বের সবচেয়ে বড় সংবিধান ভারতের। ভারতের সংবিধানের রূপকার- ড. বি আর আম্বেদকার। নতুন সংবিধানের আলোকে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৫১-৫২ সালে।

→ ভারতের সংবিধান কার্যকর হয় ১৯৫০ সালের ২৬ জানুয়ারি। সাংবিধানিকভাবে ভারত প্রজাতন্ত্র ঘোষিত হয় এদিনই অর্থাৎ ভারতের প্রজাতন্ত্র দিবস ২৬ জানুয়ারি।

→ দেশটির পররাষ্ট্র মন্ত্রীর পদের নাম Minister for External Affairs বা বিদেশ মন্ত্রী। ক্ষমতাসীন দলের নাম ভারতীয় জনতা পার্টি (BJP) এবং ক্ষমতাসীন জোটের নাম

www.bdniyog.com

National Democratic Alliance বা জাতীয় গণতান্ত্রিক জোট (NDA).

→ ভারত পারমাণবিক বোমার প্রথম বিস্ফোরণ ঘটায় ১৯৭৪ সালে রাজস্থানের পোখরানে। দেশটির পারমাণবিক বোমার জনক আবুল পাকির জয়নুল (এপিজে) আবদুল কালাম। তার উপাধি 'Missile Man'. তার আত্মজীবনীমূলক গ্রন্থ হলো 'Wings of Fire'. তিনি মারা যান ২৭ জুলাই, ২০১৫ সালে। অমর্ত্য সেন ভারতের অর্থনীতিবিদ। তিনি অর্থনীতিতে নোবেল পান ১৯৯৮ সালে (অর্থনীতিতে নোবেল পুরস্কার দেওয়া হয় ১৯৬৯ সাল থেকে)

→ ভারতের বর্তমান-

প্রধানমন্ত্রী	নরেন্দ্র দামোদর দাস মোদী (১৫তম)
নরেন্দ্র মোদী ছিলেন গুজরাটের মুখ্যমন্ত্রী	
রাষ্ট্রপতি	রামনাথ কোবিন্দ (১৪তম)
স্পিকার	সুমিত্রা মহাজন
পররাষ্ট্রমন্ত্রী	সুব্রামনিয়াম জয়শঙ্কর

→ কাশ্মীর

- কাশ্মীরের সর্বশেষ রাজা ছিলেন- হরি সিং
- কাশ্মীরকে বলা হয় ভূ-স্বর্গ
- কশ্মীর নিয়ে ভারত-পাকিস্তান যুদ্ধ সংঘটিত হয় ১৯৬৫ সালে। লাদাখের মালিকানা নিয়ে ভারত-চীন যুদ্ধ সংগঠিত হয় ১৯৬২ সালে
- পাকিস্তান শাসিত কাশ্মীরের নাম আযাদ কাশ্মীর (৩৭%)।
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীর (জম্মু-কাশ্মীর উপত্যকা, লাদাখ, সিয়াচেন ও হিমবাহ) কাশ্মীরের ভূমির ৪৩%
- চীন নিয়ন্ত্রিত (আকসাই চীন, ট্রান্স কারাকোরাম ট্রাক্ট) কাশ্মীরের ২০%
- ১৯৪৭ সালে কাশ্মীর ছিল মুসলিম সংখ্যাগরিষ্ঠ করদ রাজ্য
- কাশ্মীরের 'বিশেষ সুবিধা' সংক্রান্ত ভারতীয় সংবিধানের ৩৭০ ও ৩৫এ অনুচ্ছেদটি বাতিল করা হয়েছে ৫ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দে।
- কাশ্মীর ভেঙ্গে দুটি আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল (কাশ্মীর ও লাদাখ) গঠন করা হয়।
- কাশ্মীরি গ্লোবালের তথ্যমতে, ১৯৮৯ সাল থেকে কাশ্মীরে ৯৫ হাজার ২৩৮ জন কাশ্মীরিকে হত্যা করা হয়েছে।

→ সেভেন সিস্টার্স : ভৌগোলিকভাবে ভারতের উত্তর-পূর্বের স্বাধীনতকামী ০৭ (সাত) রাজ্যকে সেভেন সিস্টার্স (Seven Sisters) বলা হয়। মনে রাখুন- আমি অমেত্রি মন।

রাজ্যের নাম	রাজধানীর নাম	রাজ্যের নাম	রাজধানীর নাম
আসাম	দিসপুর	ত্রিপুরা	আগরতলা
মিজোরাম	আইজল	মনিপুর	ইম্ফল
অরুণাচল	ইটানগর	নাগাল্যান্ড	কোহিমা
মেঘালয়	শিলং		

→ ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল- আন্দমান ও নিকোবর দ্বীপপুঞ্জ, নয়াদিল্লি, পন্ডিচেরি, চণ্ডীগড়, দাদরা ও নাগার হাভেলি, লাক্ষাদ্বীপ, দামান ও দিউ।

→ ভারতের কেন্দ্রশাসিত অঞ্চলে বিধানসভা রয়েছে- পন্ডিচেরি, দিল্লি। ভারতের কেন্দ্রশাসিত অঞ্চলে বিধানসভা নেই- আন্দমান ও নিকোবর দ্বীপপুঞ্জ, চণ্ডীগড়, দাদরা ও নাগার হাভেলি, লাক্ষাদ্বীপ, দামান ও দিউ।

→ ১৯৫৬ সালে আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের অন্তর্ভুক্ত হয়।

→ সিকিম ভারতের অন্তর্ভুক্ত হয়- ১৯৭৫ সালে।

→ মেঘালয়, মিজোরাম, অরুণাচল আসাম থেকে বেরিয়ে গিয়ে আলাদা রাজ্য হয়- ১৯৭২ সালে।

→ উত্তরাখণ্ড, ছত্তিশগড়, ঝাড়খণ্ড রাজ্যের জন্ম হয়- ২০০০ সালে।

→ অন্ধ্র প্রদেশ ভেঙ্গে তেলেঙ্গানা রাজ্যের সৃষ্টি হয়- ২০১৪ সালে।

→ বোফর্স কেলেঙ্কারির সাথে জড়িত রাজিব গান্ধী। ১৯৯১ সালে আত্মঘাতী বোমা হামলায় নিহত হন। আত্মঘাতী বোমা বহনকারী মহিলার নাম- থানু। হত্যার দায়ে কারাদণ্ডে দণ্ডিত আসামীর নাম 'নলিনী'।

→ ভারতের জাতির জনক মহাত্মা গান্ধী।

→ ট্রান্স সাইবেরিয়ান রেলপথ : ট্রান্স সাইবেরিয়ান রেলপথ একটি রেলওয়ে নেটওয়ার্ক যা মস্কোকে রাশিয়ার পূর্বাঞ্চল গ্রেট সাইবেরিয়ার সাথে যুক্ত করেছে। মঙ্গোলিয়া, চীন এবং উত্তর কোরিয়ায় এই রেলপথের সংযোগকারী শাখা আছে। ব্রডগেজ এই রেলপথটির দৈর্ঘ্য ৯২৮৯ কিলোমিটার। এশিয়ার সবচেয়ে বৃহৎ অংশ সাইবেরিয়ার পূর্ব-পশ্চিমে এটা প্রলম্বিত। ১৯১৬ সাল থেকে এটি মস্কোকে ভ্লাদিভস্টোকের সাথে যুক্ত করেছে।

→ CELD (Central External Liaison Department), MSS (Ministry of State Security), তিউ চীনের গোয়েন্দা সংস্থা।

→ গ্রান্ড খাল : চীনে অবস্থিত। হোয়াংহো নদীর পানি নিষ্কাশনের জন্য তৈরি করা হয়। খালটির দৈর্ঘ্য ১১১৫ মাইল বা ১৭৯৪ কিলোমিটার। (সূত্র: উইকিপিডিয়া)

জাপান

→ জাপানের সম্রাটের পদবী- মিকার্ডো। জাপানের বর্তমান সরকার পদ্ধতি সাংবিধানিক রাজতন্ত্র। বর্তমান সম্রাটের নাম- নারুহিতো (১২৬তম)। জাপানের নতুন যুগের রাজকীয় নাম- Reiwa.

→ জাপানের সম্রাট মুৎসিহিত-এর সময়ে জাপানে গণ জাগরণ সৃষ্টি হয়। দেশটির রাজ সিংহাসনের নাম চন্দ্রমল্লিকা সিংহাসন। জাতীয় ফুল- ক্রিসেনথিমাম (বাংলা- চন্দ্রমল্লিকা)

→ দ্বীপরাষ্ট্র জাপানের প্রধান দ্বীপ চারটি। যথা- হোক্কাইডো, হনসু, শিকোকু এবং কিউসু। জাপানের রাজধানী টোকিও হনসু দ্বীপে অবস্থিত।

→ জাপানের বিখ্যাত দ্বীপ ওকিনাওয়া দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র দখল করে নেয় এবং ১৯৭২ সালে দ্বীপটি পুনরায় জাপানের কাছে হস্তান্তর করে।

→ সূর্যোদয় ও ভূমিকম্পের দ্বীপ নামে পরিচিতি জাপানের সংবিধানকে বলা হয় শান্তি সংবিধান। জাপানের সংবিধান কার্যকর হয় ৩ মে, ১৯৪৭ সালে। প্রতি বছর ৩ মে জাপানে 'সংবিধান দিবস' পালিত হয়। এই সংবিধানের উল্লেখযোগ্য একটি অংশ হলো ৯ নং বিধান অনুসারে জনগণের ন্যায় ও শৃঙ্খলার ভিত্তিতে আন্তর্জাতিক শান্তি বাস্তবায়নের সমর্থন করা। এ কারণে জাপানের সংবিধানকে শান্তি সংবিধান বলা হয়।

→ বিশ্বের বৃহত্তম মেগাসিটি টোকিও, জাপান। জাপানের রাজধানী টোকিওতে ৩২তম গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ২০২০ সালে।

→ জাপানের জাতীয় পতাকার নাম হিরোনারু। হিরোনারু অর্থ- 'উদীয়মান সূর্য'।

→ এশিয়ায় পাশ্চাত্যপ্রথায় যন্ত্রশিল্পের সূচনা শুরু হয়- জাপানে।

→ জাপানের অর্থনীতি পুনরুজ্জীবিত করতে দেশটির প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের পরিকল্পনার নাম- আবেনোমিক্স।

→ রুশ- জাপান যুদ্ধ কত সালে হয়- ১৯০৪-০৫ সালে।

→ জাপান কোরিয়া উপদ্বীপ দখল করে- ১৯১০ সালে।

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান দখল করে- ভারতের নাগাল্যান্ড রাজ্য।

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান

১৯৪১	৭ ডিসেম্বর জাপান আমেরিকার ওয়াহিউ রাজ্যের অন্তর্গত হাওয়াই দ্বীপে অবস্থিত পার্ল হারবার আক্রমণ করে, যা আমেরিকার দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণের অন্যতম কারণ।
১৯৪৫	জাপানের নিকট হতে নিউ গায়ানা ও পাপুয়া নিউগিনি অঞ্চল দখল করে অস্ট্রেলিয়া।
	৬ আগস্ট জাপানের হিরোসিমায় 'লিটলবয়' ও ৯ আগস্ট নাগাসাকিতে 'ফ্যাটম্যন' নামে দুটো পারমাণবিক বোমা ফেলে মার্কিন যুক্তরাষ্ট্র।
	১৫ আগস্ট (২ সেপ্টেম্বর স্বাক্ষর করে) দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্রশক্তির কাছে আত্মসমর্পণ করে জাপান।

→ 'স্টাচু অব পিস' অবস্থিত- নাগাসাকিতে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের নাগাসাকিতে পারমাণবিক বোমা বিস্ফোরণে নিহতদের স্মরণে নির্মিত মনুমেন্ট।

→ 'করনার স্টোন অব পিস' স্মৃতিসৌধটি অবস্থিত- জাপানের ওয়াকিনাওয়ায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের ওকিনাওয়ায় নিহতদের স্মরণে নির্মিত স্মৃতিসৌধ।

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর দেশের বাইরে অনুষ্ঠিত প্রথম কোন সামরিক মহড়ায় ০৬ অক্টোবর, ২০১৮ অংশ নেয় জাপান

→ ভার্চুয়াল মুদ্রা বা ডিজিটাল মুদ্রা হলো- বিট কয়েন। অনলাইন পেমেন্ট সিস্টেম হিসেবে ২০০৯ সালে এর প্রচলন শুরু হয়। বিট কয়েনের প্রচলন করেন- সাতেশি নাকাইমোতো (জাপান)।

→ ইউরোপীয় ইউনিয়নের সাথে বিশ্বের সবচেয়ে বড় মুক্ত বাণিজ্য চুক্তি করে জাপান ১৭ জুলাই ২০১৮ সালে। চুক্তিটির নাম Economic Partnership Agreement (EPA). চুক্তিটি স্বাক্ষরিত হয় জাপানের রাজধানী টোকিওতে।

→ জাপান পরমাণু অস্ত্রপ্রসার রোধ চুক্তি (NPT) স্বাক্ষর না করা দেশ ভারতের সাথে বেসরকারি চুক্তি স্বাক্ষর করে ১১ নভেম্বর, ২০১৬.

→ জুনকো তাবেই- এভারেস্ট বিজয়ী প্রথম নারী (১৬ মে, ১৯৭৫)।

www.bdniyog.com

→ জাপানের পার্লামেন্টের উচ্চকক্ষে ৮ ডিসেম্বর ২০১৮ এ আইন অনুমোদন পায়। আইনটি পাসের ফলে এপ্রিল ২০১৯ থেকে নির্মাণ, কৃষি ও নার্সিং খাতে বিদেশি শ্রমিক নিয়োগ দেয়া যাবে।

→ Naicho (নাইচো) - জাপানের গোয়েন্দা সংস্থা।

→ বিরোধপূর্ণ দ্বীপপুঞ্জ

সেনকাকু	সেনকাকু দ্বীপ (জাপান)/দিয়াওউ (চীন)/তিয়াওউতাই (তাইওয়ান) বিভিন্ন নামে পরিচিত হলেও এটি সেনকাকু দ্বীপ নামেই সর্বাধিক পরিচিত। দ্বীপটির নিয়ন্ত্রণ এখন জাপানের কাছে। এ দ্বীপটি নিয়ে জাপান- চীন- তাইওয়ানের ত্রিমুখী বিরোধ রয়েছে। আয়তন- ৭ বর্গকিলোমিটার।
কুড়িল দ্বীপপুঞ্জ	১৯৪৫ সালে সোভিয়েত ইউনিয়নের সৈন্য জাপানের উত্তরাঞ্চলীয় কয়েকটি দ্বীপ দখল করে নেয়, যা কুড়িল দ্বীপপুঞ্জ নামে পরিচিত। কুড়িল দ্বীপপুঞ্জের মোট আয়তন ৬,০০০ বর্গমাইল। বিরোধ- সোভিয়েত ইউনিয়ন ও জাপানের মধ্যে।
শাখালিন দ্বীপপুঞ্জ	জাপান সাগরে অবস্থিত শাখালিন দ্বীপপুঞ্জ সাবেক সোভিয়েত ইউনিয়নের একটি সামরিক ঘাঁটি। বর্তমানে এটি রাশিয়ার দখলকৃত। দ্বীপপুঞ্জের মালিকানা নিয়ে জাপান- রাশিয়ার বিরোধ চলছে।

কোরিয় উপদ্বীপ

কোরিয়া হলো এশিয়ার পূর্ব উপকূলে অবস্থিত একটি উপদ্বীপ। জাপান সাগর ও পীত সাগরের মধ্যে অবস্থিত এ দ্বীপ। চীন কোরিয়ার উপর দীর্ঘকাল রাজত্ব করেছে। ১৮৯৫ সালে চীন কোরিয়ার স্বাধীনতা স্বীকার করে নেয়। ১৯০৪-০৫ সালে রুশ-জাপান যুদ্ধের পর কোরিয়া জাপানের সংরক্ষিত অঞ্চলে পরিণত হয়। আবার, ১৯১০ সালে জাপান কোরিয়াকে নিজের সাম্রাজ্যভুক্ত করে নেয়। ১৯৪৫ সালে জাপান আত্মসমর্পণের পর কোরিয়া মুক্ত হয়। এর পরই কোরিয়াকে ৩৮° অক্ষরেখা বরাবর ভাগ করে ফেলা হয়। দুই কোরিয়া বিভক্তকারী রেখা হলো মিলিটারি ডিমারকেশন লাইন ও নর্দান লিমিট জোন। উত্তর কোরিয়ায় সোভিয়েত ইউনিয়ন ও দক্ষিণ কোরিয়াতে আমেরিকা অবস্থান করে। ১৯৪৮ সালে দক্ষিণ কোরিয়া যুক্তরাষ্ট্রের কাছ থেকে এবং উত্তর কোরিয়া সোভিয়েত ইউনিয়নের নিকট থেকে স্বাধীন হয়। পীতসাগর (Yellow Sea) নিয়ে দুই কোরিয়ার মধ্যে এখনও বিরোধ রয়েছে। পীত সাগরে দক্ষিণ কোরিয়ার সীমান্তরেখার নাম নর্দার্ন লিমিট লাইন।

→ THAAD : THAAD এর পূর্ণরূপ 'Terminal High Altitude Area Defense'। যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্র বিধ্বংসী প্রতিরক্ষা সিস্টেম। উত্তর কোরিয়ার তায়েপোদং-১ ক্ষেপণাস্ত্রকে ধ্বংস করতে সক্ষম এমন ক্ষেপণাস্ত্র–থাড। দক্ষিণ কোরিয়ার সেয়ংজুতে উত্তর কোরিয়ার বিরুদ্ধে স্থাপন করেছে যুক্তরাষ্ট্র।

→ উত্তর কোরিয়া পারমাণবিক কর্মসূচি : ১৯৯৪ সালে আমেরিকা দক্ষিণ কোরিয়ায় প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র বসানোর পরই উত্তেজনা বাড়তে থাকে। ২০০৬ সালে বিশ্বের অষ্টম পারমাণবিক শক্তিধর রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে উত্তর কোরিয়া। ২০০৩ সালে উত্তর কোরিয়া এনপিটি ও সিটিবিটি চুক্তি থেকে নিজেকে সরিয়ে নেয়। ২০০৯ সালে ২য় বারের জন্য পরমাণু পরীক্ষা চালায় উত্তর কোরিয়া। এ পর্যন্ত অসংখ্যবার উত্তর কোরিয়ার উপর নিষেধাজ্ঞা জারি করা হয়। তবে অবরোধের সময়ও তেল সরবরাহ করতে দেখা গিয়েছে চীনকে। উত্তর কোরিয়া ২০১৬ সালে ৫ বার পরমাণু ক্ষেপণাস্ত্র ও ১ বার হাইড্রোজেন বোমার পরীক্ষা চালিয়েছে। ৪ জুলাই ২০১৭ উত্তর কোরিয়া প্রথমবারের মতো সফল আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায়। ক্ষেপণাস্ত্রটির নাম হোয়াসং ১৪। এছাড়াও হাইড্রোজেন বোমার বিস্ফোরণও ঘটিয়েছে তাঁরা। উত্তর কোরিয়ার নেতা কিম জং উন যুক্তরাষ্ট্রে হামলার হুমকি দিয়েছেন। ২০১৮ সালের ১২ জুন সিঙ্গাপুরের সেন্তোষা দ্বীপে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাথে উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উনের মধ্যে এক ঐতিহাসিক বৈঠক হয় এবং তাতে পারমাণবিক নিরস্ত্রীকরণের সমঝোতা হয়।



→ উত্তর কোরিয়া অস্ত্রসমূহ- নোদং, মুসুদান, তায়েপোদং- ০১, তায়েপোদং – ০২ এবং হোয়াসং। এছাড়াও রয়েছে যুদ্ধযান এবং ডুবোজাহাজ।

→ সানসাইন পলিসি : উত্তর কোরিয়ার সাথে দক্ষিণ কোরিয়ার শান্তিপূর্ণ কূটনীতি। সানসাইন পলিসির প্রবক্তা দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট কিম দায়ে জং। মেয়াদ ছিল ১৯৯৮- ২০০৭ পর্যন্ত।

→ অলিম্পিক কূটনীতি - দুই কোরিয়ার মধ্যে দেখা যায়।

→ জর্জ বুশ শয়তানের অক্ষশক্তি বলেছেন - ইরান, ইরাক ও উত্তর কোরিয়াকে।

→ উত্তর কোরিয়ার সংবাদ সংস্থার নাম- কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সী (কেসিএনএ)।

→ পৃথিবীর গুপ্ত দেশ- উত্তর কোরিয়া।

→ উত্তর কোরিয়ার পরমাণু স্থাপনার নাম- ইয়ং বিয়ং।

→ উত্তর কোরিয়ার পরমাণু অস্ত্রের পরীক্ষাস্থলের নাম- কিলঝি।

→ জাতিসংঘের উ. কোরিয়া বিষয়ক ৬ জাতি আলোচক দেশ- উ. কোরিয়া, দক্ষিণ কোরিয়া, চীন, জাপান, রাশিয়া, USA.

→ দুই কোরিয়ার মাঝে শান্তিপল্লী- পানমুনজাম।

→ দুই কোরিয়ার মধ্যে শিল্পাঞ্চলের নাম- কায়েসং।

→ উত্তর কোরিয়া সব ধরনের ক্ষেপণাস্ত্র ও পারমাণবিক পরীক্ষা স্থগিত ঘোষণা করে- ১৭ এপ্রিল, ২০১৮ সালে।

→ দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলসহ ৬টি শহরে চালু হয় ৫ম প্রজন্মের বাণিজ্যিক নেটওয়ার্ক ০১ ডিসেম্বর ২০১৮। এটি ফোর জির চেয়ে ২০ গুণ বেশি তথ্য আদান-প্রদানে সক্ষম।

→ Blue House: সিউলে অবস্থিত দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের বাসভবন।

www.bdniyog.com

→ পূর্ব প্রতিশ্রুতি অনুযায়ী বিদেশি সাংবাদিকদের উপস্থিতিতে উত্তর কোরিয়া সে দেশের একমাত্র পারমাণবিক পরীক্ষাকেন্দ্র 'পুঙ্গে-রি' ধ্বংস করে- ২৪ মে, ২০১৮ সালে।

→ দুই কোরিয়ার নেতা দীর্ঘদিনের সংঘাতময় সম্পর্কের উন্নয়নে শান্তিবৃক্ষ স্থাপন করে- পানমুনজাম সীমান্তের মাঝখানে।

→ উত্তর কোরিয়ার সাথে মিশর সামরিক সম্পর্ক ছিন্ন করে- ২০১৭ সালে।

→ পুলিশের আন্তর্জাতিক সংস্থা ইন্টারপোলের প্রধান নির্বাচিত হয়েছেন- দক্ষিণ কোরিয়ার কিম জং ইয়াং।

→ দুই কোরিয়ার ঐতিহাসিক সেনা মিলন হয় ১২ই ডিসেম্বর ২০১৮। ১৯৪৮ সালে দুই কোরিয়া বিভক্তিকারী অসামরিকায়িত এলাকা সৃষ্টির পর এ দিনেই প্রথম দু পক্ষের সেনারা একে অপরের দেশে পা রাখে। ৭০ বছর পরের মিলনকে দেশ দুটির গণমাধ্যম ঐতিহাসিক সেনামিলন হিসেবে তুলেছে ধরেছে।

মঙ্গোলিয়া

→ পূর্ব এশিয়ার স্থল-বেষ্টিত দেশ মঙ্গোলিয়া। চীন ও রাশিয়ার মধ্যবর্তী দেশ মঙ্গোলিয়ার অধিবাসীদের বলা হয়- যাযাবর।

→ বিশ্বের চোখে নির্মম ও রক্তপিপাসু হিসেবে চিহ্নিত চেঙ্গিস খান মঙ্গোলিয়ায় বিশিষ্ট ব্যক্তি হিসেবে সম্মানীত ও সকলের ভালবাসার পাত্র। তাঁকে মঙ্গোল জাতির পিতা বলা হয়ে থাকে।

☼ *মধ্য-প্রাচ্য*

মধ্য-প্রাচ্য হলো এশিয়া ও আফ্রিকার মধ্যবর্তী একটি অঞ্চল। ধর্মীয় কারণে এই অঞ্চল যুগে যুগে বিখ্যাত ও শ্রদ্ধেয় হয়ে রয়েছে পৃথিবীর বুকে। যেমন: ইহুদি ধর্ম, খ্রিস্ট ধর্ম এবং ইসলাম ধর্মের আবির্ভাব, প্রচার, প্রসার এই অঞ্চলে হয়েছে। বিশ্বে অর্থনৈতিকভাবে, রাজনৈতিক দিক থেকে এ অঞ্চল গুরুত্বপূর্ণ।

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
কাতার	দোহা	রিয়াল	আরবি
কুয়েত	কুয়েত সিটি	দিনার	আরবি
সৌদি আরব	রিয়াদ	রিয়াল	আরবি
সংযুক্ত আরব আমিরাত	আবুধাবি	দিরহাম	আরবি
ওমান	মাস্কট	রিয়াল	আরবি
বাহরাইন	মানামা	দিনার	আরবি
এই ৬টি দেশ মনে রাখার কৌশল: কাকু সৌদিতে JOB করে।			
ইসরায়েল	জেরুজালেম	শেকেল	হিব্রু
ইয়েমেন	সানা	রিয়াল	আরবি
ইরাক	বাগদাদ	দিনার	আরবি
ইরান	তেহরান	রিয়াল	ফার্সি
সিরিয়া	দামেস্ক	পাউন্ড	আরবি
ফিলিস্তিন	পূর্ব জেরুজলেম	পাউন্ড, দিনার	আরবি
লেবানন	বৈরুত	পাউন্ড	আরবি
জর্ডান	আম্মান	দিনার	আরবি
এই ৮টি দেশ মনে রাখার কৌশল : ইসরাফিল জর্ডানে। ইসরা (ইসরায়েল, ইয়েমেন, ইরাক, ইরান, সিরিয়া), ফিল- ফিলিস্তিন + লেবানন, জর্ডান।			

→ অনেকের মতে, তুরস্ক মধ্য-প্রাচ্যের দেশ। সেহিসেবে মধ্য-প্রাচ্যের দেশের সংখ্যা- ১৫টি।

→ মধ্য-প্রাচ্যের এই ১৪টি দেশের ইরান ও ইসরায়েল ছাড়া বাকী সকল দেশের ভাষা আরবি।

→ উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
সৌদি আরব	ছিল না
সিরিয়া, লেবানন	ফ্রান্স
কাতার, কুয়েত, ওমান, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, ইসরায়েল, ইয়েমেন, ইরান, ইরাক, লেবানন, জর্ডান।	যুক্তরাজ্য

→ কাস্পিয়ান সাগর : উত্তরে, কাজাখস্তান ও রাশিয়া, দক্ষিণে ইরান, পূর্বে তুর্কমেনিস্তান ও কাজাখস্তান পশ্চিমে আজারবাইজান। মধ্য এশিয়ায় এ খালটির অবস্থান।

সাইকস পিকট চুক্তি

→ অটোম্যানরা মধ্যপ্রাচ্যে এক সময় সুবিশাল রাজ্যবিস্তার করেছিল। তবে আজকের মধ্য-প্রাচ্য সংকটের সূর্যোদয় হয়েছিলো ১৯১৬ সালের ১৬ মে যেদিন 'সাইকস-পিকট চুক্তি' (Sykes-Picot Agreement) কার্যকর হয়েছিল।

→ ১৯১৫ সালের শেষের দিকে মধ্যপ্রাচ্য ভাগাভাগির মূল দায়িত্ব এসে পড়ে যুক্তরাজ্য ও ফ্রান্সের দুই কূটনীতিকের উপর। এদের একজন মার্ক সাইকস (Mark Sykes) আর অন্যজন জর্জ পিকট (Georges Picot)। সাইকস-পিকট চুক্তি' (অফিশিয়ালি 'এশিয়া মাইনর চুক্তি') বা মধ্যপ্রাচ্য ভাগাভাগির গোপন চুক্তি নামে পরিচিত। রাশিয়ার বলশেভিক আন্দোলনের (১৯১৭) নেতারা (ভি আই লেলিন) এ চুক্তি গ্রহণ করেনি বলে তা তারা প্রকাশ করে দিয়েছিলেন।

→ সাইকস ও পিকট মিলে ভূ-মধ্যসাগরের উপকূল থেকে শুরু করে ইসরাইলকে দু'ভাগ করে সিরিয়া-জর্ডানের সীমারেখা ধরে সোজাসুজি ইরাকের মসুল নগরীর নীচ ও কিরকুকের উপর দিয়ে ইরানের সীমান্ত পর্যন্ত মোটামুটি একটি সরল রেখা টেনে মধ্যপ্রাচ্যকে দু'ভাগে বিভক্ত করে। উপরের অংশে অবস্থিত তুরস্কের দক্ষিণ-পূর্বাংশ, সিরিয়া, ইরাকের মসুল, লেবানন চলে যায় পিকটের (ফ্রান্সের) পকেটে আর নিচের ইসরাইলের দক্ষিণাংশ, জর্ডান, ইরাক, কুয়েত ও

www.bdniyog.com

সৌদি আরবের পারস্য উপকূলীয় অংশ নেয় সাইকস (যুক্তরাজ্য)। এ ভাগাভাগিতে রাশিয়ার ও ইটালির অংশ সামান্যই ছিল। এভাবে সাইকস- পিকটের এক চুক্তিতে প্রথম বিশ্বযুদ্ধ শেষে তুরস্ক থেকে মধ্যপ্রাচ্য (উত্তর আফ্রিকা ও সৌদি আরবের অধিকাংশ ভূ- খণ্ড বাদে) চার মিত্রশক্তির করতলে চলে আসে।

→ সাইকস- পিকট চুক্তির মূল দূর্বলতা ছিল এ অঞ্চলে ক্রমবর্ধিষ্ণু আরব জাতীয়তাবাদকে অগ্রাহ্য করা। পৃথিবীর প্রতিটি স্বাধীনতা আন্দোলনের পিছনে একটি দীর্ঘ বঞ্চনার ইতিহাস আছে। তুর্কিরা আরব জাতিসত্ত্বাকে অগ্রাহ্য করে অটোম্যান সাম্রাজ্যের যে সর্বনাশ ডেকে এসেছিল, সেই একই ভুলে বৃটিশ- ফরাসিরাও আরব ভূ- খণ্ডে শতবর্ষী সংকটের সৃষ্টি করেছিল।

ইসরাইল ও ফিলিস্তিন

→ **বেলফোর ঘোষণা (Belfour Declaration):** প্যালেস্টাইনে ইহুদিদের স্থায়ী আবাসভূমির অঙ্গীকার করে ১৯১৭ সালের ২ নভেম্বর বৃটেনের প্রভাবশালী ইহুদি নেতা ব্যারন রথসচাইল্ডকে লেখা বৃটিশ পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোরের এক চিঠি। চিঠিতে বেলফোর লিখেছিলেন- "His Majesty's Government view with favor the establishment in Palestine of a national home for the Jewish people and ……."। ১৯২২ সালে League of Nations বেলফোর ঘোষণার পরোক্ষ সমর্থন দিয়ে দেয়।

→ ১৯২৮ সালে ফিলিস্তিনে JNC (Jewish National Council) গঠিত হয়। সেকেন্ড ওয়ার্ল্ড ওয়ার এ, প্রায় ছয় মিলিয়ন ইহুদি হত্যা করে নাৎসিরা।

→ ১৯৪৯ এর ১১ মে জাতিসংঘে সদস্যপদ পেয়ে যায় ইসরাইল। ইসরাইলকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ মার্কিন যুক্তরাষ্ট্র। ইসরাইলকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ মিশর এবং মুসলিম দেশ তুরস্ক।

→ প্রথম নির্বাচনে নির্বাচিত হয়ে ইসরাইলের প্রথম প্রধানমন্ত্রী হন ডেভিড বেনগুরিওন।

→ ১৯৫৬ সালে সুয়েজ খালজনিত জটিলতায় ইসরাইল মিসর আক্রমণ করে।

→ ১৯৬৪ সালে গঠিত হয় PLO (Palestine Laiberation Organization)। ১৯৬৭ সালে ছয় দিনের আরব ইসরাইল যুদ্ধ হয়।

→ ১৯৭২ সালে মিসরের প্রেসিডেন্ট হয়ে এলেন আনোয়ার সাদাত। এরপর ইয়ম কিপুর যুদ্ধে মিসর আর সিরিয়া মিলে হঠাৎ আক্রমণ করে ইসরাইলকে। তবে মিত্রের সহায়তায় ইসরাইল ভালো মতই যুদ্ধে ফিরে আসে। এ যুদ্ধের ফলে সৌদি সরকার ১৯৭৩ সালে তেল সংকট সূচনা করে।

→ ১৯৭৭ সালে রাবিন এক কেলেংকারিতে সরে দাঁড়ান আর শিমন পেরেজ প্রধানমন্ত্রী হন। তবে নির্বাচনে জিতে মেনাখেম বেগিন প্রধানমন্ত্রী হয়ে যান। ৩০ বছরের শত্রুতা ঝেড়ে ১৯৭৮ সালে মিসরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত জেরুজালেম ভ্রমণে যান। মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার সাদাত আর বেগিনের সাথে মিলিত হয়ে ক্যামডেভিডে (যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে অবস্থিত) এক শান্তিচুক্তির রূপরেখা অংকন শুরু করেন। পশ্চিম তীর আর গাজা এলাকা ফিলিস্তিনের অধিকারে থাকবে। ক্যাম্পডেভিড চুক্তির জন্য মিশরকে আরব লীগ থেকে বহিষ্কার করা হয়।

→ ২০০৬ সালে ফিলিস্তিনে ক্ষমতায় আসে হামাস এবং আগের সকল চুক্তি বাতিল বলে গণ্য করে।

→ ইসরাইলের দখলদারিত্ব থেকে প্যালেস্টাইনকে মুক্ত করার জন্য গঠিত Palestine Laiberation Organization এর নেতা ইয়াসির আরাফাতের (জন্মগ্রহণ করেন- মিশরে) মৃত্যুর পর আল- ফাতাহ ও হামাসের অধীনে দুই ভাগে বিভক্ত হয় প্যালেস্টাইন। হামাস নিয়ন্ত্রণ করছে গাজা এবং আল-ফাতাহ এর নিয়ন্ত্রণে রয়েছে পশ্চিম তীর।

→ ১০ ডিসেম্বর, ২০১৭ মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প জেরুজালেমকে ইসরাইলের রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়ে মার্কিন দূতাবাস স্থানান্তরের নির্দেশ দেয়। ১৯৯৫ সালে ইসরাইল- ফিলিস্তিন স্বাক্ষরিত অসলো শান্তিচুক্তিতে উভয় পক্ষ মেনে নেয় যে, আলাপ- আলোচনার মাধ্যমে জেরুজালেম প্রশ্নটি নির্ধারিত হবে। জেরুজালেমকে ইসরাইলের রাজধানী হিসেবে ঘোষণার পরিপ্রেক্ষিতে ১৩ ডিসেম্বর, ২০১৭ তুরস্কের ইস্তানবুলে অনুষ্ঠিত হয় ইসলামী সহযোগিতামূলক সংস্থা (OIC) এর বিশেষ সম্মেলন। এতে পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনের রাজধানী ঘোষণা করা হয়।

→ প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন (PLO) এর কেন্দ্রীয় কাউন্সিল (PCC) ইসরাইলকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি এবং ১৯৯৩ সালের অসলো শান্তিচুক্তি স্থগিত হয়- ১৫ জানুয়ারি ২০১৮।

→ ইসরাইলের মার্কিন দূতাবাস তেলআবিব থেকে জেরুজালেমে সরিয়ে যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে বলে আন্তর্জাতিক বিচার আদালতে (ICJ) অভিযোগ করে ফিলিস্তিন। মার্কিন দূতাবাস জেরুজালেমে থেকে সরিয়ে নেওয়ারও দাবি জানায় তারা। ২৮ সেপ্টেম্বর ২০১৮ আন্তর্জাতিক আদালতে আনুষ্ঠানিকভাবে উক্ত অভিযোগ দায়ের করে ফিলিস্তিন কর্তৃপক্ষ। মামলাটি তৎক্ষণাৎ গ্রহণ করা হয় বলে জানান আদালত।

→ ১৯৯০ সালে আন্তর্জাতিক সম্প্রদায় ফিলিস্তিন-ইসরাইল সঙ্কট দূর করতে 'টু-স্টেটস' নীতিকে সমর্থন দিয়েছে। সম্প্রতি IAEA প্যালেস্টাইনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে, যা 'টু-স্টেটস' নীতিকে সমর্থন করে। কিন্তু ৭০ বছর ধরে ইসরাইল ফিলিস্তিনের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে। ফলে ফিলিস্তিনের পক্ষে আর কখনও আত্মনির্ভর হওয়া সম্ভব নয়। তাই অনেকেই এখন বলছেন, 'সবার জন্য সমান অধিকার' নীতি একটি রাষ্ট্রই সমাধান।

www.bdniyog.com

→ ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম স্বীকৃতি দানকারী দেশ আলজেরিয়া। ফিলিস্তিন জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা লাভ করে- ২০১২ সালে।

→ Orient House: ফিলিস্তিনের রামাল্লায় অবস্থিত, পিএলও এর সদর দপ্তর।

ইসরায়েলে নতুন আইন পাস হয় ১৯ জুলাই ২০১৮। আইন অনুযায়ী ইসরায়েল ইহুদী জনগণের এবং ইহুদীদের ঐতিহাসিক মাতৃভূমি এবং জেরুজালেম সম্পূর্ণ ও অখণ্ড রাজধানী। নতুন এ আইনের প্রতিবাদে তেল আবিবের রবিন স্কয়ারে দ্রুজ সম্প্রদায়ের লোকজন বিক্ষোভ করে। এটি ইসরায়েলের সংখ্যালঘু সম্প্রদায়।

✍ ইসরায়েলে লিকুদ দলটির বর্তমান নেতা/প্রধানমন্ত্রী কে? বেনিয়ামনি নেতানিয়াহু।

ইসরায়েলের ইউনেস্কো ত্যাগ

ইসরায়েল ২০১৭ সালে ৩০ ডিসেম্বর ইউনেস্কো ত্যাগ করার ঘোষণা দেয়। ইউনেস্কো ইসরায়েলবিরোধীদের পক্ষপাত করেছে অভিযোগ তুলে এ ঘোষণা দেয় ইসরায়েল। ঘোষণাটি কার্যকর হয় ৩১ ডিসেম্বর ২০১৮ সালে।

→ যুক্তরাষ্ট্রের পর দ্বিতীয় দেশ হিসেবে জেরুজালেমে দূতাবাস স্থাপন করে - গুয়েতেমালা।

→ ইসরাইলের গোয়েন্দা সংস্থা মোসাদ এবং সামরিক গোয়েন্দা সংস্থা আমান। মোসাদের প্রতিষ্ঠাতা: বেন গুইরেন।

→ তেল আবিব থেকে মার্কিন দূতাবাস জেরুজালেমে স্থানান্তর করে - ১৪মে ২০১৮।

→ ইসরাইলের সাথে বাংলাদেশের কোন বাণিজ্যিক ও কূটনৈতিক সম্পর্ক নাই।

→ হেবরন মসজিদ : জেরুজালেমে অবস্থিত। ১৯৯৪ সালে ড. গোল্ড স্টেইন বারুচ এই মসজিদে গুলি চালিয়ে নামাজরত অবস্থায় ৬৩ জন মুসলিমকে হত্যা করে।

→ আল আকসা : জেরুজালেমে অবস্থিত। বায়তুল মুকাদ্দাস। ১৯৬৭ সালে ইয়াহুদিরা নামাজরত অবস্থায় ৪০০ জন মুসলিমকে পুড়িয়ে হত্যা করে। এ কারণে ১৯৬৯ সালের ২৫ শে সেপ্টেম্বর OIC প্রতিষ্ঠিত হয়।

ইরান

→ ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর পর্যন্ত পারস্যে শাহ্ রাজবংশের শাসনামল ছিল। ঐ বছরই ৩০ ডিসেম্বর দেশটির প্রথম সংবিধান পাস হয়। ১৯২৫ সালের ১২ ডিসেম্বর এক অভ্যুত্থানের মাধ্যমে সর্বশেষ শাহ ক্ষমতাচ্যুত হলে কাজার রাজবংশের শাসনের অবসান ঘটে এবং রেজা খান ক্ষমতায় অধিষ্ঠিত হয়। ঐ বছরই ১২ ডিসেম্বর রেজা খান 'রেজা শাহ্ পাহলভি' উপাধি ধারণ করেন।

→ ১৯৩৫ সালের ২১ মার্চ পারস্যের নামকরণ করা হয় 'ইরান'। সে বছর ১৬ সেপ্টেম্বর রেজা শাহ ক্ষমতা থেকে সরে দাঁড়ান এবং তাঁর পুত্র শাহ্ মোহাম্মদ পাহলভি ক্ষমতা গ্রহণ করেন।

→ দেশব্যাপী বিক্ষোভ চরম আকার ধারণ করলে ১৯৭৯ সালের ১৭ জানুয়ারি শাহ্ ইরান ছেড়ে চলে যান এবং সে বছর ৫ ফেব্রুয়ারি শিয়া মুসলিম সম্প্রদায়ের আধ্যাত্মিক নেতা আয়তুল্লাহ রুহুল্লাহ খোমেনী অন্তর্বর্তীকালীন সরকার গঠন করেন। ১৯৭৯ সালে দেশটিকে 'ইসলামি প্রজাতন্ত্র- Islamic Republic of Iran' (ইসলামি বিপ্লবের নেতৃত্ব দেন আয়তুল্লাহ রুহুল্লাহ খোমেনী) হিসেবে ঘোষণা করা হয়।

→ ১৯৮৮ সালে ধর্মীয় নেতা আয়তুল্লাহ খোমেনী ইন্তেকাল করেন। ইরানের পার্লামেন্টে ১৯৯৮ সালের মধ্যে সিগারেট আমদানি, উৎপাদন এবং প্রকাশ্য স্থানে ও গণপরিবহনে ধুমপান নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেয়। ইরানের (বর্তমান) সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়তুল্লাহ আলি খামেনী। ইরান মধ্য- প্রাচ্যের একমাত্র দেশ যেটি আরব লীগের সদস্য নয়।

→ দস্ত- ই- লুতঃ ইরানের একটি মরুভূমির নাম।

→ ইরানের ছয় (p5 + 1) জাতি আলোচনা : ১৪ জুলাই ২০১৫ ভিয়েনাতে চুক্তি হয়, ১৬ জানুয়ারি, ২০১৬ নিষেধাজ্ঞা উঠে যায়। আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (IAEA) পরিদর্শকেরা ইরানের সেন্ট্রিফিউজ ও ইউরেনিয়াম সমৃদ্ধকরণ অবকাঠামোগুলো পর্যবেক্ষণ করবে, যাতে দেশটি আর অস্ত্র তৈরির পর্যায়ের প্লুটোনিয়াম তৈরি করতে না পারে। ২০১৮ সালের মে মাসের দ্বিতীয় সপ্তাহে যুক্তরাষ্ট্র এ চুক্তি প্রত্যাহার করে।

→ ইরানের নবর্নির্মিত সমুদ্রবন্দর চাবাহার উদ্বোধন করা হয়- ০৩ ডিসেম্বর ২০১৭।

→ ইরানের সাথে ১৯৫৫ সালে স্বাক্ষরিত 'মৈত্রী চুক্তি' ও কূটনৈতিক সম্পর্ক নিয়ে ১৯৬১ সালে স্বাক্ষরিত ভিয়েনা কনভেনশনের 'ঐচ্ছিক বিধান' থেকে অক্টোবর, ২০১৮ নিজেদের প্রত্যাহার করে- যুক্তরাষ্ট্র।

→ মরক্কো ইরানের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে- ১ মে ২০১৮।

→ ২০১৬ সালে ইরানের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে দক্ষিণ এশিয়ার দেশ - মালদ্বীপ।

→ শাত- ইল- আরব : পারস্য উপসাগরের ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরে শাত- ইল- আরবের অবস্থান। এটি একটি ব- দ্বীপ। এটিকে কেন্দ্র করে ইরাক- ইরান যুদ্ধ হয় ১৯৮০ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত। বর্তমান বিরোধ- ইরান ও UAE এর মধ্যে।

→ হরমুজ প্রণালী : একটি সরু জলপথ যা পশ্চিমের পারস্য উপসাগরকে পূর্বে ওমান উপসাগর ও আরব সাগরের সাথে সংযুক্ত করেছে। এটি আরব উপদ্বীপকে ইরান থেকে পৃথক করেছে। জলপথটির সবচেয়ে সরু অংশের দৈর্ঘ্য ২১ মাইল এবং প্রস্থ ২ মাইল। তেল বাণিজ্যের জন্য এ জলপথটি খুবই গুরুত্বপূর্ণ। এই প্রণালীটি ৩৪ কিলোমিটার দীর্ঘ।

→ আবু মুসা দ্বীপ : পারস্য উপসাগরে হরমুজ প্রণালীর সন্নিকটে অবস্থিত একটি ক্ষুদ্র দ্বীপ হল 'আবু মুসা দ্বীপ'। দ্বীপটির মালিকানা নিয়ে ইরান ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বিরোধ রয়েছে।

→ বিশ্বের বৃহত্তম তেল শোধনাগার অবস্থিত- ইরানের আবাদান নগরীতে।

www.bdniyog.com

→ VEVAK (ভিভাক), SAVAK (সাভাক) – ইরানের গোয়েন্দা সংস্থা।

→ ইরানের সেনাবাহিনীকে বলা হয়- রেভলিউশনারি গার্ড।

→ ফেরদৌসী : পারস্যের বিখ্যাত কবি ফেরদৌসী মহাকাব্য 'শাহনামা'র রচয়িতা। এটি ফারসি কাব্য। তিনি গজনির সুলতান মাহমুদের সভাকবি ছিলেন।

→ ওমর খৈয়াম (১০৪০ – ১১৩১) : ইরানের বিখ্যাত কবি। তিনি গণিতবিদ, জ্যোতির্বিদ ও দার্শনিক খ্যাত। ফারসি ভাষায় 'রুবাইয়াত-ই ওমর খৈয়াম' রচনার জন্য বিখ্যাত হয়ে আছেন। বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম তাঁর কিছু বই অনুবাদ করেন।

→ শেখ সাদী ফার্সি ভাষার কবি।

→ ইবনে সিনা : চিকিৎসক, দার্শনিক ও গণিতবিদ। তার রচিত 'আল কানুন ফিতিব' বইটিকে 'চিকিৎসা শাস্ত্রের বাইবেল' বলা হয়। জন্ম গ্রহণ করেন উজবেকিস্তান, মৃত্যুবরণ করেন হামাদান, ইরান।

ইরাক

ইরাক বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়ার জন্য সারা বিশ্বের বুকে মহীয়ান। টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীদ্বয়কে কেন্দ্র করে গড়ে উঠেছিলে বিশ্বের প্রাচীনতম সভ্যতা। ষোড়শ শতাব্দী পর্যন্ত ইরাক অটোম্যান সাম্রাজ্যের অংশ ছিল। ১৯১৬ সালে ব্রিটেন ইরাক দখল করে নেয়। ১৯৩২ সালের ৩ অক্টোবর হাশেমি রাজবংশের আমলে ইরাক স্বাধীনতা লাভ করে। ১৯৫৮ সালের ১৪ জুলাই সংঘটিত এক সামরিক অভ্যুত্থানে হাশেমি রাজবংশের পতন ঘটে এবং জেনারেল কাশিমের নেতৃত্বে দেশটি প্রজাতন্ত্রে পরিণত হয়। ২০০৩ সালের ২০ মার্চ ইঙ্গ মার্কিন নেতৃত্বাধীন বহুজাতিক বাহিনী ইরাকে যে সন্ত্রাস বিরোধী অভিযান শুরু করে তা 'Operation Iraqi Freedom' নামে পরিচিত। স্বাধীনতার প্রশ্নে কুর্দিস্তানে গণভোট অনুষ্ঠিত হয় ২৫ সেপ্টেম্বর, ২০১৭ সালে।

- কারবালা শহরটি অবস্থিত ইরাকের ফোরাত নদীর তীরে।
- মসুল, ইবরিল, ফালুজা, বসরা ইরাকের আলোচিত শহর।
- সাদ্দামের ফাঁসি কার্যকর করা হয় ৩০ ডিসেম্বর, ২০০৬।
- সাদ্দাম হোসেন কুয়েতে আগ্রাসন চালায় ১৯৯০ সালে।
- মসুল শহর আইএস মুক্ত হয় ২০১৭ সালের জুলাই মাসে।

কুয়েত

→ কুয়েত তেলসমৃদ্ধ একটি রাজতান্ত্রিক রাষ্ট্র। দেশটিতে সাংবিধানিক রাজতন্ত্র (Unitary Parliamentary Constitutional Monarchy) বিদ্যমান রয়েছে। ১৯শে জুন, ১৯৬১ সালে আল হাসা আমিরাত থেকে পৃথক হয়ে স্বাধীনতা লাভ করে। ইরাক-কুয়েত সংকটের কারণে দেশটি সর্বাধিক আলোচনায় আসে।

→ ইরাক-কুয়েত সংকট : ১৯৮০ সালে ইরান-ইরাক যুদ্ধে ইরাক আরব জাতির প্রতিভূ হিসেবে যুদ্ধ করে। যুদ্ধে আরবদেশসমূহ ইরাককে ঋণ ও অর্থসাহায্য প্রদান করে। ইরাক কুয়েতের বিরুদ্ধে তেল চুরি এবং অতিরিক্ত তেল উত্তোলনের ক্ষতিপূরণ বাবদ ১৬ বিলিয়ন ডলার দাবি করে। ইরাক – কুয়েত বিরোধ আলোচনা ভেঙ্গে গেলে ২ আগস্ট ১৯৯০ ইরাক কুয়েত দখল করে এবং পরে ১৯তম প্রদেশ হিসেবে ঘোষণা দেয়। ১৫ জানুয়ারি, ১৯৯১ সালে মার্কিন নেতৃত্বাধীন জাতিসংঘ বহুজাতিক বাহিনী ইরাক আক্রমণ করে কুয়েত মুক্ত করে। মার্কিন নেতৃত্বাধীন এ বহুজাতিক আক্রমণ 'Operation Desert Storm' নামে পরিচিত। এ আগ্রাসনকে 'উপসাগরীয় যুদ্ধ' (Gulf war) বলা হয়।

সিরিয়া

মধ্যপ্রাচ্যের ভূমধ্যসাগরীয় অঞ্চলের সুন্নি মুসলিম প্রধান একটি দেশ। তবে ১৯৬৩ সাল থেকে ক্ষমতায় রয়েছে শিয়া গোষ্ঠীর বাথ পার্টি। দেশটিতে ফ্রান্সের উপনিবেশ ছিল। দেশটির প্রেসিডেন্ট বাশার আল আসাদ ক্ষমতায় রয়েছে ২০০০ সাল থেকে। দেশটিতে আরব বসন্ত শুরু হয়েছিল ১৫ই মার্চ ২০১১ সালে। সিরিয়াকে সভ্যতার সূতিকাগার বলা হয়। সিরিয়া ও মিশর ১৯৫৮ সালে একত্রিত হয়ে আরব প্রজাতন্ত্র নাম ধারণ করে। দেশটির পার্লামেন্ট- পিপল'স পার্লামেন্ট। সিরিয়ার পতা- দুটি সবুজ তারকা সম্বলিত। প্রধান সংবাদ সংস্থা - SANA.

→ আইএস এর কথিত রাজধানীর নাম- রাকা, সিরিয়া। ইসলামিক স্টেট (IS) এর ম্যাগাজিনের নাম- দাবিক।

→ সিরিয়ার পূর্বে গৌতার দৌমা শহরে সরকার রাসায়নিক হামলা চালায়- ১৪ এপ্রিল, ২০১৮।

→ সাম্প্রতিক সংকটে সিরিয়ার আলোচিত শহরগুলোর নাম - আলেপ্পো, পালমিরা, আফরিন, ইদলিব, দারা।

→ বিশ্বের সবচেয়ে প্রাচীন শহর- সিরিয়ার দামেস্ক।

→ তুরস্ক কর্তৃক আফরিনে চালানো অভিযানের নাম- অপারেশন অলিভ ব্রাঞ্চ।

→ পালমিরা : সিরিয়ার একটি প্রাচীন শহর। ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্যের স্থান। 'মরুভূমির মুক্তা' নামে পরিচিত। গোড়াপত্তন হয় ২০০০ বছর আগে। পালমিরা 'তাদমুর' নামেও পরিচিত। রোমান সভ্যতার নিদর্শন। এখানেই অবস্থিত ঐতিহাসিক বেল মন্দির ও আর্ক অব অর্কেস্ট্রা। ১০ মাস আইএস দখলে থাকার পর ২০১৬ সালের মার্চে মুক্ত হয়। এই শহরকে তালগাছের শহরও বলা হয়।

www.bdniyog.com

→ সিরিয়াকে ভূমি থেকে আকাশে নিক্ষেপযোগ্য S-300 ক্ষেপণাস্ত্র ব্যবস্থা সরবরাহ করে- রাশিয়া।

→ ইদলিব বৈঠক : ২৬ সেপ্টেম্বর ২০১৮ ইরান, রাশিয়া ও তুরস্ক জাতিসংঘে ইদলিব শান্তি প্রতিষ্ঠায় বৈঠক করে । কারণ সিরিয়ার আল কায়েদার শাখা 'তাহরির আল শামস' দখল করায় মানবিক বিপর্যয় দেখা দেয়। এর পূর্বে ইরানের তেহরানে শান্তি প্রতিষ্ঠায় বসেছিল ইরান, রাশিয়া ও তুরস্ক।

→ জঙ্গিগোষ্ঠী ইসলামী স্টেটকে (IS) পরাজিত করার দাবি জানিয়ে ১১ ডিসেম্বর ২০১৮ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সিরিয়া থেকে যুক্তরাষ্ট্রের সমস্ত সৈন্য ফিরিয়ে নেয়ার ঘোষণা দেন। এরপর তালেবানের সাথে যুদ্ধরত ৭,০০০ সেনা আফগানিস্তান থেকেও ফিরিয়ে নেযার কথা বিবেচনা করেছেন তিনি।

→ সিরিয়া-ইসরাইল বিরোধ : গোলান মরুভূমি নিয়ে ইসরাইল গোলান মরুভূমি দখল করে ১৯৬৭ সালে আরব- ইসরাইলের তৃতীয় যুদ্ধের সময়।

কুর্দিস্তান

১৯২০ সালের সেভার্স চুক্তিতে (প্রথম বিশ্বযুদ্ধে অটোমানরা পরাজিত হবার পর মিত্র শক্তির সাথে এ চুক্তি করতে বাধ্য হয়) একটি স্বাধীন কুর্দি রাষ্ট্রের ঘোষণা দেয়া হলেও ৩ বছর পরের লুজন চুক্তির মাধ্যমে আধুনিক তুরস্কের মানচিত্র হলে কুর্দিদের জন্য স্বাধীন রাষ্ট্র গঠন করা হয়নি। আন্তর্জাতিক রাজনীতির অভাগা এই জাতির পরের ইতিহাস শুধুই দুর্দশার।

→ কুর্দিরা ছড়িয়ে রয়েছে ইরাক, ইরান, তুরস্ক ও সিরিয়ায়।

→ কুর্দিদের রাজধানীর নাম ইবরিল এবং ভাষা কুর্দি।

→ স্বাধীনতার পক্ষে গণভোট অনুষ্ঠিত হয় ২৫ সেপ্টেম্বর ২০১৭। স্বাধীনতার পক্ষে ৯২.৭০% ভোট পড়লেও স্বাধীনতার স্বপ্ন স্বপ্নই রয়ে যায়।

→ ইরাকি কুর্দিরা ১৯৭০ সালে ইরাকি সরকারের সাথে এক চুক্তির মাধ্যমে স্বায়ত্তশাসন লাভ করে। এর পর ২০০৫ সালে সাংবিধানিকভাবে স্বীকৃতি পায় ।

→ তুরস্ক আফরিনে ২০১৮ সালের জানুয়ারি চালায় 'অপারেশন অলিভ ব্রাঞ্চ'।

ইয়েমেন

মানব ইতিহাসের অন্যতম প্রাচীন বসতি আর আরব বিশ্বের সবচেয়ে গরীব দেশ। ইয়েমেনের লড়াইয়ের শুরুটা হয় আরব বসন্তের মাধ্যমে। ২০১১ সালে দীর্ঘদিনের প্রেসিডেন্ট আলি আব্দুল্লাহ সালেহকে (১৯৭৮-২০১১ খ্রি.) মনসুর হাদীর কাছে ক্ষমতা হস্তান্তরের জন্য বাধ্য করা হয়। মনসুর হাদীকে আল কায়েদার হামলা, দক্ষিণে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, সালেহপন্থী সরকারি কর্মকর্তা, দেশব্যাপী বেকারত্ব এবং দুর্নীতির মোকাবিলা করতে হয়। নতুন প্রেসিডেন্টের দুর্বলতার সুযোগ নিয়ে বিদ্রোহীরা সাডা প্রদেশ এবং আশেপাশের এলাকার নিয়ন্ত্রণ নিয়ে নেয়। মনসুর হাদী ২০১৭ সালের সেপ্টেম্বর থেকে সৌদিতে নির্বাসিত গৃহবন্দী।

→ ইয়েমেনের রাষ্ট্রীয় নাম রিপাবলিক অব ইয়েমেন। দেশটির রাজধানীর নাম সানা।

→ ইয়েমেন উত্তর ও দক্ষিণ ইয়েমেন নামে বিভক্ত হয় ১৯৬৭ সালে। দুই ইয়েমেন একত্রিত হয় ১৯৯০ সালে।

→ হুদি বিদ্রোহের হামলায় ইয়েমেনের সাবেক প্রেসিডেন্ট আলী আবদুল্লাহ সালেহ নিহত হন- ৪ ডিসেম্বর ২০১৭।

→ আব্দুল্লাহ সালেহ মারা যান- হুতি মিলিশিয়াদের হাতে।

→ ইয়েমেনের শিয়াপন্থি বিদ্রোহী গ্রুপ- হথি। হুথিদের দমনে সৌদি অভিযান চালাচ্ছে ২০১৪ সাল হতে। সৌদি অভিযানের নাম 'অপারেশন ডিসিসিভ স্টর্ম'। ইয়েমেনের সবচেয়ে দরিদ্র ও অবহেলিত উত্তরাঞ্চলের স্বায়ত্তশাসন চায় হুথিরা।

→ এডেন- ইয়েমেনের একটি বিখ্যাত সমুদ্রবন্দর। ইয়েমেনের বাণিজ্যিক রাজধানীর নাম এডেন।

→ হানিস দ্বীপপুঞ্জ : লোহিত সাগরে অবস্থিত। বিরোধ রয়েছে ইয়েমেন ও ইরিত্রিয়ার মধ্যে।

→ তাওয়াক্কুল কারমান : ইয়েমেনের নারী মানবাধিকার কর্মী। ২০১১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি নারী সাংবাদিকদের জন্য 'Women Journalists without Chains' নামে তিনি একটি সংগঠন প্রতিষ্ঠা করেন।

সৌদি আরব

বাদশাহ আবদুল আজিজ ইবনে সৌদ ১৯৩২ সালে সৌদি আরব সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। এটি আয়তনে মধ্য- প্রাচ্যের সবচেয়ে বড় দেশ। সৌদি আরব মূলত চারটি স্বতন্ত্র অঞ্চল – হেজাজ, নজদ, আল হাসা পূর্বাঞ্চলীয় আরব এবং আসির দক্ষিণাঞ্চলীয় আরব নিয়ে গঠিত। সৌদি নারীরা ভোটাধিকার পান ২০১২ সালে। মক্কা, মদীনা, মিনা সৌদি আরবের ঐতিহাসিক শহর। জাতীয় পতাকা কখনো অর্ধনমিত হয় না। নদী, সংবিধান ও পার্লামেন্ট নেই।

→ Islamic Military Alliance (IMA)

সুন্নি মুসলিম দেশের সন্ত্রাসবিরোধী সামরিক জোট হল IMA. সংগঠনটি প্রতিষ্ঠিত হয় ১৫ ডিসেম্বর, ২০১৫ সালে। এর উদ্যোক্তা সৌদি আরব। বাংলাদেশসহ ৩৪টি সুন্নিপন্থী মুসলিম দেশ এর প্রতিষ্ঠাতা। প্রথম সমর্থন জানায় চীন। ইন্দোনেশিয়া সংখ্যাগরিষ্ঠ সুন্নি দেশ হলেও এ মিলিটারি জোটের সদস্য হয়নি। সর্বাধিনায়ক পাকিস্তানের ১৫তম সেনাপ্রধান রাহিল শরীফ। সদস্য হতে পারবে না ইরান, সিরিয়াসহ শিয়া প্রধান দেশ।

→ সৌদি আরব বিশ্বের সবচেয়ে বেশি পেট্রোল মজুদকারী দেশ

→ পৃথিবীর বৃহত্তম বিমানবন্দর- জেদ্দা, সৌদিআরব (33rd BCS)

www.bdniyog.com

কাতার

কাতার পারস্য উপসাগরীয় একটি উপদ্বীপ। গ্লোবাল ফাইন্যান্স ম্যাগাজিনের মতে বিশ্বের সবচয়ে ধনী দেশ (১৮৯ টি দেশের মধ্যে)। আয়ের প্রধান উৎস হল পেট্রোলিয়াম রপ্তানি (৮৫%)। বিশ্বের সবচেয়ে বেশি মাথাপিছু আয়ের দেশ। জনসংখ্যা প্রায় ২৭ লাখ। মুদ্রার নাম রিয়াল। দেশটি স্বাধীন হয় ১৯৭১ সালে। দেশটিতে ২০২২ সালে বিশ্বকাপ ফুটবল আয়োজন করা হবে।

→ কাতারের সাথে আলোচিত কূটনৈতিক সম্পর্ক ছিন্ন : কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে মোট ০৭ টি দেশ। ৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দে সৌদিসহ প্রতিবেশী ৪টি দেশ (মোট ৬টি আরব দেশ ও মালদ্বীপ) কাতারের সাথে সম্পর্ক ছিন্ন করে। দেশগুলো হল- সৌদি আরব, ইয়েমেন, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, মিশর, লিবিয়া এবং মালদ্বীপ। কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করার জন্য কাতারকে ১৩টি শর্ত দেওয়া হয়।

জর্ডান, ওমান, বাহরাইন

→ ওমানের রাষ্ট্রপ্রধানকে বলা হয়- সুলতান। ১৯৯৬ সালে ওমানের সুলতান কাবুস রাষ্ট্রের 'মৌলিক বিধি' উপস্থাপন করেন। এটিই ওমানের প্রথম লিখিত সংবিধান হিসেবে বিবেচিত হয়।

→ জর্ডান নদীতে মাছ হয় না।

→ বাহরাইন পারস্য উপসাগরে অবস্থিত একটি দ্বীপরাষ্ট্র। ২০০২ সালে বাহরাইনের মেয়েরা মধ্যপ্রাচ্যের মধ্যে সর্বপ্রথম ভোটাধিকার পায়।

সংযুক্ত আরব আমিরাত ও লেবানন

→ আরব উপদ্বীপের দক্ষিণ-পূর্ব কোণের একটি দেশ সংযুক্ত আরব আমিরাত ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে। দেশটি সাতটি স্বাধীন প্রশাসনিক অঞ্চলের একটি ফেডারেশন। যথা- শারজাহ, দুবাই, আবুধাবি, আজমান, ফুজাইরাহ, রাস আল খাইমাহ, উম্ম আল কোয়াইন।

→ লেবানন ১৯৪৩ সালে ফ্রান্সের নিকট হতে স্বাধীনতা লাভ করে।

→ হিজবুল্লাহ : লেবাননের একটি গেরিলা সংগঠন। সংগঠনটির প্রধান শেখ হাসান নাসরুল্লাহ। 'আল মানার' হলো এই গেরিলা গোষ্ঠীর টেলিভিশন চ্যানেলের নাম।

→ লেবাননে প্রেসিডেন্ট নির্বাচিত হয় খ্রিস্টান সম্প্রদায় থেকে এবং প্রধানমন্ত্রী নির্বাচিত হয় মুসলমান সম্প্রদায় থেকে।

তুরস্ক

→ তুরস্ক নিকট প্রাচ্যের একটি দেশ। নিকট প্রাচ্যের অন্যান্য দেশসমূহ- সিরিয়া, লেবানন, ইসরাইল ও ফিলিস্তিন।

→ প্রথম বিশ্বযুদ্ধের প্রভাবে ১৯২২ খ্রিস্টাব্দে অটোমান (কেন্দ্র ছিল তুরস্কে) সাম্রাজ্যের পতন হয়। এর মাধ্যমে ৬২৪ বছরের খেলাফতের অবসান ঘটে।

→ তুরস্কের স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন কামাল আতাতুর্ক। তিনি তুরস্কের প্রথম রাষ্ট্রপতি।

→ কামাল আতাতুর্ককে আধুনিক তুরস্কের জনক বলা হয়।

→ অনেকের মতে, এটি মধ্যপ্রাচ্যের দেশ। দুটি মহাদেশের মধ্যে এটি দেশটি অবস্থিত। তুরস্কের ইস্তানবুল শহরটি দুটি মহাদেশের মধ্যে পড়েছে। ইস্তানবুলের পূর্ব নাম কনস্টানটিনোপল।

→ তুরস্কের রাজধানী আঙ্কারা, মুদ্রার নাম- লিরা।

→ ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী অবস্থিত তুরস্কে।

→ ইনোসিস : ১৯৭৪ সালে গ্রিসের সমর্থনপুষ্ট সামরিক জান্তা সাইপ্রাসের ক্ষমতায় বসলে তুরস্ক সাইপ্রাসে আগ্রাসন চালায়। সাইপ্রাসকে গ্রিসের সাথে জুড়ে দেয়ার আন্দোলনের নাম ইনোসিস।

→ আনাতোলিয়া : ভূ-মধ্যসাগর ও কৃষ্ণ সাগরের মধ্যবর্তী তুরস্কের অন্তর্গত বিশাল মালভূমির নাম আনাতোলিয়া। এটিকে 'এশিয়া মাইনর' বলা হয়।

→ সুলতান সুলেমান (অটোমান বা উসমানীয় খেলাফতের সুলতান) একটি জনপ্রিয় টিভি মেগা সিরিয়াল।

☼ *মধ্য এশিয়া (০৬টি দেশ)*

এশিয়া মহাদেশের বিশাল ভূ-বেষ্টিত (Land Locked) অঞ্চল মধ্য এশিয়া। ঐতিহাসিকভাবে অঞ্চলটি যাযাবর জাতি ও চীনের সিল্ক রোডের সাথে সম্পর্কিত। মধ্য এশিয়ার দেশগুলো এক সময় সোভিয়েত ইউনিয়নের অংশ ছিল। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে গেলে এ দেশগুলো স্বাধীন দেশ হিসেবে আবির্ভূত হয়।

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
কাজাখস্তান	নুর সুলতান	তেঙ্গে	কাজাখ, রুশ
কিরগিস্তান	বিশকেক	সোম	কিরগিজ, রুশ
উজবেকিস্তান	তাসখন্দ	সোম	উজবেক
তাজিকিস্তান	দুশানবে	সোমনি	তাজিকি, রুশ
তুর্কমেনিস্তান	আশখাবাদ	মানাত	তুর্কমেন, রুশ
আজারবাইজান	বাকু	মানাত	আজারবাইজানি

→ উপনিবেশ : মধ্য এশিয়ার সবগুলো দেশে উপনিবেশ ছিল ব্রিটেনের। স্বাধীনতা পায় সোভিয়েত ইউনিয়নের নিকট থেকে। CIS ভুক্ত দেশসমূহ স্বাধীনতা পায় রাশিয়ার নিকট থেকে, তবে উপনিবেশ ছিল ব্রিটেনের।

→ কিরগিস্তানে অবস্থিত রাশিয়ার বিমানঘাঁটি- কান্ট।

→ সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যায়- ১৯৯১ সালে।

www.bdniyog.com

→ যুক্তরাষ্ট্রের মনস বিমানঘাঁটি- কিরগিস্তানে।

→ সোভিয়েত ভেঙ্গে নতুন প্রজাতন্ত্র হয়- ১৫টি।

→ আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে বিবাদমান ছিটমহল- নাগার্নো- কারাবাখ। আজারবাইজান মূলত ককেশীয় অঞ্চলের দেশ। এটিকে কেউ ইউরোপ আবার কেউ এশিয়ার দেশ মনে করে। এজন্য একত্রে ইউরেশিয়ান দেশ বলা হয়।

→ সমরখন্দ : উজবেকিস্তানের ঐতিহাসিক নগরী। সম্রাট বাবর এখানে জন্মগ্রহণ করেন। ৩২৯ খ্রিস্টাব্দে আলেকজান্ডার এ নগরী দখল করে নেন।

→ মধ্য এশিয়ার যে দুটি দেশ কাস্পিয়ান সাগরের তীরে- আজারবাইজান ও তুর্কমেনিস্তান।

→ আয়তনে সর্ববৃহৎ মুসলিম রাষ্ট্র- কাজাখস্তান। শিরদরিয়া নদীটি অবস্থিত- কাজাখস্তানে। কাজাখস্তানের রাজধানী নূর সুলতানের পূর্ব নাম- আস্তানা।

→ The Land of Fire নামে পরিচিত- আজারবাইজান।

→ মধ্য এশিয়ার দেশ তুর্কমেনিস্তান ছাড়া সকল দেশ CIS (Commonwealth of Independent States) এর সদস্য।

CIS দেশসমূহ

→ ১৯৯১ সালে আলমাআতা প্রোটকলের মাধ্যমে সাবেক সোভিয়েত ইউনিয়ন dissolved হলে ১৫টি রাষ্ট্র গঠিত হয়। ১৫টি দেশের মধ্যে ১২টি দেশ একই বছর Belavezha Accords এর মাধ্যমে The Commonwealth of Independent States (CIS) গঠন করার ব্যাপারে সম্মত হয়।

→ ২১ ডিসেম্বর, ১৯৯১ সালে ৮টি দেশের নেতা কর্তৃক আলমাআতা প্রোটকলে স্বাক্ষরের মাধ্যমে CIS গঠিত হয়।

→ দুই বছর পর ডিসেম্বর, ১৯৯৩ সালে জর্জিয়া যুক্ত হয়। এরপর আরও দুটো দেশ CIS এর সদস্যভুক্ত হয়।

→ বাল্টিক দেশসমূহ (এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া) CIS এর সদস্যভুক্ত হতে অসম্মত হয়। বাকী ১২টি দেশের মধ্যে ইউক্রেন চুক্তিতে স্বাক্ষর করলেও পরবর্তীতে তা অনুমোদন করেনি। তুর্কমেনিস্তান সহযোগী দেশ হিসেবে রয়েছে। দক্ষিণ ওশেটিয়া ও আবখজিয়া নিয়ে রাশিয়ার সাথে দ্বন্দ্বে জর্জিয়া ২০০৮ সালে সদস্যপদ প্রত্যাহার করে নেয়। ফলে বর্তমানে CIS এর সদস্যভুক্ত দেশ ৯টি।

ইউরোপ মহাদেশ

বিগত বছরের প্রশ্ন

০১. ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়ানের জীবনাবসান হয়- সেন্ট হেলেনা দ্বীপে। সম্রাট নেপোলিয়ান ছিলেন ফ্রান্স সাম্রাজ্যের সম্রাট। তিনি ১৮১৫ সালে ওয়াটার লুর যুদ্ধে ব্রিটেনের সাথে পরাজিত হয়ে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হয়।

০২. বেনেলাক্স বলতে যে দেশগুলোকে বোঝায়- বেলজিয়াম, নেদারল্যান্ডস, লুক্সেমবার্গ। (১৭তম বিসিএস)

০৩. কসোভো নগরীর সাথে সার্বীয়দের স্পর্শকাতর সম্পর্কের কারণ- এর ধর্মীয় ঐতিহ্য ও ঐতিহাসিক স্মৃতি। (২০তম বিসিএস)

০৪. হেলসিংকি কোন দেশের রাজধানী- ফিনল্যান্ড। (২২তম বিসিএস)

০৫. মাদার তেরেসা জন্মগ্রহণ করেন- আলবেনিয়া/ মেসিডোনিয়া। (২৬তম ও ৩৬তম বিসিএস)

০৬. কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার পায়- নিউজিল্যান্ড। (২৭তম বিসিএস)

০৭. ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্টের নাম- ইমানুয়েল ম্যাঁখো। (২৮তম বিসিএস)

০৮. কার্ল মার্ক্স কোন দেশে মৃত্যুবরণ করেন- যুক্তরাজ্য। (৩২তম বিসিএস)

০৯. গ্রীনল্যান্ডের মালিকানা কোন দেশের- ডেনমার্ক। (৩২তম বিসিএস)

১০. জুলিয়াস সিজার বিখ্যাত- রোমান সম্রাট হিসেবে। (৩২তম বিসিএস)

১১. পূর্ব ও পশ্চিম জার্মানি পুনরায় একটি রাষ্ট্র গঠন করে- ১৯৯০ সালের ৩ অক্টোবর। (১৩তম বিসিএস)

১২. সামন্তবাদ কোন ইউরোপীয় দেশে সূত্রপাত হয়- ফ্রান্স। (৩৭তম বিসিএস)

১৩. 'লৌহ মানবী' বলে পরিচিত- মার্গারেট থ্যাচার। (২৫তম বিসিএস)

১৪. ব্রিটেনের রাণী কোন কোন দেশের সাংবিধানিক প্রধান- অস্ট্রেলিয়া, স্কটল্যান্ড, আয়ারল্যান্ড। (২৬তম বিসিএস)

১৫. মাইকেল এঞ্জেলা কোন দেশের শিল্পী- ইতালি। (২৩তম বিসিএস)

১৬. 'Imperialism, the Highest Stage of Capitalism'– বইটি কার লেখা- ভি আই লেলিন। (৩৮তম বিসিএস)

১৭. অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন- ভি আই লেলিন। (৩৮তম বিসিএস)

অবস্থান ও সংখ্যা	দেশ
পশ্চিম ইউরোপ (১০টি)	যুক্তরাজ্য, জার্মানি, ফ্রান্স, সুইজারল্যান্ড, নেদারল্যান্ডস, বেলজিয়াম, লুক্সেমবুর্গ, লিচেনস্টাইন, মোনাকো, আয়ারল্যান্ড।
উত্তর ইউরোপ (৫টি)	ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, ডেনমার্ক, সুইডেন। [মনে রাখুন : FINDS]

www.bdniyog.com

পূর্ব ইউরোপ (৯টি)	এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, রাশিয়া, জর্জিয়া, আর্মেনিয়া, ইউক্রেন, মলদোভা, বেলারুশ।
মধ্য ইউরোপ (৫টি)	চেকিয়া, স্লোভাকিয়া, অস্ট্রিয়া, হাঙ্গেরি, পোল্যান্ড।
দক্ষিণ ইউরোপ (৮টি)	ইতালি, পর্তুগাল, স্পেন, মাল্টা, এ্যান্ডোরা, সাইপ্রাস, স্যানম্যারিনো, ভ্যাটিকান সিটি।
বলকান (১১টি)	ক্রোয়েশিয়া, গ্রিস, মন্টিনিগ্রো, সার্বিয়া, মেসিডোনিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, বুলগেরিয়া, স্লোভেনিয়া, কসোভো, রোমানিয়া, আলবেনিয়া।

☼ *পশ্চিম ইউরোপ (১০টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রার নাম	ভাষা
যুক্তরাজ্য	লন্ডন	পাউন্ড	ইংরেজি
জার্মানি	বার্লিন	ইউরো	জার্মান
ফ্রান্স	প্যারিস	ইউরো	ফ্রেঞ্চ
সুইজারল্যান্ড	বার্ন	ফ্রাংক	জার্মান, ফ্রেঞ্চ
নেদারল্যান্ডস	আমস্টারডাম	ইউরো	ইংরেজি, ডাচ
বেলজিয়াম	ব্রাসেলস	ইউরো	ফ্রেঞ্চ, ডাচ
লুক্সেমবুর্গ	লুক্সেমবুর্গ	ইউরো	লুক্সেমবুর্গিস
লিচেনস্টাইন	ভ্যাডুজ	সুইস ফ্রাংক	জার্মান
মোনাকো	মোনাকো	ইউরো	ফ্রেঞ্চ
আয়ারল্যান্ড	ডাবলিন	ইউরো	আইরিশ, ইংরেজি

→ পশ্চিম ইউরোপের সর্ববৃহৎ দেশ ফ্রান্স এবং ক্ষুদ্রতম দেশ মোনাকো (আয়তন- ১.৯৮ বর্গকিলোমিটার)।

→ ফ্রান্স ও যুক্তরাজ্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য।

ফ্রান্স

→ ফ্রান্স ভূখণ্ডের প্রাচীন গোত্রের নাম- ফ্রাঙ্ক। ফ্রান্স নামের উৎপত্তি হয়- ফ্রাঙ্ক জাতির নামানুসারে। ১৭৯২ সালে ফ্রান্স প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে।

→ ফ্রান্সের স্বাধীনতার নেতৃত্ব দেন- চার্লস দ্যা গল।

→ ভার্সাই নগরী অবস্থিত- ফ্রান্সে।

→ প্যারিসকে বলা হয়- সিটি অব কালচার।

→ ল্যুভর মিউজিয়াম অবস্থিত ফ্রান্সে।

→ অন্নদাশঙ্কর রায় রচিত 'পারি' গল্পের নগরীটি ফ্রান্সের।

→ ফ্রান্স 'স্ট্যাচু অব লিবার্টি' আমেরিকাকে উপহার দেয় যুক্তরাষ্ট্রকে।

→ ফ্রান্সের প্রেসিডেন্টের বাসভবনের নাম- এলিসি প্রসাদ। ফ্রান্সের বর্তমান প্রেসিডন্টের নাম- ইমানুয়েল ম্যাক্রো (রাজনৈতিক দলের নাম- La Republic En Marche!)

→ ইতালিতে ফ্যাসিজমের প্রবর্তন করেন- মুসোলিনী।

→ আইফেল টাওয়ার- প্যারিসে, উচ্চতা ৩২০ মি. (১০৫০ ফুট)

→ ভার্সেলিসের যুদ্ধে জয়ী হয়- ফ্রান্স।

→ ফ্রান্স পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটায়- মুরুরোয়া দ্বীপে।

→ ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব- জেকোবিন।

→ সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা- রুশো।

→ শতবর্ষের যুদ্ধ : ইংল্যান্ড ও ফ্রান্স- এর মধ্যে 'শতবর্ষ ব্যাপী' যুদ্ধের স্থায়িত্বকাল ছিল ১৩৩৭/১৩৩৮- ১৪৫৩ সাল পর্যন্ত। যুদ্ধের মূল কারণ ছিল ফ্রান্সের সিংহাসনের উপর ব্রিটিশ রাজাদের দাবি। ইংল্যান্ডের রাজা তৃতীয় এডওয়ার্ড ১৩৩৭ সালে ফ্রান্সের সিংহাসন দাবি করে যুদ্ধে ফ্রান্সকে পরাজিত করে এক বড় অংশ দখল করে নেয়। ১৪৫৩ সালে সর্বশেষ যুদ্ধে জোয়ান অব আর্কের বীরত্বের মাধ্যমে ফ্রান্সের জয় হলে শতবর্ষের যুদ্ধের অবসান ঘটে।

→ ফরাসি বিপ্লব

- ব্যাপ্তি : ১৭৮৯-৯৯ খিস্টাব্দ।
- রাজা- ষোড়শ লুই (বিপ্লবের মাধ্যমে পতন), রাণী- আঁতনয়র্তী।
- বিপ্লবের কারণ- জনসাধারণের দু:খ-কষ্টের ব্যাপারে উদাসীনতা।
- বাস্তিল দুর্গ অবস্থিত- ফ্রান্সের রাজধানী প্যারিসে।
- বাস্তিল দুর্গ নির্মাণ করেন- পঞ্চম চার্লস।
- বাস্তিল দুর্গ ছিল- স্বৈরাচারী সরকারের জুলুম-নির্যাতনের প্রতীক।
- ১৪ জুলাই, ১৭৮৯- সাধারণ জনগণ বাস্তিল দুর্গ ভেঙ্গে বন্দীদের মুক্ত করে। ফ্রান্সের স্বাধীনতা দিবস- ১৪ই জুলাই।
- ফরাসি বিপ্লবে শ্লোগান- 'ভ্রাতৃত্ব, সাম্য ও স্বাধীনতা (Fraternity, Equality & Liberty)।

→ লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিল- রুশ ও ভলতেয়ার।

→ ফরাসি বিপ্লব যখন তুঙ্গে তখন দৃশ্যপটে হাজির হয়েছিল ফরাসি বিপ্লবের শিশু (লিটল কর্পোরাল নামেও অভিহিত করা হয়) খ্যাত নেপোলিয়ান বোনাপোর্ট। ফ্রান্স হতে স্বাধীনতপ্রাপ্ত দেশসমূহ- হাইতি, লেবানন (১৯৪১), ভিয়েতনাম (১৯৪৫), সিরিয়া (১৯৪৬), লাওস, কম্বোডিয়া (১৯৫৩), আইভরি কোস্ট, ক্যামেরুন, মালি, উগান্ডা, সুদান (১৯৬০), কঙ্গো, শাদ, মাদাগাস্কার, সেনেগাল, বেনিনি, আলজেরিয়া।

→ সেন্ট হেলেনা- দক্ষিণ আটলান্টিক মহাসাগরে অবস্থিত। এটির মালিক যুক্তরাজ্য। এটিকে নিয়ে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র এর মাঝে বিরোধ রয়েছে। ১৮১৫ সালে নেপোলিয়ান বোনাপোর্টকে এ দ্বীপেই নির্বাসন দেয়া হয়। তিনি ১৮২১ সালে এ দ্বীপেই মারা যায়।

→ ইউরো টানেল বা চ্যানেল টানেল : ফ্রান্স ও ইংল্যান্ডকে সংযুক্তকারী সমুদ্রের তলদেশ দিয়ে। এটি একটি রেল চ্যানেল। ১৯৯২ সালে যাত্রীবাহী ট্রেন ইংলিশ চ্যানেলের নিচ দিয়ে প্রথমবারের মত ফ্রান্স থেকে ইংল্যান্ডে পৌঁছানোর মধ্য দিয়েই শুরু হয় ইউরো টানেল বা চ্যানেল টানেল রেলপথ।

→ **ইয়োলো ভেস্ট আন্দোলন** : ট্যাক্সি চালকদের ব্যবহৃত ইয়োলো ভেস্ট বা হলুদ জ্যাকেট পরে বিক্ষোভকারীরা রাস্তায় নামায় ফ্রান্সে যে আন্দোলন (সূত্রপাত হয় ভেসৌল শহরে) **'ইয়োলো ভেস্ট' বা 'হলুদ জ্যাকেট'** আন্দোলন নামে পরিচিতি পায়। ১৭ নভেম্বর ২০১৮ থেকে এ আন্দোলন শুরু হয়। ১০ ডিসেম্বর ২০১৮ প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে দু:খ প্রকাশ করেন এবং বিভিন্ন ধরনের অর্থনৈতিক পদক্ষেপ নেয়ার ঘোষণা দেন।

www.bdniyog.com

→ আলোচিত ব্যক্তি :

নেপোলিয়ন বোনাপোর্ট (১৭৬৯-১৮২১)	নেপোলিয়ান ইতালির কর্সিকা দ্বীপে জন্মগ্রহণ করেন। তিনি ফ্রান্সের সেনাবাহিনীতে যোগ দেন। ১৮০৪ সালে সিনেট তাকে 'সম্রাট' উপাধি দেয়। ১৮০৫ সালে তিনি ট্রাফালগারের যুদ্ধে জয়লাভ করেন। ১৮ জুন ১৮১৫ সালে ইংরেজ সেনাপতি লর্ড ওয়েলিংটনের নেতৃত্বে সম্মিলিত মিত্রবাহিনী ওয়াটার লু নামক স্থানে নেপোলিয়ানকে পরাজিত হবার পর তাঁকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসন দেওয়া হয়। তাকে আর্সেনিক বিষ প্রয়োগে ধীরে ধীরে হত্যা করা হয়েছে বলে জানা যায়। নেপোলিয়ানের সর্বশ্রেষ্ঠ কীর্তি 'আইন সংস্কার'। তাঁর বিখ্যাত উক্তি- ' ▪ Impossible is a word which is found in a fool's dictionary. (অসম্ভব কথাটি বোকাদের অভিযানের পাওয়া যায়।) ▪ Give me good mother, I will give you good nation. ▪ I am the revolution. (আমিই বিপ্লব) ▪ Ability is nothing without opportunity. ▪ Never interrupt your enemy when he making a mistake. ▪ A leader is a dealer in hope.
চার্লস গল	পুরো নাম চার্লস যোসেফ দ্যা গল । ফরাসি জেনারেল। ১৯৪০ সালে দ্বিতীয় মহাযুদ্ধের সময় হিটলারের জার্মানি কর্তৃক ফ্রান্সের পতন ঘটলে দ্য গল মুক্তিবাহিনী গঠন করেন এবং ফ্রান্সের স্বাধীনতা সংগ্রামে নেতৃত্ব দেন। ফ্রান্সের সাবেক প্রধানমন্ত্রী (১৯৫৮- ৫৯) এবং প্রেসিডেন্ট (১৯৫৯- ৬৯)। নেপোলিয়ানের পর তাঁকেই মহান ফরাসি মনে করা হয়। তিনি আফ্রিকার উপনিবেশগুলোর স্বাধীনতা প্রদান করেন।
জ্যাঁক রুশো	পুরো নাম জ্যাঁ জ্যাঁক রুশো। ফরাসি বিপ্লবের অগ্রনায়ক। দার্শনিক রুশোর উল্লেখযোগ্য গ্রন্থ 'কনফেনস', 'The Social Contract'। ফরাসি বিপ্লবের স্লোগান- 'Liberty, Equality and Fraternity'- এর প্রবক্তা। সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা। তার বিখ্যাত উক্তিসমূহ- ▪ Man is born free, but is eveverywhere in chains. (মানুষ স্বাধীনভাবে জন্মায়, তথাপি সে সর্বত্র শৃঙ্খলিত)। ▪ The world of reality has its limits; the world of magination is boundless. (বাস্তবতার রাজ্য সীমাবদ্ধ, কিন্তু কল্পনা সীমাহীন।) ▪ জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী।
ভলতেয়ার	ফ্রান্সের বিখ্যাত দার্শনিক ও লেখক। 'এসেজ অন মোরালস', স্পিরিট অব নেশনস' তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ। তাঁর বিখ্যাত উক্তিসমূহ- ▪ Common sense is not so common. ▪ I disapprove of what you say, but I will defend to death your right to say it.
ফ্রাঁসোয়া মিতেরাঁ	ফ্রান্সের ২১ তম প্রেসিডেন্ট। সোশ্যালিস্ট প্রার্থী মিতেরাঁ ১৯৮১ সালে অনুষ্ঠিত ফ্রান্সে সাধারণ নির্বাচনে প্রেসিডেন্ট দেস্তাকে পরাজিত করেন।
মন্টেস্কু	বিখ্যাত গ্রন্থ- The Spirit of Law.
চতুর্দশ লুই	বিখ্যাত উক্তি- আমিই রাষ্ট্র।

→ সামন্তবাদের সূত্রপাত ও বিলুপ্ত হয়- ফ্রান্সে।

→ ফ্রান্সের ভার্সাই নগরীতে বসে সনেট রচনা করেন মাইকেল মধুসূদন দত্ত।

যুক্তরাজ্য

England & Wales	১৫৩৫ এবং ১৫৪২ সালের Laws in Wales Acts এর মাধ্যমে England এবং Wales একত্রিত হয়।
England, Scotland & Wales	Great Britain হল একটি দ্বীপ। ১৭০৭ সালে Acts of Union অনুসারে স্কটল্যান্ড ব্রিটেনের সাথে সংযুক্ত হলে 'Kingdom of Great Britain' গঠিত হয়।
England, Scotland, Wales & Ireland	১লা জানুয়ারি, ১৮০১ সালে 'Acts of Union of Great Britain and Ireland' এর মাধ্যমে হয় 'The United Kingdom of Great Britain and Ireland'
England, Scotland, Wales & Northern Ireland	১৯২২ সালে দক্ষিণ আয়ারল্যান্ড স্বাধীন হয়ে গেলে, দেশটির নাম হয় 'The United Kingdom of Great Britain and Northern Ireland (UK)'

→ গৌরবময় বিপ্লব (Glorious Revolution) : ১৬৮৮ সালে গৌরবময় বিপ্লবের মাধ্যমে ব্রিটেনে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়।পৃথিবীর প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে যুক্তরাজ্যে। বর্তমানে যুক্তরাজ্যে শাসনতান্ত্রিক রাজতন্ত্র সরকার পদ্ধতি প্রচলিত আছে।

→ শিল্প বিপ্লব (Industrial Revolution) : অষ্টাদশ শতাব্দীর (পরীক্ষায় আসে- ১৭৬০) শেষভাগে ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সূচনা হয়। মূলত টেক্সটাইল খাতের বিকাশের মাধ্যমে এ বিপ্লবের সূচনা হয়। ঊনবিংশ শতাব্দীতে সমগ্র ইউরোপে শিল্প বিপ্লব ছড়িয়ে পড়ে। শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কুটির শিল্প ধ্বংস হয়।

→ সংবিধান (Constitution): যুক্তরাজ্যের কোন লিখিত সংবিধান নেই। সনদপত্র (আবেদনপত্র, Petition) এবং অন্যান্য শাসনতান্ত্রিক ঘটনাবলীর সমন্বয়ে এই সংবিধান গঠিত। এর মধ্যে ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস, বিল অব রাইটস উল্লেখযোগ্য। ব্লাসফেমি আইন যুক্তরাজ্যে প্রথম চালু হয়। 'ব্লাসফেমি' শব্দের অর্থ ধর্মনিন্দা বা ঈশ্বর নিন্দা। ধর্ম বা ঈশ্বরের বিরুদ্ধে কথা বলার প্রতিরোধে এ আইন করা হয়।

→ **ইউনিয়ন জ্যাক (Union Jack)** : যুক্তরাজ্যের জাতীয় পতাকাকে ইউনিয়ন জ্যাক (Union Jack) বা ইউনিয়ন ফ্ল্যাগ (Union Flag) বলা হয়।

→ ভিক্টোরিয়া ক্রস (Victoria Cross) : 'ভিক্টোরিয়া ক্রস' ব্রিটেনের সর্বোচ্চ সামরিক খেতাব। কমনওয়েলথভুক্ত দেশসমূহের মধ্যে এ পদক প্রদান করা হয়।

→ সরকার (Government) : রানী দ্বিতীয় এলিজাবেথ যুক্তরাজ্যের রাষ্ট্রপ্রধান; প্রধানমন্ত্রী সরকার প্রধান। ব্রিটেনের অর্থমন্ত্রীকে Chancellor of Ex-Chequer বলা হয়। ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী পদবী 'Secretary of State for Foreign and Commonwealth Affairs'.

→ আইনসভা (Parliament) : ব্রিটেনের আইনসভার নাম পার্লামেন্ট। আইনসভা দুই কক্ষবিশিষ্ট (Bi-Cameral)। যথা- হাউস অব লর্ডস (উচ্চ কক্ষ) এবং হাউজ অব কমনস (নিম্নকক্ষ)। ব্রিটেনের পার্লামেন্ট ভবনের নাম 'Palace of

www.bdniyog.com

Westmnister' বা The Westminster Palace'। এটি লন্ডনের টেমস নদীর তীরে অবস্থিত।

→ **সংসদ নির্বাচন (Parliament Election)** : পাঁচ বছর অন্তর অন্তর পার্লামেন্টের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। সাধারণত বৃহস্পতিবারে নির্বাচন অনুষ্ঠিত হয়। সরকার গঠনের জন্য পার্লামেন্টের ৬৪৯ জন সদস্যের মধ্যে ৩২৬ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়।

→ ব্রিটিশ রাজতন্ত্র (British Monarchy) : ইংল্যান্ডের প্রথম রাজা ছিলেন কিং আলফ্রেড দ্য গ্রেট। ১৬০৩ সালে ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং আয়ারল্যান্ডের প্রথম রাজা হন ষষ্ঠ জেমস। রাজা অষ্টম এডওয়ার্ড আমেরিকার একজন বিধবা মহিলা ওয়ালিস স্যাম্পসনকে বিবাহ করেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী এবং জনগণ স্যাম্পসনকে রানী হিসেবে মেনে নিতে অস্বীকৃতি জানায়। এজন্য তিনি ১৯৩৬ সালের ১১ ডিসেম্বর রাজসিংহাসন ত্যাগ করেন। প্রিন্সেস ডায়ানা ছিলেন প্রিন্স অব ওয়েলথ চার্লস এর প্রথম স্ত্রী। ১৯৯৭ সালের ৩১ আগস্ট ফ্রান্সের 'পন্ট ডি আলমা' টানেলে সড়ক দুর্ঘটনায় তিনি মৃত্যুবরণ করেন।

→ *যুক্তরাজ্যের রাণী যে দেশগুলোর রাষ্ট্রপ্রধান* : যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, টুভ্যালু, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনস্টেন অ্যান্ড গ্রানাডাইন, এন্টিগুয়া অ্যান্ড বারমুডা, জ্যামাইকা, গ্রানাডা, বেলিজ, সলোমন দ্বীপপুঞ্জ, পাপুয়া নিউগিনি, বার্বাডোস, বাহামা।

→ ম্যাগনাকার্টা (Magna Carta) : ম্যাগনা কার্টা হলো ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল। ১২১৫ সালের ১৫ জুন ব্যারন ও চার্চের নেতৃবৃন্দ টেমস নদীর তীরে রানিমেড নামক স্থানে রাজা জনের সামনে একটি দলিল বের করে দেন যাতে তিনি সিলমোহর লাগাতে বাধ্য হন। এটিই ম্যাগনা কার্টা। এ দলিলটিকে আধুনিক গণতন্ত্রের ভিত্তি হিসেবে গণ্য করা হয়। দলিলে উল্লেখ করা হয়েছিল, বৈধ উপায়ে কর সংগ্রহ করতে হবে, ভয়-ভীতি বা পক্ষপাতিত্ব বর্জন করে সবার জন্য ন্যায়বিচার নিশ্চিত করতে হবে, বিনা বিচারে কাউকে আটক রাখা যাবে না।

→ ওয়েস্ট মিনিস্টার অ্যাবে (Westminster Abbey) : রানী প্রথম এলিজাবেথ নির্মিত একটি বিখ্যাত চার্চ হলো ওয়েস্ট মিনিস্টার অ্যাবে। এখানে রাজা-রানীদের সিংহাসন আরোহণের অনুষ্ঠান এবং শেষকৃত্য অনুষ্ঠিত হয়।

→ ইংল্যান্ডের সর্বশ্রেষ্ঠ রাজা- মহামতি আলফ্রেড। তাঁকে আইনের শাসক বলা হয়।

→ 'ভার্জিন কুইন'- ইংল্যান্ডের রাণী প্রথম এলিজাবেথকে।

→ জার্মানির যে রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন- রাজা তৃতীয় জর্জ।

→ ব্রিটেনের রাজা যিনি একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজ সিংহাসন হারন- অষ্টম এডওয়ার্ড।

→ নেদারল্যান্ডের যে শাসক ইংল্যান্ডের রাজা হন- উইলিয়াম অব অরেঞ্জ।

→ রানী এলিজাবেথ রানীর পদে অধিষ্ঠিত হন- ২ জুন, ১৯৫৩ সালে।

→ ইংল্যান্ডের প্রথম প্রধানমন্ত্রী- রবার্ট ওয়ালপোল।

→ প্রথম বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন- হেনরী আইসকুইথ ও ডেভিড লয়েড জর্জ।

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন- চেম্বারলিন, উইন্সটন চার্চিল ও ক্লিমেন্ট এটলি।

→ সিপাহী বিদ্রোহের সময় ব্রিটেনের রাণী ছিলেন- ভিক্টোরিয়া।

→ গ্রিনউইচ মান মন্দির অবস্থিত- লন্ডনে (ইংল্যান্ড)।

→ স্কটল্যান্ডের স্বাধীনতা প্রশ্নে গণভোট অনুষ্ঠিত হয়- ১৮ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দে।

→ স্কটল্যান্ড ইয়ার্ড : লন্ডনের মেট্রোপলিটন পুলিশের প্রধান কার্যালয়।

→ ব্রিটিশ মহিলারা ভোটাধিকার লাভ করেন- ১৯১৮ সালে।

→ ব্রেক্সিট প্রশ্নে গণভোট অনুষ্ঠিত হয়- ২৩ জুন, ২০১৬ খ্রি.। ব্রেক্সিট চুক্তি সংগঠিত লিসবন চুক্তির আর্টিকেল-৫০ অনুসারে। যুক্তরাজ্যের পার্লামেন্টের নিম্নকক্ষ হাউজ অব কমেন্সে ব্রেক্সিট চুক্তি সংক্রান্ত তিনটি গুরুত্বপূর্ণ ভোটে পরাজিত হন - ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে। যুক্তরাজ্যের ইউরোপীয় ইউনিয়ন ত্যাগ সংক্রান্ত BREXIT বিল আনুষ্ঠানিকভাবে আইনে পরিণত হয় - ২৬ জুন ২০১৮।

→ ১৯৪৭ এ স্বাধীনতা পায়- ভারত, পাকিস্তান, নিউজিল্যান্ড। ১৯৬৩ তে স্বাধীনতা পায় – বদ কেমি (বতসোয়ানা, কেনিয়া, মিশর)। ১৯৭১ এ স্বাধীনতা পায় বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত। এছাড়াও ব্রিটিশদের থেকে স্বাধীনতাপ্রাপ্ত কিছু দেশ- যুক্তরাষ্ট্র (১৭৭৬), কুয়েত (১৯৬১), শ্রীলঙ্কা (১৯৪৮), ইসরাইল (১৯৪৮), আফগানিস্তান, মায়ানমার (১৯৪৮), কানাডা, মালয়েশিয়া (১৯৫৭), মালদ্বীপ (১৯৬৫), ঘানা, সংযুক্ত আরব আমিরাত, নাইজেরিয়া, জিম্বাবুয়ে।

→ ২২তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে- ২০২২ সালে (বার্মিংহাম, যুক্তরাজ্য)।

→ ব্রিটিশ পার্লামেন্টে বাংলাদেশি বংশোদ্ভূত তিনজন এমপি- রূপা আশা হক, রুশনারা আলী, টিউলিপ রেজওয়ানা সিদ্দিকী।

→ হারকিউলিস- ইংল্যান্ডের সন্ত্রাসবিরোধী ইউনিট।

→ যুক্তরাজ্যের প্রথম মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রী- সাজিদ জাভেদ।

→ জিব্রাল্টর দ্বীপ (ভূমধ্যসাগরে অবস্থিত) নিয়ে বিরোধ- যুক্তরাজ্য ও স্পেনের মধ্যে।

→ Achill Island অবস্থিত আয়ারল্যান্ডে।

→ ব্রিটিশ সরকার গোল্ডেন ভিসা বাতিল করে- ৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দে।

→ ট্রাফালগর স্কয়ার : ট্রাফালগার স্কয়ার লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি স্কয়ার। এখানে রাজনৈতিক সভাসমিতি অনুষ্ঠিত হয়। ১৮০৫ সালে সংঘটিত বিখ্যাত ট্রাফালগারের যুদ্ধে ফ্রান্সের বিরুদ্ধে ব্রিটিশ নৌবাহিনীর জয়কে স্মরণীয় করে রাখতে এ নামকরণ করা হয়।

→ হাইড পার্ক : লন্ডনে অবস্থিত। এটি একটি মঞ্চ। এখানে দাঁড়িয়ে স্বাধীনভাবে যে কেউ বক্তব্য রাখতে পারে।

→ বিগ বেন : ব্রিটিশ পার্লামেন্টের উত্তর পাশে অবস্থিত ক্লক টাওয়ারের সুবিশাল ঘণ্টার নাম বিগবেন (Big Ben)। এটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ঘড়ি।

→ **বুশ হাইজ** : লন্ডনের কিংসওয়ে শহরের দক্ষিণে ওয়েস্ট মিনিস্টারে অবস্থিত বিবিসির প্রাক্তন কার্যালয়ের নাম বুশ

www.bdniyog.com

হাউজ। অ্যান্ডউইচ এবং দি স্ট্র্যান্ট স্ট্রিটের মাঝামাঝি এর অবস্থান। ভবনটির নামকরণ করা হয়েছে মূলত পরিকল্পনাকারী ইরভিং টি বুশ এর নামানুসারে। ৪ জুলাই, ১৯৩৫ সালে আমেরিকার স্বাধীনতা দিবসে লর্ড ব্যালফারের নেতৃত্বে এটি উন্মোচন করা হয়।

→ **মার্লবরো হাউজ :** লন্ডনে অবস্থিত। কমনওয়েলথের সদর দপ্তর।

→ **ইন্ডিয়া হাউজ :** লন্ডনে অবস্থিত। ভারতীয় হাইকমিশনের অফিস।

→ **ফ্লিট স্ট্রিট :** লন্ডনে অবস্থিত। সংবাদপত্র প্রকাশনার জন্য বিখ্যাত।

→ **বাংলা টাউন :** লন্ডনে অবস্থিত। বাঙ্গালি অধ্যুষিত এলাকা।

→ **১০ নং ডাউনিং স্ট্রিট :** যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন ও কার্যালয়ের নাম।

→ **১১ নং ডাউনিং স্ট্রিট :** অর্থমন্ত্রী, যুক্তরাজ্য এর বাসভবন।

→ **ব্রডকাস্টিং হাউস :** লন্ডনের বিবিসি-এর বর্তমান প্রধান কার্যালয়।

→ **হোয়াইট হল :** ব্রিটেনের প্রশাসনিক দপ্তর। এটি কিং হেনরি-৮ এর বাসভবন ছিল।

→ **উইন্ডসর ক্যাসেল/ বাকিংহাম প্যালেস :** যুক্তরাজ্যের রাণীর বাসভবনের নাম।

→ A good face is the best letter of recommendation- Elizabeth-I.

→ বিশিষ্ট ব্যক্তিবর্গ :

রাণী এলিজাবেথ	ব্রিটেনের রানী সাংবিধানিকভাবে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব পালন করে থাকেন। রানী এলিজাবেথ ১৯২৬ সালের ৬ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। ১৯৫৩ সালের ২ জুন রানী সিংহাসনে বসেন। রানীর নামে ব্রিটেনের শাসনকার্য পরিচালিত হয় এবং তিনি কমনওয়েলথেরও প্রধান। তিনি এককভাবে কোন রাষ্ট্রীয় সিদ্ধান্ত নিতে পারেন না। পার্লামেন্টে গৃহীত সিদ্ধান্তে তিনি স্বাক্ষর করে আইনে পরিণত করেন। কমনওয়েলথ-এর সদস্যভুক্ত ১০টি দেশের রাষ্ট্রপ্রধানকেও তিনি মনোনীত করেন। ১৯৪৭ সালের ২০ নভেম্বর তাঁর সাথে প্রিন্স ফিলিপের বিয়ে হয়। তিনি ৪ সন্তানের জননী।
স্যার উইন্সটন চার্চিল	ব্রিটেনের রাজনীতিবিদ এবং লেখক। ব্রিটেনের প্রধানমন্ত্রী (১৯৪০- ১৯৪৫, ১৯৫১- ৫৫) ও রক্ষণশীল দলের নেতা ছিলেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটেনের নেতৃত্ব দেন। তিনি 'The History of the Second World War' বই– এর জন্য ১৯৫৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ (রাজনীতিবিদ হয়েও) করেন। তার বিখ্যাত উক্তি- 'We shall fight on the beaches'.
মার্গারেট থ্যাচার	মিসেস মার্গারেট থ্যাচার ব্রিটেনের রাজনীতিতে লৌহমানবী হিসেবে পরিচিত। তিনি ছিলেন ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। তিনি প্রথম জীবনে রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন। তাঁর সময়ই ব্রিটেন আর্জেন্টিনার বিপক্ষে ফকল্যান্ড যুদ্ধে (১৯৮২) জড়িয়ে পড়ে। ১৯৮৩ এবং ১৯৮৭ সালের নির্বাচনেও তিনি জয়লাভ করেন।
প্রিন্সেস ডায়ানা	তিনি আলমা ডি টানেলে সুড়ঙ্গপথে প্যারিসে দুর্ঘটনায় মৃত্যুবরণ করেনন।

→ সমুদ্রের বধু বলা হয়- গ্রেট ব্রিটেনকে।

→ যুক্তরাজ্যের যুদ্ধবিমান : টর্নেডো, জেভলিন, গ্রেব, টাইফুন, হান্টার, হারিকেন, হর্ন, গ্লাডিয়েটন, ক্যামেরুন।

জার্মানি

→ আধুনিক জার্মানির জনক- অটো ভন বিসমার্ক (তাঁকে বলা হয় 'Man of Blood & Iron'। তিনি বলেন- 'এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না'। তিনি জার্মানির ঐক্যকরণের জন্য বিখ্যাত। জার্মানির প্রাচীন রাজাদের বলা হয় কাইজার। জার্মানির-

রাষ্ট্রপ্রধানকে বলা হয়	রাষ্ট্রপতি
সরকার প্রধানকে বলা হয়	চ্যান্সেলর

→ কিয়েল, এলক ট্রেড, প্রিন্সেস জুলিয়ানা খাল অবস্থিত- জার্মানিতে। রাইন, দানিয়ুব নদী প্রবাহিত হয়েছে।

→ পোপ ষোড়শ বেনেডিক্ট জন্মগ্রহণ করেছিলেন- জার্মানি। পুরো নাম জোসেপ এ্যালয়সিয়াস রেটজিঙ্গার। জন্ম ১৯২৭ সালে।

→ দুর্নীতি বিরোধী আন্তর্জাতিক সংস্থা Transparency International এর সদর দপ্তর- জার্মানির বার্লিনে।

→ ব্যাভারিয়া স্বাধীনতাকামীরা- জার্মানির।

→ **বার্লিন প্রাচীর :** ১৯৮৯ সালের ঘোষণার পর এটি ভেঙ্গে দেয়া হয় ১৯৯০ সালের ১৩ জুন। এটি নির্মাণ করা হয়েছিল ১৩ আগস্ট, ১৯৬১ সালে। দুই জার্মানি একত্রিত হয় ১৯৯০ সালের ৩রা অক্টোবর। (সূত্র : দি নিউইয়র্ক টাইমস)। বার্লিন দেয়ালে নির্মিত গেটের নাম- ব্যান্ডেড গেট। বার্লিন প্রাচীরের দৈর্ঘ্য ছিল ১৫৫ কিলোমিটার।

→ **নুরেমবার্গ ট্রায়াল :** দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধাপরাধী জার্মানকে বিচার করার জন্য মিত্রশক্তির গঠিত ট্রাইব্যুনাল। নভেম্বর, ১৯৪৫ সালে বিচারকার্য শুরু হয়।

→ **এডলফ হিটলার** - অস্ট্রীয় বংশোদ্ভূত জার্মান রাজনীতিবিদ। যিনি 'ন্যাশনাল সোশ্যালিস্ট জার্মান ওয়ার্কার্স পার্টি'র নেতৃত্ব দিয়েছিলেন। তিনি ১৯৩৩- ১৯৪৫ সাল পর্যন্ত জার্মানির চ্যান্সেলর ছিলেন। হিটলার প্রথম বিশ্বযুদ্ধে সৈনিক হিসেবে যোগ দিয়েছিলেন এবং পরবর্তীকালে ভাইমার প্রজাতন্ত্রে নাৎসি বাহিনীর নেতৃত্ব লাভ করেন। হিটলারের পরিকল্পনায় ৬০ লক্ষ ইহুদিকে হত্যা করা হয়। ইহুদি নিধনের এই ঘটনা ইতিহাসে 'হলোকাস্ট' নামে পরিচিত। তিনি সস্ত্রীক ফিউরার বাংকারে আত্মহত্যা (৩০ এপ্রিল, ১৯৪৫ খ্রিস্টাব্দে) করেন। হিটলার রচিত বই –এর নাম 'মেইন ক্যাম্প', 'নাৎসি মেনিফেস্টো'। তিনি ১৯৩৩ সালে 'গেস্টাপো' নামে এক গোপন পুলিশ বাহিনী গঠন করেন। তার বিখ্যাত উক্তি- 'যুদ্ধই জীবন, যুদ্ধই সার্বজনীন' (২০তম বিসিএস)। তাঁর নীতি ছিল- 'এক জাতি, এক রাষ্ট্র, এক নেতা'। নাৎসি আন্দোলন প্রথম শুরু হয় মিউনিখ শহর থেকে।

→ কার্ল মার্কস : জার্মান দার্শনিক 'Das Capital' বইয়ের লেখক। মার্কসবাদের প্রবক্তা এই সমাজবিজ্ঞানী ১৮৮৩ সালে ইংল্যান্ডে মৃত্যুবরণ করেন। (৩১তম বিসিএস)

→ অ্যাঞ্জেলিনা মার্কেল : জার্মানির ক্ষমতাসীন দল ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাটিক ইউনিয়নের (CDU) প্রধানের পদ থেকে সরে গেছেন অ্যাঞ্জেলা মার্কেল (জার্মানির প্রথম মহিলা

www.bdniyog.com

চ্যান্সেলর)। ৭ ডিসেম্বর ২০১৮ আনুষ্ঠানিকভাবে দলীয় প্রধানের পদবী ছাড়েন মার্কেল। ধর্মযাজকের কন্যা থেকে তিনি হয়ে উঠেন ইউরোপের সম্রাজ্ঞী। তিনি ১৯৫৪ সালে জার্মানির হামবুর্গ শহরে জন্মগ্রহণ করেছিলেন। তিনি 'জার্মানির রানি' হিসেবে পরিচিত হন। পরপর চার মেয়াদে দেশটির চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন তিনি। তিনি দলের দায়িত্ব এখন ছাড়লেও তার চতুর্থ মেয়াদ শেষ করবেন ২০২১ সালে।

→ **আলবার্ট আইনস্টাইন** : একজন জার্মান ইহুদী নোবেল বিজয়ী (আলোক তড়িৎক্রিয়া সম্পর্কিত গবেষণার জন্য ১৯২১ সালে এই পুরস্কার লাভ করেন) পদার্থবিজ্ঞানী। তিনি তাঁর $E = mc^2$ সূত্রের জন্য বিখ্যাত। তিনি মহাকর্ষীয় তরঙ্গের ধারণা দেন।

→ ITLOS- International Tribunal for the law of the Sea সালিশি আদালত জার্মানির হামবুর্গে। এটি ২০১২ সালে ১৪ই মার্চ বাংলাদেশ ও মায়ানমারের সাথে সমুদ্রসীমার চূড়ান্ত রায় প্রদান করে।

→ ফ্রাঙ্কফুট : এতে ইউরোপীয় ইউনিয়ন ব্যাংকের সদর দপ্তর অবস্থিত। এই নগরীতে বিশ্বের বৃহত্তম বই মেলা অনুষ্ঠিত হয়।

→ জার্মানি বিশ্বকাপ ফুটবলের শিরোপা অর্জন করে- ৪ বার।

→ জার্মানি যুক্তরাষ্ট্র ও জাপানের পরই চতুর্থ বহত্তম অর্থনীতির দেশ।

→ ব্ল্যাক ফরেস্ট অবস্থিত- জার্মানিতে।

→ ফ্রিডরিশ নিৎসে, ইয়োহান ভোলফংগা, টমাস মান- জার্মান সাহিত্যের দিকপাল।

→ পূর্ব জার্মানী ও পোল্যান্ডের সীমানা নির্ধারক নদী- ওডারনীস নদী। (১১তম বিসিএস)

সুইজারল্যান্ড, নেদারল্যান্ডস, বেলজিয়াম

→ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা যাদের সদর দপ্তর সুইজারল্যান্ডে

অবস্থান	সংস্থার নাম
জেনেভা	ICRC, ILO, WHO, WTO, ISO, WIPO, IPU, ITU, UNHCR (৩৮তম বিসিএস), UNITA, UNRISD, Red Cross, UNCTAD, ITC.

→ সুইজারল্যান্ডকে বলা হয় ইউরোপের ক্রীড়াঙ্গন। জেনেভাকে বলা হয়- সম্মেলনের শহর।

→ আন্তর্জাতিক ক্ষেত্রে সইজারল্যান্ডের মর্যাদা- নিরপেক্ষতা।

→ CAS অবস্থিত- লোসান, সুইজারল্যান্ড।

→ নেদারল্যান্ডসের অধিবাসীদের- ডাচ বলা হয়। ডাচদের রাজকীয় রঙ বিবেচিত হয়- কমলা।

→ প্রিন্স প্যালেস : নেদারল্যান্ডের দি হেগ শহরে অবস্থিত। এটি আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর।

→ PCA (Permanent Court of Arbitration)- স্থায়ী সালিসি আদালত অবস্থিত নেদারল্যান্ডসের 'দি হেগ' শহরে। এই আদালত ২০১৪ সালের ৭ জুলাই ভারতের বিপক্ষে বাংলাদেশের সমুদ্রসীমা বিজয়ের রায় প্রদান করে। এই বিজয়ের ফলে বাংলাদেশের সমুদ্রসীমা হয় ১১৮,৮১৩ বর্গকিলোমিটার।

→ ওয়াটার লু : অবিস্থত বেলজিয়ামের ব্রাসেলসে। ১৮১৫ সালে ওয়াটার লু যুদ্ধ সংগঠিত হয় এবং নেপোলিয়ন পরাজিত হয়।

→ NATO, European Commission এর সদর দপ্তর অবস্থিত- ব্রাসেলস, বেলজিয়াম।

→ বেলজিয়ামকে বলা হয়- ইউরোপের সমরক্ষেত্র/ইউরোপের ককপিট। এটিকে বলা হয় ফ্রান্স ও ব্রিটেনের বাফার স্টেট।

লিচেনস্টাইন, মোনাকো, আয়ারল্যান্ড

→ লিচেনস্টাইন একটি স্থলবেষ্টিত রাষ্ট্র এবং ইউরোপের চতুর্থ ক্ষুদ্রতম রাষ্ট্র।

→ পশ্চিম ইউরোপের ক্ষুদ্রতম দেশ মোনাকো (আয়তন- ১.৯৮ বর্গকিলোমিটার)।

→ আয়ারল্যান্ডের অধিবাসীদের বলা হয়- আইরিশ।

→ পান্না দ্বীপ অবস্থিত- আয়ারল্যান্ডে।

→ ক্রিকেট খেলায় সর্বশেষ টেস্ট স্ট্যাটাস পায়- আফগানিস্তান ও আয়ারল্যান্ড।

→ IRA- Irish Republican Army- আয়ারল্যান্ডের স্বাধীনতা যুদ্ধের মুক্তিবাহিনী।

→ IRA এর প্রধান রাজনৈতিক শাখা ছিল- Sinn-Fein (সিন ফেইন)।

→ ১৯২২ (আইন কার্যকরের পর) সালে দক্ষিণ আয়ারল্যান্ড স্বাধীন হয়ে গেলে, UK এর নাম হয় 'The United Kingdom of Great Britain and Northern Ireland (UK)'

→ বেলফাস্ট চুক্তি

- চুক্তি সংগঠিত হয়- ১০ এপ্রিল, ১৯৯৮ সালে।
- পক্ষসমূহ : ব্রিটেন আয়ারল্যান্ড ও উত্তর আয়ারল্যান্ড।
- উত্তর আয়ারল্যান্ডের শান্তির জন্য একটি মাইলফলক।

↗ পশ্চিম ইউরোপের উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, জার্মানি, ফ্রান্স	ছিল না
মোনাকো, লুক্সেমবুর্গ	ফ্রান্স
আয়ারল্যান্ড	যুক্তরাজ্য
বেলজিয়াম	নেদারল্যান্ডস
লিচেস্টাইন	জার্মানি
সুইজারল্যান্ড	রোমান সাম্রাজ্য

☼ *পূর্ব ইউরোপ (৯টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
এস্তোনিয়া	তাল্লিন	ক্রোন	এস্তোনিয়ান
লাটভিয়া	রিগা	লাটস	লাটভিয়ান
লিথুয়ানিয়া	ভিলনিয়াস	লিতাস	লিথুয়ানিয়ান
রাশিয়া	মস্কো	রুবল	রুশ
জর্জিয়া	তিবলিসি	লারি	আবখাজ
আর্মেনিয়া	ইয়েরেভান	ড্রাম	আর্মেনিয়ান
ইউক্রেন	কিয়েভ	রিভনিয়া	ইউক্রেনিয়ান
মলদোভা	চিসিনাউ	লিউ	মলদোভান
বেলারুশ	মিনস্ক	রুবল	বেলারুশান, রুশ

www.bdniyog.com

ALL রাজা আর্মেনিয়া ও ইউক্রেনে মলা, বেল বিক্রি করে।
ALL (এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া), রাজা (রাশিয়া, জর্জিয়া), আর্মেনিয়া, ইউক্রেন, মলা- মলদভিয়া, বেল- বেলারুশ।

→ জর্জিয়ার ভাষা আবখাজ এবং রাশিয়ার ভাষা রুশ। এছাড়া সকল দেশের ভাষা জাতিগোষ্ঠীর নামানুসারে।

→ উপনিবেশ : পূর্ব ইউরোপের ৯টি দেশই সোভিয়েত ইউনিয়নের (USSR) উপনিবেশ ছিল।

→ বাল্টিক ন্যাশন : বাল্টিক সাগরের তীরবর্তী ০৩টি দেশকে বাল্টিক রাষ্ট্র বলা হয়। যথা- এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া। মনে রাখুন : ALL.

→ সাবেক সোভিয়েত ইউনিয়ন : ১৯৯১ সালে সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে মোট ১৫টি স্বাধীন রাষ্ট্র গঠিত হয়। ৯টি পূর্ব ইউরোপ এবং ৬টি মধ্য এশিয়ার দেশ। যথা- এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, রাশিয়া, জর্জিয়া, আর্মেনিয়া, ইউক্রেন, মলদোভা, বেলারুশ, কাজাকিস্তান, কিরগিস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান, তাজিকিস্তান এবং আজারবাইজান।

রাশিয়া

→ পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক এবং আয়তনে বিশ্বের বৃহত্তম দেশের নাম- সোভিয়েত ইউনিয়ন।

→ রাশিয়ার প্রথম সম্রাটের নাম- পিটার দি গ্রেট। রাশিয়ার সম্রাটদের বলা হতো- জার

→ জ্ঞানদীপ্ত স্বৈরাচার বলা হয়- পিটার দি গ্রেট, ফ্রেডরিক দি গ্রেট, ক্যাথারিন দি গ্রেট।

→ রুশ-জাপান যুদ্ধ সংগঠিত হয়- ১৯০৪-০৫ খ্রিস্টাব্দে।

→ যুদ্ধবিমান : মিগ- ২৯, মিগ- ২১, Sukhoi su-47, ইয়াক- ১৩০।

→ RS-28 Sarmat বা শয়তান–২ হল রাশিয়ার তৈরি পৃথিবীর সবেচেয়ে শক্তিশালী ও প্রাণঘাতী ক্ষেপণাস্ত্র। ২৬ অক্টোবর, ২০১৭ রাশিয়া এ শক্তিশালী অন্তঃমহদেশীয় পরমাণু ক্ষেপণাস্ত্রটির সফল পরীক্ষা চালায়।

→ শব্দের চেয়ে ১০ গুণ বেশি গতিসম্পন্ন ক্ষেপণাস্ত্র (Kh-47M2 Kinzhal) তৈরি করেছেন রাশিয়া। রাশিয়ার অস্ত্রটিকে Dooms Day Weapon বা 'ধ্বংসের অস্ত্র' নামে অভিহিত করা হয়।

→ Avangard, Kinzhal রাশিয়ার তৈরি ০২ (দুই)টি ক্ষেপণাস্ত্রের নাম।

→ বিশ্বে প্রথম ভাসমান পরমাণু বিদ্যুৎ কেন্দ্র চালু করেছে - রাশিয়া

→ বিশ্বকাপ ফুটবলের ২১তম আসর ১৫'জুন থেকে ১৫'জুলাই ২০১৮ অনুষ্ঠিত হয়- রাশিয়া। (মাসকট ছিল : ZABIVAKA)

→ পুতিন চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হন (মেয়াদ শেষ হবে: ২০২৪ সালে)। রাশিয়ার প্রেসিডেন্ট পদের মেয়াদ- ৬ বছর। তাঁর রাজনৈতিক দলের নাম ইউনাইটেড রাশিয়া।

→ রাশিয়ার সংবাদ সংস্থার নাম- তাস।

→ ২০১৮ সালে কৃষ্ণ সাগর ও অ্যাজোভ সাগরের সংযোগকারী কার্চ প্রণালি থেকে ইউক্রেনের নৌবাহিনীর তিনটি জাহাজ জব্দ করার প্রেক্ষাপটে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়।

→ ক্রিমিয়ার যুদ্ধ : ১৮৫৪ থেকে ১৮৫৬ সাল পর্যন্ত তুরস্কের সাথে রাশিয়ার মধ্যে এ যুদ্ধ হয়। যুদ্ধে ব্রিটেন ও ফ্রান্স তুরস্কের পক্ষে যোগ দেয়। ১৮৫৬ সালে প্যারিসে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী রাশিয়া তুরস্কের হাতে কিছু এলাকা ছেড়ে দেয়। যুদ্ধের চেয়ে রোগে বেশি সৈন্যের মৃত্যু হয়। অপ্রতুল চিকিৎসা সেবার মাঝে এগিয়ে আসেন 'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' (ইতালিতে জন্মগ্রহণ করেন)। এজন্য তাঁকে 'লেডি উইথ দি ল্যাম্প' বলা হয়। তিনি আহতদের জন্য যথাযথ স্বাস্থ্যসেবা প্রদান করেন।

→ রুশ বিপ্লব : ১৯১৭ সালে সংগঠিত ০২টি বিপ্লবের (মিলিত নাম রুশ বিপ্লব। এটি সংগঠিত হয় রাশিয়ার পেট্রোগ্রাডে। এই বিপ্লবকে অক্টোবর বিপ্লব (৩৮তম বিসিএস)/ বলশেভিক বিপ্লব/নভেম্বর বিপ্লব নামেও অভিহিত করা হয়। সাড়া জাগানো এ বিপ্লবের স্থায়িত্ব ছিল ১০ দিন। রাশিয়ার সর্বশেষ রাজার নাম- দ্বিতীয় জার নিকোলাস। জার রাজাদের পতন ঘটে রুশ বিপ্লবের মাধ্যমে। জারের আমলে রাশিয়ার সামরিক শক্তির প্রতীক ছিল- ঈগল।

→ ভি আই লেলিন : রুশ বিপ্লবের নেতৃত্ব দেন ভ্লাদিমির ইলিস উলিয়ানভ লেলিন (ভি আই লেলিন)। Imperialism, the highest stage of Capitalism (৩৮তম বিসিএস), The Development of Capitalism in Russia, Left-Wing, Communism: An Infantile Disorder গ্রন্থসমূহের লেখক- ভি আই লেলিন। লেলিনের মরদেহ এখনও সংরক্ষিত আছে মস্কোর লেলিন যাদুঘরে।

→ ক্রিমিয়া যেভাবে রাশিয়ার হলো : ১৬ মার্চ ২০১৪ সালে ক্রিমিয়ায় অনুষ্ঠিত গণভোটে ৯৬.৬০ শতাংশ ভোটার রাশিয়ার সাথে একীভূত হয়ে যাওয়ার পক্ষে রায় দেয়। ক্রিমিয়ায় এখন রুশশাসিত দুটি নতুন প্রশাসনিক অঞ্চল হলো ক্রিমিয়া এবং বন্দরনগর সেভাস্তোপোল।

→ মিখাইল গর্বাচেভ : ১৯৮৫ সালে ক্ষমতায় আসেন। ১৯৯০ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। 'অভিন্ন ইউরোপীয় বাসভূমি' বা 'অখন্ড ইউরোপ' ধারণার প্রবক্তা। দেমোক্রাইতিজাতসিয়া (গণতন্ত্রায়ন) কর্মসূচিগুলো চালু করেন। 'উস্কোরেনিয়ি (অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা) কর্মসূচিগুলো চালু করেন। তিনি CIS (Commonwealth of Independent States) গঠন করেন। NATO গঠনের কারণে গঠিত হওয়া ওয়ারশ জোট ভেঙ্গে দেন। গর্বাচেভের আমলে রাশিয়া ভেঙ্গে যায় এবং জার্মানিতে বার্লিন দেয়ালের পতন হয়। ২৫ ডিসেম্বর, ১৯৯১ আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়নের বিলুপ্তি ঘোষণা হয়। ২৬ ডিসেম্বর, ১৯৯১ সালে রুশ ফেডারেশন প্রতিষ্ঠিত হয়। সাবেক সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভ। মিখাইল গর্বাচেভ ক্ষমতায় এসে পেরেস্ত্রইকা (পুনর্গঠন), গ্লাসনস্ত (খোলাদ্বার), দেমোক্রাইতিজাতসিয়া (গণতন্ত্রায়ন) ও উস্কোরেনিয়ি (অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা) নামক একের পর এক কর্মসূচিগুলো চালু করতে থাকেন। বিশ্লেষকরা মনে

www.bdniyog.com

করেন, এসব কর্মসূচির পরিণতিতেই ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যায়।

→ গ্লাস্তনস্ত ও পেরেস্ত্রৈকা :

- গ্লাস্তনস্ত ও পেরেস্ত্রৈকা নীতি গৃহীত হয় ১৯৮৫ সালে।
- উভয়টিই কার্যকর হয়- ১৯৮৮ সালে।
- মিখাইল গর্বাচেভ 'গ্লাসনস্ত' সংস্কার কর্মসূচির ধারণা নেন চীনা প্রেসিডেন্ট দেং জিয়াও পিং থেকে।
- গ্লাস্তনস্ত ছিল খোলামেলা আলোচনা (১৪তম বিসিএস) বা মত প্রকাশের নীতি, যার ফলে সমাজতন্ত্রের পতন হয়।
- পেরেস্ত্রৈকা হল পুনর্গঠন ও সংস্কার প্রশ্নে নেয়া, মুক্তবাজার অর্থনীতির প্রচলন।

→ উইন্টার প্যালেস : রাশিয়ার মস্কোতে অবস্থিত। এটি রাশিয়ার জার শাসকদের শীতকালীন অবকাশযাপন কেন্দ্র।

→ ক্রেমলিন : ক্রেমলিন বলতে মস্কো ক্রেমলিনকে বোঝানো হয় যা রাশিয়ার রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন।

→ ভারখয়ানস্ক : সাইবেরিয়ান অঞ্চলে অবস্থিত। পৃথিবীর মধ্যে শীতলতম স্থান।

→ ট্রান্স সাইবেরিয়ান রেলপথ : ট্রান্স সাইবেরিয়ান রেলপথ একটি রেলওয়ে নেটওয়ার্ক যা মস্কোকে রাশিয়ার পূর্বাঞ্চল গ্রেট সাইবেরিয়ার সাথে যুক্ত করেছে। মঙ্গোলিয়া, চীন এবং উত্তর কোরিয়ায় এই রেলপথের সংযোগকারী শাখা আছে। ব্রডগেজ এই রেলপথটির দৈর্ঘ্য ৯২৮৯ কিলোমিটার। এশিয়ার সবচেয়ে বৃহৎ অংশ সাইবেরিয়ার পূর্ব-পশ্চিমে এটা প্রলম্বিত। ১৯১৬ সাল থেকে এটি মস্কোকে ভ্লাদিভস্টোকের সাথে যুক্ত করেছে।

→ ভ্লাদিভস্টক : রাশিয়ার উত্তর-পূর্বাঞ্চলের একটি শহর।

→ শাখালিন দ্বীপপুঞ্জ : জাপান সাগরে অবস্থিত। বিরোধ রয়েছে জাপান ও রাশিয়ার মধ্যে।

→ কুড়িল দ্বীপপুঞ্জ : প্রশান্ত মহাসাগরে অবস্থিত। জাপান ও রাশিয়ার মাঝে বিরোধ।

→ চেচনিয়া : রাশিয়ার মুসলিম অধ্যুষিত অঞ্চল। এর রাজধানীর নাম গ্রোজনি। এটি রাশিয়া থেকে স্বাধীন হতে চায়। এটি ককেসাস অঞ্চলে অবস্থিত।

→ ৫০০ দিনের প্ল্যান : এই সময়ের মধ্যে রাশিয়ায় বাজার অর্থনীতি চালু করা।

→ সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন করে সোভিয়েত ইউনিয়নের জোসেফ স্ট্যালিন।

→ রাশিয়ার গৃহযুদ্ধ সংঘটিত হয়- ১৯১৭-১৯২২ খ্রিস্টাব্দে।

→ COMECON- The Council of Mutual Economic Assistance. এটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দ্বের কারণে রাশিয়ার নেতৃত্বে সৃষ্ট অর্থনৈতিক জোট যা কার্যকর থাকে ১৯৪৯-১৯৯১ খ্রিস্টাব্দ পর্যন্ত।

→ ইউরোপের দীর্ঘতম নদীর নাম ভলগা যা রাশিয়ায় অবস্থিত।

→ তৈগা রাশিয়ার সাইবেরিয়া অঞ্চলে অবস্থিত একটি অরণ্য।

এস্তোনিয়া, লাটভিয়া ও লিথুয়ানিয়া

→ বাংলাদেশের সংসদ ভবনের স্থপতি লুই আই কানের জন্ম এস্তোনিয়ায়।

→ এস্তোনিয়া, লাটভিয়া ও লিথুয়ানিয়াকে একত্রে বাল্টিক রাষ্ট্র বলা হয়। এই দেশগুলো বাল্টিক সাগরের উপকূলে অবস্থিত।

→ এ দেশ তিনটি সাবেক সোভিয়েত ইউনিয়ন থেকে স্বাধীনতা লাভ করে।

জর্জিয়া ও আর্মেনিয়া

→ নাগার্নো-কারাবাখ হলো- আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যবর্তী একটি করিডোর।

→ জর্জিয়া-আর্মেনিয়া-আজারবাইজান নিয়ে ট্রান্স ককেশিয়ান অঞ্চল গঠিত।

→ জর্জিয়ায় ২০০৩ সালে রোজ বিপ্লব সংগঠিত হয়।

→ দক্ষিণ ওশেটিয়া : এর রাজধানী তাশকিন ভ্যালী। এটি জর্জিয়া থেকে পৃথক হয় ১৯৯১ সালে। রাশিয়া এটিকে অনুমোদন দেয় ২৬ শে আগস্ট, ২০০৮ সালে। দক্ষিণ ওশেটিয়া ইস্যুতে রাশিয়াকে জি- ৭ থেকে বাদ দেয়া হয়।

ইউক্রেন, মলদোভা, বেলারুশ

→ ইউক্রেনে ২০০৪ সালে ওরেঞ্জ বিপ্লব সংঘটিত হয়।

→ ক্রিমিয়া ইউক্রেনের কাছ থেকে ছিনিয়ে নেয় রাশিয়া ২০১৪ সালে। এর পর থেকেই দু দেশের সম্পর্কে অবনতি ঘটে। অ্যাজভ সাগর থেকে কৃষ্ণ সাগরে যাওয়ার একটি পথ ক্রিমিয়ার পাশ দিয়ে চলে যাওয়া কার্চ প্রণালি। এ কারণেই এ পথটি রাশিয়া ও ইউক্রেন উভয়ের জন্যই গুরুত্বপূর্ণ। এছাড়া দেশটির সশস্ত্র বাহিনীকে ইউক্রেনের পূর্বাঞ্চলে রুশপন্থী বিচ্ছিন্নতাবাদীদের সাথে লড়াই করতে হচ্ছে। প্রতিবেশী দেশ দুটির সম্পর্কের অবনতির কারণ হিসেবে এগুলোকেই উল্লেখ করছে আন্তর্জাতিক রাজনীতির ছাত্ররা।

→ মলদোভা পূর্ব ইউরোপের একটি স্থল বেষ্টিত দেশ।

→ হোয়াইট রাশিয়া বলা হয়- বেলারুশকে।

☼ *মধ্য ইউরোপ (০৫টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
চেক প্রজাতন্ত্র	প্রাগ	ক্রোনা	চেক
স্লোভাকিয়া	ব্লাটিস্লাভা	ইউরো	শ্লোভাক
অস্ট্রিয়া	ভিয়েনা	ইউরো	জার্মান
হাঙ্গেরি	বুদাপেস্ট	ফরিন্ট	হাঙ্গেরিয়ান
পোল্যান্ড	ওয়ারশ	জলোটি	পোলিশ

→ উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
চেকিয়া, স্লোভাকিয়া	চেকোস্লোভাকিয়া
অস্ট্রিয়া ও হাঙ্গেরি	রোমান সাম্রাজ্য
পোল্যান্ড	রাশিয়া

অস্ট্রিয়া

→ প্রথম পোস্টকার্ড চালু করে- অস্ট্রিয়া।

→ অস্ট্রিয়ার ভিয়েনা যে শিল্পের জন্য বিখ্যাত- অস্ট্রিয়া।

→ হিটলার জন্মগ্রহণ করেন- অস্ট্রিয়ায়।

www.bdniyog.com

→ কুর্ট ওয়াল্ডহেইম (Kurt Waldheim) ছিলেন জাতিসংঘের চতুর্থ মহাসচিব (১৯৭২- ১৯৮১)। অস্ট্রিয়ার প্রাক্তন পররাষ্ট্রমন্ত্রী (১৯৬৮- ৭০) এবং প্রেসিডেন্ট (১৯৮৬- ১৯৯২) ছিলেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তিনি জার্মান বাহিনীকে সহায়তা করেছেন বলে তাঁর বিরুদ্ধে অভিযোগ রয়েছে।

→ প্রথম বিশ্বযুদ্ধের কারণ : অনেকগুলো কারণের মধ্যে একটি কারণ ২৮শে জুন বসনিয়া- হার্জেগোভিনার সারায়েভো শহরে অস্ট্রিয়ার যুবরাজকে হত্যা। যার ফলে অস্ট্রিয়া ও হাঙ্গেরী ২৮শে জুলাই যুদ্ধ ঘোষণা করেন।

→ ভিয়েনা কনভেনশন : কূটনৈতিক অধিকার, দায়মুক্তি ও সুযোগ-সুবিধা ভোগের ক্ষেত্রে কোন জটিল প্রশ্নের উদ্ভব ঘটলে প্রচলিত প্রথাগত আন্তর্জাতিক আইনের মাধ্যমে সমাধানের সুযোগ রেখে ১৯৬১ সালের ১৮ এপ্রিল ভিয়েনায় অনুষ্ঠিত জাতিসংঘের কূটনৈতিক আদান-প্রদান ও নিরাপত্তা সংক্রান্ত প্রতিনিধি সম্মেলনে ভিয়েনার কূটনৈতিক সম্পর্কের কনভেনশন স্বাক্ষর হয়। এই চুক্তির ৫৩টি ধারা রয়েছে।

→ অস্ট্রিয়ায় অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের সদর দপ্তর :

অবস্থান	প্রতিষ্ঠানের নাম
ভিয়েনা	IAEA, OPEC, UNIDO.

চেক প্রজাতন্ত্র ও স্লোভাকিয়া

১৯১৮-১৯৯২ সাল পর্যন্ত চেকোস্লোভাকিয়া রাষ্ট্রের অস্তিত্ব ছিল। ১৯৯৩ সালে চেকোস্লোভাকিয়া ভেঙ্গে চেক প্রজাতন্ত্র ও স্লোভাকিয়া নামে দুটি রাষ্ট্র হয়।

হাঙ্গেরি ও পোল্যান্ড

→ ওয়ারশ প্যাক্ট : স্নায়ুযুদ্ধ চলাকালীন সময়ে কেন্দ্রীয় ও মধ্য ইউরোপের কয়েকটি সমাজতান্ত্রিক রাষ্ট্র নিয়ে গঠিত প্রতিরক্ষা চুক্তি। ওয়ারশ চুক্তি মূলত ১৯৫৪ সালের প্যারিস চুক্তির ভিত্তিতে ১৯৫৫ সালে ন্যাটো (১৯৪৯ সালের ৪ এপ্রিল গঠিত হয়) এর সাথে পশ্চিমা বাহিনীর একত্রীকরণের প্রেক্ষিতে সোভিয়েত ইউনিয়নের সামরিক প্রতিক্রিয়া ছিল। ওয়ারশ জোট গঠিত হয় ১৪মে, ১৯৫৫ সালে এবং বিলুপ্ত হয় ১৯৯১ সালে।

→ ওয়ারশ জোটের সদর দপ্তর ছিল- ওয়ারশ, পোল্যান্ড।

→ অস্ট্রো-হাঙ্গেরীয় সাম্রাজ্য : একটি দ্বৈত রাজত্ব বা দ্বৈত রাষ্ট্রকে বোঝায়। ১৮৬৭ সাল থেকে ১৯১৮ সাল তথা প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি পর্যন্ত মধ্য ইউরোপে একটি সম্মিলিত রাজত্ব হিসেবে এই দ্বৈত রাষ্ট্রের অস্তিত্ব ছিল। এই দ্বৈত রাষ্ট্রের রাজধানী ছিল ভিয়েনা।

☼ *উত্তর ইউরোপ (০৫টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
ফিনল্যান্ড	হেলসিংকি	ইউরো	ফিনিশ, সুইডিশ
আইসল্যান্ড	রিকজাভিক	ক্রোনা	আইসল্যান্ডিক
নরওয়ে	অসলো	ক্রোন	নরওয়েজিয়ান
ডেনমার্ক	কোপেনহেগেন	ক্রোন	ড্যানিশ
সুইডেন	স্টকহোম	ক্রোনা	সুইডিশ

→ কৌশলে মনে রাখুন দেশসমূহ- FINDS.

চিত্র : স্ক্যান্ডিনেভিয়ান ও বাল্টিক অঞ্চল

→ উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
সুইডেন, ডেনমার্ক	ছিল না
ফিনল্যান্ড	রাশিয়া
নরওয়ে	সুইডেন
আইসল্যান্ড	ডেনমার্ক

→ স্ক্যান্ডিনেভিয়া হলো উত্তর ইউরোপের তিনটি দেশ নরওয়ে, সুইডেন ও ডেনমার্কের জন্য দেয়া নাম। এদের মধ্যে নরওয়ে ও সুইডেন স্ক্যান্ডিনেভীয় উপদ্বীপ গঠন করেছে। দেশ তিনটি ঐতিহাসিক, সাংস্কৃতিক ও ভাষাগত দিক থেকে পরস্পরের সাথে সম্পর্কিত। কখনো কখনো ফিনল্যান্ডকেও স্ক্যান্ডিনেভিয়ার অংশ মনে করা হয়, যদিও বাকী দেশগুলির সাথে ফিনল্যান্ডের কোন ভাষাগত সাদৃশ্য নেই। অধুনা উত্তর ইউরোপের পাঁচটি দেশ নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যান্ড ও আইসল্যান্ডের জন্য নর্ডীয় রাষ্ট্রসমূহ পরিভাষাটি বেশি ব্যবহৃত হয়। (সূত্র: উইকিপিডিয়া)

→ ইউরোপের সবচেয়ে কম ঘনবসতিপূর্ণ দেশের নাম- আইসল্যান্ড। আইসল্যান্ডকে বলা হয়- আগুনের দ্বীপ।

→ পৃথিবীর সবচেয়ে উত্তরের নগরীর নাম- হ্যামারফাস্ট, নরওয়ে। নরওয়েকে নিশীথ সূর্যের দেশ/ধীবর (মৎস্যজীবীদের দেশ) দেশ বলা হয়। নরওয়ে শব্দের অর্থ- উত্তরের দেশ।

→ 'কুইসলিং' শব্দের অর্থ- বিশ্বাসঘাতক। 'ভিদকুন কুইসলিং' নরওয়েবাসী হয়েও হিটলারের সাথে হাত মিলিয়েছিলেন।

→ গ্রিনল্যান্ডের মালিকানা- ডেনমার্কের।

→ স্কাইডো নামক মোটর সাইকেল টানার জন্য কুকুর ব্যবহার করেন- গ্রিনল্যান্ডের ইস্কিমোরা।

www.bdniyog.com

→ ১৯০১ সাল থেকে শান্তিতে নোবেল পুরস্কার প্রদান করা হয়। এ পুরস্কারের মনোনয়ন দেন 'নরওয়েজিয়ান নোবেল কমিটি'। হেনরি কিসিঞ্জার এবং লি ডাক থো কে নোবেল পুরস্কার প্রদানের জন্য এ কমিটি ব্যাপক সমালোচিত হয়। হেনরি কিসিঞ্জার ১৯৭৩ সালে উত্তর ভিয়েতনাম ও দক্ষিণ ভিয়েতনাম শান্তি আলোচনা এবং সেখান থেকে আমেরিকান সৈন্য প্রত্যাহারের প্রেক্ষাপটে এ পুরস্কার লাভ করেন।

→ ইগলু নামে ক্ষণস্থায়ী বাসগৃহ তৈরি করেন- ইস্কিমোরা। তারা বরফের উপর চলার জন্য স্কাইডো নামক মোটর সাইকেল ব্যবহার করেন।

→ বিশ্বের প্রাচীনতম পতাকা- ডেনমার্কের জাতীয় পতাকা 'ডেনব্রুপ'। ডেনমার্কের রাজধানী কোপেনহোগেন- জিল্যান্ড দ্বীপে। ডেনমার্ক হলো- বাইসাইকেলের শহর।

→ হাজার দ্বীপের দেশ বলা হয়- ফিনল্যান্ডকে। ইউরোপের মধ্যে সর্বপ্রথম ফিনল্যান্ডের নারীরা ভোটাধিকার অর্জন করে।

→ 'ভলভো'- সুইডেনের বিখ্যাত গাড়ি নির্মাতা কোম্পানি।

→ পৃথিবীর কল্যাণ রাষ্ট্র বলা হয়- সুইডেনের স্টকহোমকে।

→ ডেনিশ প্রণালী : ডেনিশ প্রণালী বাল্টিক সাগর এবং উত্তর সাগরকে সংযুক্ত করেছে। এটি একটি গুরুত্বপূর্ণ জলরাশি। পূর্বে ডেনিশ প্রণালী ডেনমার্কের অভ্যন্তরীণ জলসীমা হিসেবে ব্যবহৃত হলেও, ১৮৫৭ সালের কোপেনহেগেন সম্মেলনে এটিকে আন্তর্জাতিক জলসীমা হিসেবে চিহ্নিত করা হয়। তেল পরিবহন ও চেক পয়েন্ট বসানোর সম্ভাবনার দৃষ্টিকোণ থেকে এ প্রণালীটি বেশ আলোচিত। (সূত্র: উইকিপিডিয়া)

→ প্রথম বারের মতো বিশ্বকাপ ফুটবলে অংশগ্রহণ করে- আইসল্যান্ড।

→ **ড. আলফ্রেড নোবেল** : ড. আলফ্রেড বার্নার্ড নোবেল সুইডিশ রসায়নবিদ ও ইঞ্জিনিয়ার। তিনি ডিনামাইট আবিষ্কার করেন। ২৭ নভেম্বর, ১৮৯৫ খ্রিস্টাব্দে মৃত্যুর এক বছর পূর্বে তিনি তাঁর উপার্জিত সম্পদ মানবজাতির সর্বাধিক কল্যাণে ব্যয় করার প্রত্যাশা ব্যক্ত করেন। নোবেল পুরস্কারের জন্য প্রদানকৃত তহবিলের অর্থমূল্য সেসময়ে ছিল প্রায় SEK ৩১ মিলিয়ন। (Source: https://nobelprize.org/nobel)

☼ দক্ষিণ ইউরোপ (০৮টি দেশ)

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
ইতালি	রোম	ইউরো	ইতালিয়ান
পর্তুগাল	লিসবন	ইউরো	পর্তুগিজ
স্পেন	মাদ্রিদ	ইউরো	কাটালান
মাল্টা	ভেলেটা	ইউরো	মাল্টিজ
অ্যান্ডোরা	অ্যান্ডোরা লা ভিলা	ইউরো	কাটালান
সাইপ্রাস	নিকোশিয়া	ইউরো	গ্রিক
স্যানম্যারিনো	স্যানম্যারিনো	ইউরো	ইতালিয়ান
ভ্যাটিকান সিটি	ভ্যাটিকান সিটি	ইউরো	ইতালিয়ান

মনে রাখুন : ইপসম কোম্পানি অ্যাস (ছাই) সাপ্লাই করে ভ্যাটিকানে। ইপসম- (ইতালি, পর্তুগাল, স্পেন, মাল্টা), অ্যাস- (অ্যান্ডোরা, সাইপ্রাস), সাপ্লাই- স্যানম্যারিনো, ভ্যাটিকান সিটি।

→ **উপনিবেশ :**

দেশের নাম	উপনিবেশ
পর্তুগাল, স্পেন, ইতালি	ছিল না
মাল্টা ও সাইপ্রাস	যুক্তরাজ্য
স্যানম্যারিনো	রোমান সাম্রাজ্য
ভ্যাটিকান সিটি	ইতালি

→ দক্ষিণ ইউরোপের সবগুলো দেশের মুদ্রার নাম- ইউরো।

স্পেন

→ বাস্ক জনগোষ্ঠী যে দেশের স্বাধীনতাকামী গোষ্ঠী- স্পেন।

→ ১৭২৫ সালে বিশ্বের প্রাচীনতম রেস্তোরা চালু হয়েছিল- স্পেনের মাদ্রিদ শহরে। রেস্তোরার নাম কাসা বোতিল।

→ **কাতালোনিয়ার স্বাধীনতা আন্দোলন** : কাতালোনিয়া স্পেনের একটি স্বায়ত্তশাসিত প্রদেশ। রাজধানীর নাম বার্সেলোনা, যা স্পেনের দ্বিতীয় বৃহত্তম শহর। এর চারটি প্রধান শহর হলো বার্সেলোনা, জিরোনা, লেইদা ও তারাগোনা। ২০১৪ সালে গৃহীত এক গণভোটে দেখা যায় কাতালোনিয়ায় শতকরা ৯২ ভাগ মানুষ একটি সতন্ত্র ও স্বাধীন রাষ্ট্রের পক্ষে। ২০১৭ সালের ৯ জুন তারা ঘোষণা করে যে, ১ অক্টোবর, ২০১৭ স্বাধীনতার পক্ষে চূড়ান্ত গণভোট অনুষ্ঠিত হবে। স্পেনের সাংবিধানিক আদালত পরিকল্পিত গণভোটকে বেআইনি ঘোষণা করে। ২০ সেপ্টেম্বর, ২০১৭ ঘোষিত গণভোটের ১১ দিন আগে কেন্দ্রীয় সরকারের সিভিল গার্ড বাহিনী গণভোটের সাথে সংশ্লিষ্ট প্রাদেশিক কর্মকর্তাদের গ্রেফতার করে। কাতালোনিয়ার স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন কার্লোস পুজদেমন।

→ রিয়াল মাদ্রিদ, বার্সেলোনা স্পেনের দুটি বিখ্যাত ফুটবল ক্লাব। লা লিগা ফুটবলের সাথে জড়িত। সর্বাধিক লা লিগা জয়ী ফুটবল ক্লাব রিয়াল মাদ্রিদ। সর্বোচ্চ গোল করেন- লিওনেল মেসি।

→ কর্ডোভা, গ্রানাডা দুইটি স্পেনের ঐতিহাসিক স্থান।

→ তারিক বিন যিয়াদ অষ্টম শতকের শুরুর দিকে স্পেন বিজয় করে। 'স্পেন বিজয়ী কাব্য' মহাকাব্য রচনা করেন ঈসমাইল হোসেন সিরাজী।

→ পাবলো পিকাসো একজন স্প্যানিশ চিত্রশিল্পী। তাঁর বিখ্যাত শিল্পকর্ম- গের্নিকা, উইমেন অব আলজিয়ার্স।

www.bdniyog.com

ইতালি

→ মানচিত্রে ইতালির আকৃতি অনেকটা বুট জুতোর মতো দেখায়। ইতালিকে বলা হয় ছিদ্রায়িত রাষ্ট্র। এর অভ্যন্তরে রয়েছে ভ্যাটিকান সিটি।

→ বেনিত মুসোলিনী : ফ্যাসিবাদের প্রবক্তা বেনিত মুসোলিনী ছিলেন ইতালির ৪০তম প্রধানমন্ত্রী। তার রাজনৈতিক দলের নাম ছিল 'ন্যাশনাল ফ্যাসিস্ট পার্টি'। তিনি বিশ্বাস করতেন, 'এককালীন শান্তি সম্ভব নয়, সংগত নয়'।

→ সিসিলি : ভূমধ্যসাগরে অবস্থিত ইতালির একটি দ্বীপ।

→ মাইকেল অ্যাঞ্জেলো: ইতালির চিত্রশিল্পী, ভাস্কর ও কবি মাইকেল অ্যাঞ্জেলোকে 'রেনেসাঁ মানব' বলা হয়। সিঁড়িতে ম্যাডোনা তাঁর প্রথম উল্লেখযোগ্য কীর্তি।

→ ইতালিয়ান সনেটের প্রবর্তক পেত্রার্ক।

→ ইতালীয় পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিদ ও গণিতজ্ঞ গ্যালিলিও পড়ন্ত বস্তুর সূত্র আবিষ্কারের জন্য জগৎখ্যাত।

→ রেনেসাঁর শুরু হয় ইতালির ফ্লোরেন্স শহরে। ইতালীয় রেনেসাঁর কালজয়ী চিত্রশিল্পী ফ্লোরেন্স শহরের অদূরে ভিঞ্চি নগরের এক গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি দ্যা লাস্ট সাপার, মোনালিসা চিত্রকর্মের জন্য বিখ্যাত।

→ ইতালির 'ভিসুভিয়াস' একটি আগ্নেয়গিরির নাম।

পর্তুগাল

→ গ্যালিসিয়া জনগোষ্ঠীর চাওয়া- একপক্ষ চায় পর্তুগালের সাথে যুক্ত হতে অন্যপক্ষ চায় স্বাধীনতা।

→ পর্তুগালকে 'মহাসমুদ্র অভিযাত্রিকের দেশ (A nation of great ssafarers)' বলা হয়। পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন। ১৪৯৮ সালে তিনি ভারতের কালিকট বন্দরে এসে উপস্থিত হন।

→ পর্তুগিজরা সর্বপ্রথম ভারতীয় উপমহাদেশে আসেন।

→ জাতিসংঘের বর্তমান নবম মহাসচিব অ্যান্তনিও গুতেরেস ছিলেন পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী। এর পূর্বে তিনি জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার ছিলেন।

→ লিসবন চুক্তি : ইউরোপীয় ইউনিয়ন থেকে কোন সদস্য বের হতে চাইলে লিসবন চুক্তির 'আর্টিকেল ফিফটি' এর মাধ্যমে বের হতে পারবে। আর্টিকেল ফিফটি কার্যকর করতে গেজেটের পর পরবর্তী ২ বছরের মধ্যে আলোচনায় থাকা পক্ষকে করণীয় নির্ধারণ করতে হবে।

মাল্টা, অ্যান্ডোরা, সাইপ্রাস

→ মাল্টা ভূমধ্যসাগরের একটি ক্ষুদ্র দ্বীপ দেশ।

→ ১৯৯৩ সালের সংবিধান অনুযায়ী অ্যান্ডোরা একটি সার্বভৌম রাষ্ট্র যার রাষ্ট্রপ্রধান ফ্রান্স ও স্পেনের দুই রাজপুত্র, কিন্তু প্রকৃত নির্বাহী ক্ষমতা সরকার প্রধানের হাতে ন্যস্ত।

→ ইনোসিস : সাইপ্রাসকে গ্রিসের সাথে যুক্ত করার আন্দোলনের নাথ ইনোসিস। গ্রিসের সমর্থনপুষ্ট সামরিক জান্তা ক্ষমতার মসনদে আরোহন করলে তুরস্ক সাইপ্রাসে আগ্রাসন চালায়। এটিই সাইপ্রাস ও গ্রিসের বিবাদের কারণ।

স্যানম্যারিনো ও ভ্যাটিকান সিটি

→ আয়তনে ও জনসংখ্যায় বিশ্বের সবচেয়ে ক্ষুদ্র দেশ ভ্যাটিকান সিটি। পোপ এখানকার রাষ্ট্রনেতা। এটি রোমান ক্যাথলিক গির্জার বিশ্ব সদর দপ্তর হিসেবে কাজ করে।

→ ইতালির অভ্যন্তরের এই রাষ্ট্রটির ভ্যাটিকান সিটির আয়তন ০.৪৪ বর্গকিলোমিটার (১১০ একর)। ভ্যাটিকান সিটির সাথে ইতালির সীমান্ত হলো বিশ্বের সংক্ষিপ্ত সীমান্ত।

→ পাপেল প্যালেস : ভ্যাটিকান সিটিতে অবস্থিত। পোপের বাসভবন।

→ 'সুইস গার্ড' হলো ভ্যাটিকান সিটির বিশেষ নিরাপত্তামূলক বাহিনীর নাম।

→ 'ভ্যাটিকান রেডিও' নামের সরকারি বেতার স্টেশন সারাবিশ্বের পোপের বার্তা ছড়িয়ে দেয়।

→ নোবেল বিজয়ী বাংলাদেশি অর্থনীতিবিদ ড. মোহাম্মাদ ইউনুস ভ্যাটিকানের 'ল্যাম্প অব পিস' পুরস্কার লাভ করেন।

→ রোহিঙ্গা ইস্যুতে ঢাকায় এসেছিলেন পোপ ফ্রান্সিস। তিনি মায়ানামারে 'রোহিঙ্গা' শব্দটি ব্যবহার না করায় বেশ আলোচিত হন। পোপ ফ্রান্সিসের জন্ম আর্জেন্টিনায় এবং পোপ ষোড়শ বেনেডিক্টের জন্ম জার্মানিতে।

→ স্বাধীন দেশ হলেও ভ্যাটিকান সিটি জাতিসংঘের সহযোগী সদস্য।

→ Nuncio : একটি দেশ থেকে অন্য একটি দেশে প্রেরিত কূটনৈতিক মিশনের সর্বোচ্চ পদমর্যাদার কর্মকর্তাকে বলা হয় High Commissioner/Ambassador. ভ্যাটিকান সিটির পোপের দূতকে বলা হয় Nuncio এবং উপদূতকে বলা হয় Internuncio.

→ ভৌগোলিক পরিসরে যেসব রাষ্ট্রের মাঝে অন্য কোন রাষ্ট্রের অংশবিশেষ বা পুরো একটি স্বাধীন রাষ্ট্রের অবস্থান রয়েছে, সেটিকে ছিদ্রায়িত রাষ্ট্র বলে। ছিদ্রায়িত রাষ্ট্র ইতালির অভ্যন্তরের দুইটি দেশ হলো- স্যানম্যারিনো ও ভ্যাটিকান সিটি।

☼ *বলকান অঞ্চল (১১টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
ক্রোয়েশিয়া	জাগরেভ	কুনা	ক্রোয়েশিয়ান
গ্রিস	এথেন্স	ইউরো	গ্রিক
মন্টিনিগ্রো	পোডগোরিকা	ইউরো	মন্টেনেগ্রিন
সার্বিয়া	বেলগ্রেড	দিনার	সার্বিন
মেসিডোনিয়া	স্কোপজে	দিনার	মেসিডোনিয়ান
বসনিয়া-হার্জেগোভিনা	সারায়েভো	কনভার্টিবল মার্ক	বসনিয়ান
বুলগেরিয়া	সোফিয়া	লেভ	বুলগেরিয়ান
স্লোভেনিয়া	লুবজানা	ইউরো	স্লোভেনিয়ান
কসোভো	প্রিস্টিনা	ইউরো	আলবেনিয়ান
রোমানিয়া	বুখারেস্ট	লিউ	রোমানিয়ান
আলবেনিয়া	তিরানা	লেক	আলবেনিয়ান

মনে রাখুন : ক্রোড়পতি গ্রিসের মনটা সর্বদাই MBBS পড়ুয়া ক্ল্যাসিক্যাল রোমার জন্য আকুল।

www.bdniyog.com

→ উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
রোমানিয়া	ছিল না
মন্টিনেগ্রো ও কসোভো	সার্বিয়া
ক্রয়োশিয়া, স্লোভেনিয়া, বসনিয়া- হার্জেগোভিনা, মেসিডোনিয়া, সার্বিয়া	যুগোশ্লোভিয়া
বুলগেরিয়া, আলবেনিয়া, গ্রিস	অটোমান সাম্রাজ্য



→ সাবেক যুগোশ্লাভিয়া :

- নব্বয়ের দশকে যুগোশ্লাভিয়া ভেঙ্গে একে একে চারটি স্বাধীন রাষ্ট্র হয়। যথা- ক্রোয়েশিয়া, উত্তর মেসিডোনিয়া, বসনিয়া ও হার্জেগোভিনা।
- সার্বিয়া আর মন্টিনিগ্রো 'ফেডারেল রিপাবলিক অব যুগোশ্লাভিয়া' নাম নিয়ে কিছুকাল টিকে থাকলেও ২০০৬ সালে মন্টিনিগ্রো স্বাধীন হলে যুগোশ্লাভিয়া বিলীন হয়ে যায়। পরবর্তীতে সার্বিয়া ভেঙ্গে সার্বিয়া ও কসোভো নামে দুটি স্বাধীন রাষ্ট্র সৃষ্টি হয়।
- সাবেক যুগোশ্লাভিয়া ভেঙ্গে সৃষ্টি হওয়া নতুন রাষ্ট্রসমূহ- সার্বিয়া, ক্রোয়েশিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, মন্টিনেগ্রো, মেসিডোনিয়া ও কসোভো।
- যোশেফ মার্শাল টিটো ছিলেন সাবেক যুগোশ্লাভিয়ার অবিসংবাদিত নেতা। তিনি জোট নিরপেক্ষ আন্দোলনের অন্যতম উদ্যোক্তা ছিলেন।

ক্রোয়েশিয়া ও গ্রিস

→ তোমিসলাভ ছিলেন ক্রোয়েশিয়ার প্রথম রাজা। দেশটির বর্তমান রাষ্ট্রপতির নাম কোলিন্দা গ্রোবার কিতারোভিচ।

→ ক্রোয়েশিয়া ইউরোপীয় ইউনিয়নের ২৮তম সদস্য। দেশটি ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবলে রানার্স-আপ হয়।

→ গ্রিসকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়।

→ অর্থনীতির সাথে জড়িত 'বেইল আউট' নিয়ে বেশ আলোচনা হয় গ্রিসের অর্থনৈতিক সংকটে।

→ গ্রিসের মহাকবি হোমারের 'ইলিয়ড' ও 'ওডিসি' মহাকাব্য দুটিতে বর্ণিত চমকপ্রদ কাহিনির মধ্যে লুকিয়ে থাকা সত্যকে খুঁজে বের করার অদম্য ইচ্ছা উৎসাহিত করে তোলে প্রত্নতত্ত্ববিদদের।

→ এসকাইলাসকে বিয়োগান্তক নাটকের জনক বলা হয়। তাঁর রচিত নাটকের নাম 'প্রমিথিউস বাউন্ড'।

→ গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন 'সোফোক্লিস'। তিনি একশ'টিরও বেশি নাটক রচনা করেন। তাঁর বিখ্যাত নাটকের মধ্যে- রাজা ইডিপাস, আন্তিগোনে ও ইলেক্ট্রা অন্যতম।

→ ইতিহাস রচনায় গ্রিকরা কৃতিত্ব দেখিয়েছিলেন। হেরোডোটাস ইতিহাসের জনক নামে পরিচিত ছিলেন। হেরোডোটাস রচিত ইতিহাস-সংক্রান্ত প্রথম বইটি ছিল গ্রিস ও পারস্যের মধ্যে যুদ্ধ নিয়ে।

মন্টিনেগ্রো, সার্বিয়া ও কসোভো

→ মন্টিনিগ্রো NATO-এর ২৯তম সদস্যপদ লাভ করে- ৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দে। দেশটি ২০০৬ সালে এক গণভোটের মাধ্যমে সার্বিয়ার থেকে স্বাধীনতা লাভ করে।

→ কসোভো ২০০৮ খ্রিস্টাব্দে সার্বিয়ার থেকে স্বাধীনতা লাভ করে।

→ কসোভো নগরীর সাথে সার্বীয়দের স্পর্শকাতর সম্পর্কের কারণ হলো- ধর্মীয় ঐতিহ্য ও ঐতিহাসিক স্মৃতি। (২০তম বিসিএস)

মেসিডোনিয়া ও বসনিয়া-হার্জেগোভিনা

→ মেসিডোনিয়া সাবেক যুগোশ্লাভিয়া ভেঙ্গে সৃষ্টি হয়। আলোচিত ব্যক্তিত্ব 'মাদার তেরেসা' মেসিডোনিয়ায় জন্ম করেন যাকে পোপ ফ্রান্সিস Saint ঘোষণা করেন।

→ ১৯৯২ সালের মার্চ মাসে দেশটি স্বাধীনতা লাভ করে।

→ ডেটন চুক্তি

স্বাক্ষরিত হয়	১৪ ডিসেম্বর, ১৯৯৫ খ্রিস্টাব্দে
স্থান	প্যারিস, ফ্রান্সে স্বাক্ষরিত হয়।
১৯৯৫ সালের নভেম্বরে যুক্তরাষ্ট্রের ওহিও রাজ্যের ডেটনে চুক্তির ব্যাপারে মতানৈক্য হয়।	
পক্ষসমূহ	▪ বসনিয়া-হার্জেগোভিনা ▪ ক্রোয়েশিয়া ও সার্বিয়া
মধ্যস্থতাকারী	মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টন।
এই চুক্তির ফলে চলমান বসনিয়া যুদ্ধের অবসান হয়।	

বুলগেরিয়া, আলবেনিয়া ও রোমানিয়া

→ আনোয়ার হোজ্জা আলবেনিয়ার শাসক ছিলেন। আলেবেনীয় জাতির পিতা ইস্কান্দর বে। নীতিবাক্য- 'তুমি আলবেনীয়, আমায় ইজ্জত দে, আমায় আলবেনীয়র নাম দে'।

→ গোলাপের উপত্যকা অবস্থিত বুলগেরিয়ায়।

→ নিকোলাই চসেস্কু ছিলেন রোমানিয়ার কমিউনিস্ট স্বৈরশাসক।

www.bdniyog.com

উত্তর আমেরিকা মহাদেশ

বিগত বছরের প্রশ্ন

০১. যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ন্যূনতম ইলেক্টরাল ভোট প্রয়োজন- ২৭০ টি ইলেক্টরাল ভোট। (২৬তম বিসিএস)

০২. যুক্তরাষ্ট্রের ইলেক্টরাল ভোট সবচেয়ে বেশী- ক্যালিফোর্নিয়া (২৬ তম বিসিএস)

০৩. যুক্তরাষ্ট্র ইউনিয়নে সর্বশেষ স্টেট যোগ দেয় - হাওয়াই স্টেট (২৬তম বিসিএস)

০৪. কিউবার ক্ষেপণাস্ত্র সংকটের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন- জন এফ কেনেডি। (২৭তম বিসিএস)

০৫. ২০০৫ সালে যুক্তরাষ্ট্রের দক্ষিণ বা পশ্চিম অঞ্চলে সর্বপ্রথম আঘাত হানে- হ্যারিকেন ক্যাটরিনা। (২৭তম বিসিএস)

০৬. যুক্তরাষ্ট্রে ক্রীতদাস প্রথা বিলুপ্তকারী- আব্রাহাম লিঙ্কন। (১৯তম বিসিএস)

০৭. ফেয়ার ফ্যাক্স- মার্কিন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা। (২৮তম বিসিএস)

০৮. মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রীর নাম- মাইক পম্পেও। (২৯তম বিসিএস)

০৯. প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর- ইউকোসুক। (৩৫তম বিসিএস)

১০. মধ্য আমেরিকার যে দেশে স্থায়ী সেনানিবাস নাই- কোস্টারিকা। (৩১তম বিসিএস)

১১. মাথাপিছু গ্রিন হাউজ গ্যাস উদগীরণে সবচেয়ে বেশী দায়ী দেশ- যুক্তরাষ্ট্র। (৩৭তম বিসিএস)

১২. পানামা যে মহাদেশে অবস্থিত- মধ্য আমেরিকা। (৩৭তম বিসিএস)

১৩. সাবেক মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগান কর্তৃক ঘোষিত Strategic Defence Initiative (SDI) এর জনপ্রিয় নাম- তারকা যুদ্ধ। (৩৮তম বিসিএস)

১৪. গুয়ামের গভর্নরের নাম- অ্যাডি ক্যালভো। (Eddie Baza Calvo) (৩৮তম বিসিএস)

১৫. পিং পং এর অর্থ হচ্ছে - টেবিল টেনিস। (৩৮তম বিসিএস)

অবস্থান ও সংখ্যা	দেশের নাম
উত্তর আমেরিকা (৩টি)	কানাডা, যুক্তরাষ্ট্র, মেক্সিকো।
পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ (১৩/১৪টি)	হাইতি, কিউবা, গ্রেনাডা, এন্টিগুয়া ও বারমুডা, বার্বাডোজ, বাহামা, ডোমিনিকা, ডোমিনিকা প্রজাতন্ত্র, জ্যামাইকা, সেন্ট লুসিয়া, সেন্ট কিটস অ্যান্ড নেভিস, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড গ্রেনাডাইনস।
মধ্য আমেরিকা (৭টি)	নিকারাগুয়া, পানামা, বেলিজ, কোষ্টারিকা, হন্ডুরাস, গুয়েতেমালা, এল সালভাদর।
মোট- ২৩টি	

USMCA : ১ জানুয়ারি ১৯৯৪ যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকোর মধ্যে স্বাক্ষরিত হয় ত্রিপক্ষীয় বাণিজ্য চুক্তি North American Free Trade Agreement (NAFTA)। কিন্তু ২০ জানুয়ারি ২০১৭ ক্ষমতায় আসার পরপরই মার্কিন স্বার্থ পরিপন্থী বলে NAFTA নিয়ে আপত্তি তোলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি **১৮ মে ২০১৭ চুক্তিটি** থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে নেয়ার হুমকি দেন। এক বছরের বেশি সময় ধরে NAFTA নিয়ে নানান আলোচনা-বিতর্ক চলার পর **৩০ সেপ্টেম্বর ২০১৮** চুক্তিটি পুরোপুরি ঢেলে সাজাতে সম্মত হয় যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা। নবায়ন ও নাম পরিবর্তনসহ চুক্তির সামগ্রিক বিষয়গুলো নতুন করে লেখা হয়। চূড়ান্তভাবে স্বাক্ষরিত হওয়ার পর NAFTA'র জায়গায় প্রতিস্থাপিত হবে United States – Mexico - Canada Agreement (USMCA)। চুক্তিভুক্ত অঞ্চলগুলোর মোট বাণিজ্যের পরিমাণ প্রায় ১ ট্রিলিয়ন মার্কিন ডলার।

☼ *উত্তর আমেরিকা (০৩টি দেশ)*

দেশের নাম	রাজধানী	মুদ্রা	ভাষা
কানাডা	অটোয়া	ডলার	ইংরেজি, ফ্রেঞ্চ
মেক্সিকো	মেক্সিকো সিটি	পেঁসো	স্প্যানিশ
যুক্তরাষ্ট্র	ওয়াশিংটন ডিসি	ডলার	ইংরেজি
মনে রাখুন : কামে (কানাডা, মেক্সিকো) যুক্ত হও।			

→ উপনিবেশ :

দেশের নাম	উপনিবেশ
কানাডা	যুক্তরাজ্য, ফ্রান্স
মেক্সিকো	স্পেন
যুক্তরাষ্ট্র	যুক্তরাজ্য

যুক্তরাষ্ট্র

ইতালির নাগরিক কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন- ১৪৯২ সালে। প্রাথমিকভাবে যুক্তরাষ্ট্র গঠিত হয়েছিল- ১৩টি রাষ্ট্র নিয়ে। আমেরিগো ভেসপুচি আমেরিকা আসেন- ১৪৯৭ সালে। আমেরিকা নামকরণ করা হয়- আমেরিগো ভেসপুচি এর নামানুসারে। বিভিন্ন ঘটনার পরিক্রমায় ১৭৭৩ সালে ব্রিটিশ পার্লামেন্টে 'চা আইন' পাস হয়, যা আমেরিকানরা প্রত্যাখ্যান করে। এর প্রতিক্রিয়ায় আমেরিকানরা পালন করে- 'বোস্টন চা পার্টি'। বোস্টন চা পার্টি মূলত- 'জাহাজ ভর্তি চা পাতা আটলান্টিক মহাসাগরে ফেলে দেয়ার মধ্য দিয়ে ব্রিটিশ বণিকদের বিরুদ্ধে আমেরিকার প্রতিবাদ'। আমেরিকার স্বাধীনতা যুদ্ধ শুরু হয়- ১৭৭৫ সালে। শেষ হয় ১৭৮৩ সালে।

www.bdniyog.com

→ আমেরিকা স্বাধীনতা লাভ করে ৪ জুলাই, ১৭৭৬ সালে। এজন্য ৪ জুলাই যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস পালিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণা করা হয় 'ইন্ডিপেন্ডেনট হল' থেকে।

→ আমেরিকার সংবিধান :

- বিশ্বের সবচেয়ে ক্ষুদ্রতম (সংক্ষিপ্ত) সংবিধান মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান। এ সংবিধানের অনুচ্ছেদ ৭টি।
- যুক্তরাষ্ট্রের সংবিধানের শব্দ সংখ্যা আট হাজারেরও কম।
- ১৭৮৭ সালের ১৭ সেপ্টেম্বর ফিলাডেলফিয়ায় সংবিধান গৃহীত হয়। সংবিধান কার্যকর হয় ১৭৮৯ থেকে।
- নাগরিক অধিকার সম্পর্কিত প্রথম ১০ সংশোধনীকে 'বিল অব রাইটস' বলা হয়। যা মার্কিন সংবিধানে অন্তর্ভুক্ত হয় ১৭৯২ সালে।
- সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির কার্যকাল ৪ বছর।
- আমেরিকায় নারীর ভোটাধিকার স্বীকৃত হয় ১৯২০ সালে ঊনিশতম সংশোধনীর মাধ্যমে।
- যুক্তরাষ্ট্রের সংবিধানে কংগ্রেসের যুদ্ধ ঘোষণা ও সামরিক বাহিনী সংক্রান্ত বিধান আছে ৮ নং ধারায়।
- যুক্তরাষ্ট্রের সংবিধান অনুমোদনে স্বাক্ষর করেন ৩৯ জন। অনুমোদনে সর্বপ্রথম স্বাক্ষর করেন জর্জ ওয়াশিংটন।
- সুপার ৩০১ যুক্তরাষ্ট্রের বাণিজ্য সংক্রান্ত একটি আইন।

→ **প্রশাসনিক কাঠামো :** যুক্তরাষ্ট্র ৫০টি অঙ্গরাজ্য এবং একটি স্বাধীন ফেডারেল জেলা ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া নিয়ে গঠিত। গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্যের নামসমূহ- লুসিয়ানা (১৮০৩ সালে যুক্তরাষ্ট্র ১২ মিলিয়ন ডলারের বিনিময়ে ফ্রান্সের সম্রাট নেপোলিয়নের নিকট হতে ক্রয় করে), ক্যালিফোর্নিয়া (৩১তম অঙ্গরাজ্য), আলাস্কা (১৮৬৭ সালে যুক্তরাষ্ট্র রুশ সাম্রাজ্যের নিকট হতে ক্রয় করে), হাওয়াই (৫০তম অঙ্গরাজ্য)

→ পার্লামেন্ট ও নির্বাচন : যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম কংগ্রেস। যা দ্বিকক্ষবিশিষ্ট। উচ্চ কক্ষের নাম- সিনেট (সংখ্যা- ১০০টি), নিম্ন কক্ষের নাম- হাউজ অব রিপ্রেজেন্টেটিভ (সংখ্যা- ৪৩৫টি)। ৩টি সংরক্ষিত আসনসহ মোট আসন ৫৩৮টি। প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য ২৭০টি ইলেক্টোরাল ভোটের প্রয়োজন হয়।

→ ব্রাডলে ইফেক্ট যুক্তরাষ্ট্রের নির্বাচন সম্পর্কিত একটি শব্দ।

→ সিআইএ (CIA) এর সদর দপ্তর- ভার্জিনিয়া।

→ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে বহনকারী বিমানের নাম- এয়ারফোর্স ওয়ান।

→ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের অফিসের নাম- ওভাল হাউজ।

→ মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকায়- ১৩টি রেখা এবং ৫০টি তারা। ১৩টি রেখা দ্বারা স্বাধীনতা যুদ্ধের সময়কালীন ১৩টি রাজ্যকে বোঝানো হয়েছে এবং ৫০টি তারকা দিয়ে ৫০টি অঙ্গরাজ্যকে বোঝানো হয়েছে।

→ যুক্তরাষ্ট্র UNESCO' র সদস্য পদ ত্যাগের ঘোষণা দেয় - ১২ অক্টোবর, ২০১৭।

→ বিশ্বের বৃহৎ অস্ত্র রপ্তানিকারক দেশের নাম- যুক্তরাষ্ট্র।

→ ব্রিটিশ উপনিবেশ ছিল কিন্তু কমনওয়েলথের সদস্য নয়।

→ যুক্তরাষ্ট্রের শিকাগো শহরকে বলা হয়- পৃথিবীর কসাইখানা।

→ আয়তনে পৃথিবীর বৃহত্তম জলপ্রপাতের নাম- নায়াগ্রা (যুক্তরাষ্ট্র ও কানাডা সীমান্তে অবস্থিত)।

→ গ্রেট লেক : যুক্তরাষ্ট্রের বিখ্যাত পাঁচটি হ্রদকে একত্রে গ্রেট লেক বলা হয়। যথা- সুপিরিয়র, মিশিগান, ইরি, হিউরন ও ও অন্টারিও।

→ নিউইয়র্কের টুইন টাওয়ারের ধ্বংসস্তুপ অঞ্চলটি এখন যে নামে পরিচিত অথবা, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এখন যে নামে পরিচিত- গ্রাউন্ড জিরো। টুইন টাওয়ার স্মরণে নির্মিতব্য স্মৃতিসৌধের নাম- ফ্রিডম টাওয়ার।

→ পার্ল হারবার : ১৯৪১ সালের ৭ ডিসেম্বর দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান এ অঞ্চলে আক্রমণ চালিয়ে তা দখল করে নেয়। এ আক্রমণের কারণেই যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে। যুক্তরাষ্ট্র ১৯৪৫ সালের ৬ আগস্ট ও ৯ আগস্ট যথাক্রমে হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক বোমা বিস্ফোরণ ঘটালে জাপান আত্মসমর্পণে বাধ্য হয়। বর্তমানে এটি যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে রয়েছে।

→ মনরো ডক্ট্রিন : ১৮২৩ সালের নভেম্বর মাসে মার্কিন যুক্তরাষ্ট্রের পঞ্চম প্রেসিডেন্ট জেমস মনরো ঘোষণা করেন, কোনো ইউরোপীয় রাষ্ট্র যদি পশ্চিম গোলার্ধের কোনো রাষ্ট্রের ক্ষেত্রে ষড়যন্ত্রে লিপ্ত হয়, যা তাদের রাষ্ট্রীয় স্বাধীনতার পরিপন্থী; তবে মার্কিন যুক্তরাষ্ট্র সেই ষড়যন্ত্রে বাধা দেবে। এই হলো মনরো ডকট্রিনের মূল কথা। জেমস মনরো যখন তার এ বিখ্যাত ঘোষণাটি দেন, তখন আলাস্কা ছিল রাশিয়ার অধীনে। রাশিয়ার সম্রাট প্রথম জার আলেক্সান্ডার আলাস্কাকে কেন্দ্র করে চাচ্ছিলেন পশ্চিম গোলার্ধে প্রভাব বিস্তার করতে। এ জন্য তিনি সমর্থন করেছিলেন সেই সময়ের স্পেনের সম্রাটকে। স্পেনের সম্রাট চাচ্ছিলেন মেক্সিকো থাকুক তার প্রভাববলয়ে। তখন মেক্সিকোর নিয়ন্ত্রণে ছিল বর্তমান মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঞ্চল। ফলে মার্কিন যুক্তরাষ্ট্র বিশেষভাবে সন্দিহান হয়ে উঠেছিল রাশিয়ার কার্যকলাপের ওপর। প্রেসিডেন্ট মনরো ঘোষণা করেছিলেন তার বিখ্যাত নীতি; যা খ্যাত হয়ে আছে মনরো ডকট্রিন (Monroe Doctrine) হিসেবে।

→ ট্রুম্যান ডক্ট্রিন : ট্রুম্যান ডক্ট্রিন ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের একটি পররাষ্ট্রনীতি যা ঘোষণা করা হয় স্নায়ুযুদ্ধের সময় রাশিয়ার প্রভাব মুক্ত রাখার জন্য। ১৯৪৭ সালের ১২ মার্চ, কংগ্রেসে হ্যারি এস ট্রুম্যান 'ট্রুম্যান ডক্ট্রিন' ঘোষণা করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপকে পুনর্গঠনের জন্য এবং তুরস্ক, গ্রিসের শঙ্কা থেকে ইউরোপকে রক্ষার জন্য আর্থিক প্যাকেজ হলো ট্রুম্যান ডক্ট্রিন। ট্রুম্যান ডক্ট্রিনকে ১৯৪৯ সালের ৪ এপ্রিল NATO গঠনের ভিত্তি বলা হয়। (সূত্র: উইকিপিডিয়া)।

→ মার্শাল প্ল্যান : মার্শাল প্ল্যান ছিল সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জর্জ মার্শাল কর্তৃক প্রণীত একটি আর্থিক প্যাকেজ যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পশ্চিম ইউরোপকে সাহায্য করার জন্য গৃহীত হয়। এটি ছিল ১৩ বিলিয়ন মার্কিন ডলারের (বর্তমান বাজার মূল্য ১৪০ বিলিয়ন ডলার, ২০১৭ সালের সেপ্টেম্বর মাসের হিসেব অনুসারে) সাহায্য যা পশ্চিম ইউরোপকে পুনর্গঠনের জন্য ব্যবহার করা হয়েছিল। ১৯৪৮ সালের এ প্ল্যানটি গৃহীত হয় রাশিয়ার প্রভাব থেকে ইউরোপকে মুক্ত রাখার জন্য।

www.bdniyog.com

আরো দেখুন

প্রতিদিনের চাকুরীর সার্কুলার পেতে এখানে ক্লিক করুন

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ এখানে ক্লিক করুন

চাকুরীর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিসিএস এর প্রয়োজনীয় পিডিএফ বই এখানে ক্লিক করুন

প্রতি সপ্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড এখানে ক্লিক করুন

সকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান এখানে ক্লিক করুন

বিডিনিয়োগ.কম দেশের সেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

HSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিশ্ববিদ্যালয় ভর্তির সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

সকল ধরনের সাজেশন ডাউনলোড এখানে ক্লিক করুন

www.bdniyog.com

ORIGINAL BDNIYOG.COM COPYRIGHT

→ আইজেন হাওয়ার মনরো ডক্ট্রিন : মনরো ডক্ট্রিনের অনেক দিন পর ১৯৬০ সালের ফেব্রুয়ারি মাসে মার্কিন প্রেসিডেন্ট আইজেন হাওয়ার বলেন, রাশিয়া যদি ল্যাটিন আমেরিকার দেশগুলোয় কমিউনিজম ছড়াতে চায়, তবে তিনি মনরো ডকট্রিন অনুসারে সেই প্রচেষ্টাকে প্রতিহত করবেন। এ হলো মনরো ডকট্রিনের আইজেন হাওয়ার প্রদত্ত নতুন ব্যাখ্যা।

→ চরম অর্থনৈতিক মন্দা (Great Depression) : ১৯২৯ সালের ২৯ অক্টোবর যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে ধ্বসের মাধ্যমে (Black Tuesday) বিশ্বব্যাপী চরম অর্থনৈতিক মন্দা (Great Depression) শুরু হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের ৩২তম প্রেসিডেন্ট ১৯৩৩ সালে নির্বাচিত হয়ে মহামন্দা মোকাবিলায় 'নিউ ডিল' ব্যবস্থা প্রবর্তন করেন। চরম অর্থনৈতিক মন্দা শুরু হয়েছিল ১৯২৯ সালের ৪ সেপ্টেম্বর এবং ১৯৪১ সাল পর্যন্ত চলেছিল।

→ ওয়াটার গেট কেলেংকারি : ওয়াটারগেট কেলেঙ্কারি ছিল ১৯৭০-এর দশকে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি রাজনৈতিক কেলেঙ্কারি। নির্বাচন প্রচারাভিযান চলাকালে ১৭ জুন, ১৯৭২ সালে ক্ষমতাসীন রিপাবলিকান দল ও প্রশাসনের ৫ ব্যক্তি ওয়াশিংটন ডিসির ওয়াটার গেট ভবনস্থ ডেমোক্র্যাট দলের সদর দফতরে আড়িপাতার যন্ত্র বসায় এবং নিক্সনের প্রশাসন কেলেঙ্কারটি ধামা-চাপা দেওয়ার চেষ্টা করেন। এ ঘটনার ফলে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ৯ আগস্ট, রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগে বাধ্য হন। এ ঘটনাটি ওয়াটারগেট কেলেংকারি নামে পরিচিত। নিক্সন পদত্যাগ করলে সাংবিধানিকভাবে প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হয় 'জেরাল্ড ফোর্ড'। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে ফোর্ডই একমাত্র প্রেসিডেন্ট যিনি সাধারণ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হননি।

→ তারকা যুদ্ধ (Star War) : মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ১৯৮৩ সালের ২৩ মার্চ ভূমি ও মহাকাশে পরমাণু ক্ষেপণাস্ত্র আক্রমণ প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলার পরিকল্পনা হাতে নেন যা SDI (Strategic Defense Initiative) নামে পরিচিত। একে সমালোচকরা নক্ষত্র যুদ্ধ (Star War) এর পরিকল্পনা হিসেবেও অভিহিত করেন। ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতন হলে তারকা যুদ্ধের বিষয়টি স্তিমিত হয়ে যায়।

→ '৫৮তম মার্কিন প্রেসিডেন্ট' নির্বাচন অনুষ্ঠিত হয় ৮ নভেম্বর, ২০১৬ সালে। নির্বাচনে ট্রাম্প কম ভোট পেয়েও ইলেক্টরাল ভোট বেশী পেয়ে প্রেসিডেন্ট নির্বাচিত হয়। হিলারী রোডহ্যাম ক্লিনটন ৪৮.২০ শতাংশ এবং ডোনাল্ড ট্রাম্প পায় ৪৬.১০ শতাংশ ভোট পায়। ইলেক্টরাল কলেজের ভোট ডোনাল্ড ট্রাম্প পায় ৩০৬ টি এবং হিলারী ক্লিন্টন পায় ২৭৭টি।

→ ওবামা কেয়ার বাতিলে স্বাক্ষর করে ২০ জানুয়ারি, ২০১৭

→ প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বাণিজ্য জোট টিপিপি (TPP) ত্যাগ করে ২৩ জানুয়ারি, ২০১৭

→ ২০১৫ সালের প্যারিস জলবায়ু চুক্তি প্রত্যাখ্যান করে ট্রাম্প।

→ The President of Missing : ৪২তম মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টন এবং নবীন মার্কিন লেখক জেমস প্যাটারসনের যৌথভাবে লেখা উপন্যাস। ৪ জুন, ২০১৮ সালে উপন্যাসটি প্রকাশিত হয়।

→ স্টিফেন উইলিয়াম হকিন্স : আধুনিক পদার্থ বিজ্ঞানের বরপুত্র খ্যাত ব্যক্তিত্ব স্টিফেন উইলিয়াম হকিং ১৯৪২ সালের ৮ জানুয়ারি যুক্তরাজ্যের অক্সফোর্ডে জন্মগ্রহণ করেন। মহামতি আলবার্ট আইনস্টাইনের পর দুনিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ তাত্ত্বিক পদার্থবিজ্ঞানী হিসেবে সর্বজনস্বীকৃত স্টিফেন হকিং কৃষ্ণবিবর এবং আপেক্ষিকতাবাদ নিয়ে অসামান্য ও বৈপ্লবিক পর্যবেক্ষণ ও কাজ করে বিজ্ঞানের ইতিহাসকে নতুন পথের সন্ধান দিয়েছে। মাত্র ২১ বছর বয়সে প্রাণঘাতি মটর নিউরন রোগে (Amyotrophic Lateral Sclerosis- ALS) আক্রান্ত হওয়ায় হকিং এ রোগকে সঙ্গী করেই দীর্ঘ ৫৬ বছর ধরে মানুষের কৌতুহলের কেন্দ্রবিন্দু মহাবিশ্বের সৃষ্টিতত্ত্ব তথা মহা বিস্ফোরণ (Black Holes) ও কৃষ্ণবিবর (Big Bang) এবং এ সংক্রান্ত নানা গবেষণা ও তত্ত্ব প্রদান করে বিশ্বের জীবন্ত কিংবদন্তিতে পরিণত হয়েছিলেন। হকিং এর সর্বাপেক্ষা বিখ্যাত আলোড়ন সৃষ্টিকারী রচনা "A Brief History of Time: From the Big Bang to Black Holes" প্রকাশিত হয় ১৯৮৮ সালে যা ৪০ টির ও বেশি ভাষায় অনূদিত হয়েছে। **১৪ মার্চ ২০১৮** এই মহান বিজ্ঞান মনস্ক পৃথিবীর মায়া ত্যাগ করে পরপারে পাড়ি জমান।

→ বাণিজ্য যুদ্ধ :

- **বাণিজ্য যুদ্ধ :** বাণিজ্য প্রতিবন্ধকতার পাল্টা ব্যবস্থা হিসেবে দুই বা ততোধিক রাষ্ট্রের একে অপরের উপর আমদানি-রপ্তানি শুল্ক আরোপ বা আরও অন্যান্য বাণিজ্য প্রতিবন্ধকতা সৃষ্টিই হলো বাণিজ্যযুদ্ধ (Trade War).
- **যে ভাবে শুরু হলো :** ৬ জুলাই ২০১৮ থেকে চীন-যুক্তরাষ্ট্র পাল্টাপাল্টি শুল্কারোপের মধ্য দিয়ে বিশ্বের বৃহত্তম দুই অর্থনৈতিক শক্তির মধ্যে শুরু হয় 'বাণিজ্যযুদ্ধ'।
- **স্থগিত হলো বাণিজ্যযুদ্ধ :** ০১লা ডিসেম্বর ২০১৮ উভয় দেশ তাদের মধ্যে চলা তিক্ত 'বাণিজ্যযুদ্ধ' ৯০ দিনের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়।
- **মধ্যস্থতা হয় :** আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে দেশ দুটির প্রেসিডেন্টদের মধ্যে এক বৈঠকে বাণিজ্যযুদ্ধ স্থগিতের ঘোষণা আসে।

→ যুক্তরাষ্ট্রে কাল তালিকায় ১০ দেশ : ধর্মীয় স্বাধীনতা লঙ্ঘনের দায়ে যুক্তরাষ্ট্র ১০টি দেশকে কালো তালিকার অন্তর্ভুক্ত করে। সংখ্যালঘুদের প্রতি আচরণের ভিত্তিতে তৈরি করা এ কালো তালিকায় আগে থেকেই অন্তর্ভুক্ত ছিল ১০টি দেশ। এবার ০৯টি দেশকে আরও এক বছরের জন্য রাখা হয়। তালিকা থেকে উজবেকিস্তানকে বাদ দিয়ে পাকিস্তানকে নতুন করে অন্তর্ভুক্ত করা হয়। কালো তালিকার অন্তর্ভুক্ত ১০টি দেশ: পাকিস্তান, চীন, ইরিত্রিয়া, ইরান, মিয়ানমার, উত্তর কোরিয়া, সৌদি আরব, সুদান, তাজিকিস্তান ও তুর্কমেনিস্তান।

www.bdniyog.com

→ মার্কিন কংগ্রেসের ইতিহাসে সর্বকনিষ্ঠ নারী নির্বাচিত হন আলেকজান্দ্রিয়া ওকাশিয়ো কার্তেজ।

→ যুক্তরাষ্ট্রের যুদ্ধবিমান : এফ-১৬ (জঙ্গি বিমান), স্টেলথ (রাডারের নজর এড়াতে সক্ষম), সি-১৩০ (সামরিক পরিবহন বিমান), বি-৫২ (বোমারু বিমান)

→ যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্র : ট্রাইডেন্ট (ক্রুজ মিসাইল), টমাহক (সাবমেরিন থেকে নিক্ষেপযোগ্য ব্যালাস্টিক মিসাইল), পেট্রিয়ট (আক্রমণকারী ক্ষেপণাস্ত্র ধ্বংস করার জন্য)

→ হোয়াইট হাউজ : এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারি বাসভবন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসির পেনসিলভানিয়া এভিনিউতে এই বাসভবনটি ১৭৯২-১৮০০ সালের মধ্যে প্রতিষ্ঠিত হয়। ভবনটির মূল স্থপতি ছিলেন একজন আইরিশ শিল্পী জেমস হোবান। ১৮১৪ সালে আমেরিকা-ব্রিটেন যুদ্ধ চলাকালে ব্রিটিশ সেনাবাহিনী ২৪ আগস্ট ভবনটি পুঁড়িয়ে দেয়। হোয়াইট হাউজে প্রথম বাস করেছিলেন প্রেসিডেন্ট জন অ্যাডামস। প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন হোয়াইট হাউজে বাস করেননি। ১৯০২ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট এ নামটিকেই স্বীকৃতি দেন।

→ স্ট্যাচু অব লিবার্টি : মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতার এক ঐতিহাসিক ও শ্রদ্ধার নিদর্শন হল 'স্ট্যাচু অব লিবার্টি'। এটি বিশ্বের উচ্চতম মূর্তি। এটি নিউইয়র্কের হাডসন নদীর তীরে যুক্তরাষ্ট্রের লিবার্টি আইল্যান্ডের নিউইয়র্ক পোতাশ্রয়ে স্থাপিত। এর স্থপতি ফ্রেডেরিক অগাস্ট বার্থোল্ডি। তামার তৈরি এ মূর্তিটি ৯৩ মিটার বা ৩০০ ফুট উঁচু। এতে এমা লাজারুসের 'দ্য নিউ কলম্বাস' খোদিত রয়েছে। ফ্রান্স এটি USA কে উপহার দেয়। ১৮৮৬ সালের ২৮ অক্টোবর 'স্ট্যাচু অব লিবার্টি' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। যুক্তরাষ্ট্র সরকার ১৯২৪ সালে এটিকে জাতীয় সৌধ হিসেবে স্বীকৃতি দেয়।

→ <u>পেন্টগন</u> : পেন্টাগন হলো বিশ্বের সবচেয়ে শক্তিধর ও বৃহত্তম অফিস ভবন। এটি যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের সদর দপ্তর। যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া রাজ্যের আর্লিংটনে পোটোম্যাক নদীর পশ্চিম তীরে এর অবস্থান। ভবনটি পঞ্চভুজাকৃতির বলে এরূপ নামকরণ হয়েছে। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর এ ভবনে সন্ত্রাসী হামলা হয়েছিল।

→ ভার্সাই চুক্তি ১০ জানুয়ারি, ১৯২০ খ্রিস্টাব্দে কার্যকর হওয়ার মধ্য দিয়ে জাতিপুঞ্জের (The League of Nations) সৃষ্টি হয়। এটি ছিল আন্তর্জাতিক সংস্থা যার প্রধান মিশন ছিল 'বিশ্বশান্তির জন্য কাজ করা।

→ প্রধান কার্যালয় ছিল : জেনেভা, সুইজারল্যান্ড।

→ প্রধান উদ্যোক্তা : ড. উড্রো উইলসন।

→ দ্বিতীয় বিশ্বযুদ্ধ এড়াতে ব্যর্থ হওয়ায় সংস্থাটি তার কার্যকারতা হারায় ১ সেপ্টেম্বর, ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হওয়ার মাধ্যমে। আনুষ্ঠানিক ভাবে বিলুপ্ত ঘোষণা করা হয় ২০ শে এপ্রিল, ১৯৪৬ সালে।

→ জাতিপুঞ্জ গঠনের সময় ইতালি, যুক্তরাজ্য, ফ্রান্স- এই তিনটি স্থায়ী সদস্যসহ মোট সংস্থাটির সদস্য ছিল- ৪২টি দেশ।

→ অঙ্গসংস্থা ছিল- ০৩টি। যথা- অ্যাসেম্বলি, কাউন্সিল ও সচিবালয়।

→ জাতিপুঞ্জের প্রথম মহাসচিব ছিলেন ব্রিটিশ উচ্চ রাজকর্মচারী Sir James Eric Drummond. সর্বশেষ মহাসচিব ছিলেন ফরাসী কূটনীতিক Joseph Louis Anne Avenol.

জাতিসংঘ

বিগত বছরের প্রশ্ন

০১. জাতিসংঘের প্রথম মহাসচিবের নাম- ট্রিগভেলী। (১০ম ও ২৬তম বিসিএস)

০২. সাধারণ পরিষদের নিয়মিত অধিবেশন শুরু হয়- সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার। (১০ম বিসিএস)

www.bdniyog.com

০৩. জাতিসংঘ দিবস- ২৪ অক্টোবর। (১১তম বিসিএস)
০৪. এশিয়ার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে নতুন জোটগুলোর মধ্যে ESCAP সবচেয়ে বেশী উপযোগী মনে করে- APEC. (১৩তম বিসিএস)
০৫. জাতিসংঘের কারিগরী সহায়তা কার্যক্রম সংশ্লিষ্ট বিভিন্ন তহবিল ও সংস্থার মধ্যে সমন্বয়ের দায়িত্ব পালনকারী বিভাগ- UNDP. (১৩তম বিসিএস)
০৬. জাতিসংঘের বহুমুখী কারিগরী ও প্রাক- বিনিয়োগ সম্ভাব্যতা যাচাই করে- UNDP. (১২তম বিসিএস)
০৭. United Nations University- টোকিও তে। (১৫তম বিসিএস)
০৮. YALTA Conference শুরু হয়- ১৯৪৫ সালে। (১৬তম বিসিএস)
০৯. ১৯৬৫ সালের পূর্বে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য ছিল- ১১ টি। (১৬তম বিসিএস)
১০. যে যুদ্ধের প্রেক্ষাপটে 'Uniting for Peace Resoulution' গৃহীত হয়- কোরীয় যুদ্ধ। (১৭তম ও ৩৬তম বিসিএস)
১১. জাতিসংঘের মহাসচিব বিমান দুর্ঘটনায় নিহত হন- দ্যাগ হ্যামারশোল্ড। (১৮তম বিসিএস)
১২. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম- অ্যান্তেনিও গুতেরেস। (২০তম বিসিএস)
১৩. জাতিসংঘের যাত্রা শুরু হয়- ৫১ টি দেশ নিয়ে। (২১তম বিসিএস)
১৪. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা- ১৯৩ টি। (২২তম বিসিএস)
১৫. জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্য রাষ্ট্র সর্বোচ্চ প্রতিনিধি পাঠাতে পারে- ৫ জন। (২৩তম বিসিএস)
১৬. জাতিসংঘের সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থেকেও প্রতিষ্ঠাতা সদস্য দেশ- পোল্যান্ড (১৫ অক্টোবর, ১৯৪৫ খ্রিস্টাব্দে)। (২৪তম বিসিএস বাতিল)
১৭. স্থায়ী সালিশী আদালত কোথায় অবস্থিত- হেগ।
১৮. আটলান্টিক সনদে যুক্তরাষ্ট্র ও ব্রিটেনের পক্ষে স্বাক্ষর করেন- ফ্রাঙ্কলিন রুজভেল্ট ও উইন্সটন চার্চিল। (২৬তম বিসিএস)
১৯. নারীর প্রতি সকল বৈষম্য নির্মূল কনভেনশন স্বাক্ষরিত হয়- ১৯৭৯ সালে। (২৬তম বিসিএস)
২০. জাতিসংঘে সদস্য গ্রহণ করা হয়- নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে। (২৬তম বিসিএস)
২১. জাতিসংঘ কোন সালে প্রতিষ্ঠিত হয়- ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে। (২৭তম বিসিএস)
২২. ইয়াল্টা কনফারেন্স এর লক্ষ্য ছিল- জাতিসংঘ প্রতিষ্ঠা।
২৩. জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর (UNDP) এর শীর্ষপদ- প্রশাসক। (Administrator-Designate)। (৩৬তম বিসিএস)
২৪. প্রেসিডেন্ট উড্রো উইলসন ১৪ পয়েন্টের কত নম্বর অনুচ্ছেদে জাতিপুঞ্জ সৃষ্টির কথা বলা আছে- ১৪ নম্বর। (৩৬তম বিসিএস)
২৫. জাতিসংঘের স্থায়ী সদস্য রাষ্ট্র দেশ- ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন। (৩৭তম বিসিএস)
২৬. জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা (UNEP) ও জলবায়ু বিষয়ক সংস্থা এর সম্মিলিত উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে- IPCC.
২৭. কফি আনান আফ্রিকা মহাদেশ থেকে নির্বাচিত কত তম মহাসচিব- দ্বিতীয়। (২৬তম বিসিএস)
২৮. UNHCR এর সদর দপ্তর- জেনেভা। (৩৮তম বিসিএস)
২৯. ১৯৯৫ সালটিকে কোন সংস্থাটির গোল্ডেন জুবিলি হিসেবে পালিত হয়- United Nations Organization (UNO) (৩৮তম বিসিএস)
৩০. কোনটি জাতিসংঘের সহযোগী সংস্থা নয়- ASEAN. অপশনের অন্যান্য সংস্থাগুলো- ILO, WHO. (৩৮তম বিসিএস)

জাতিসংঘ

জাতিসংঘ গঠনের প্রেক্ষাপট

জাতিসংঘ গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখেন আমেরিকার প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (Franklin D. Roosevelt), ব্রিটিশ প্রধানমন্ত্রী উইন্সটোন চার্চিল (Winston Churchill)। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ৫টি স্থায়ী সদস্য (যাদের ভেটো প্রদানের ক্ষমতা আছে) মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, যুক্তরাজ্য, রাশিয়া ও গণচীন হলো দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ী দেশ। ১৯৪১ সালের জুন থেকে ১৯৪৫ সালের জুন পর্যন্ত বিশ্ব নেতাদের নানা প্রচেষ্টায় এবং গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গড়ে ওঠে জাতিসংঘ। জাতিসংঘ গঠনের লক্ষ্যে সে সময় বিভিন্ন বৈঠক/ সম্মেলন/ ঘোষণা হয় যেগুলোকে জাতিসংঘ গঠনের নিয়ামক হিসেবে বিবেচনা করা হয়।

বৈঠক/সম্মেলন/ঘোষণাকে মনে রাখার উপায় : লন্ডনের আটা ও মস্কোতে ডিম ইয়েস বলে সাইন করে দিন।
লন্ডন- লন্ডন ঘোষণা (১৯৪১), আটা- আটলান্টিক সনদ (১৯৪১), ও- ওয়াশিংটন সনদ (১৯৪২), মস্কোতে- মস্কো সম্মেলন (১৯৪৩), ক্যাসাব্লাঙ্কা সম্মেলন (১৯৪৩), তেহরান সম্মেলন (১৯৪৩), ডিম- ডাম্বারটন ওখস (১৯৪৪), ইয়েস- ইয়াল্টা সম্মেলন (১৯৪৫), সাইন- সানফ্রান্সিসকো সম্মেলন (১৯৪৫)।

সম্মেলন/বৈঠক	সম্মেলন/বৈঠকের বিষয়বস্তু
লন্ডন ঘোষণা	জাতিসংঘ গঠনের প্রারম্ভিক পদক্ষেপ।
আটলান্টিক সনদ	জাতিসংঘ প্রতিষ্ঠার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আটলান্টিক মহাসাগরে 'দি প্রিন্সেস ওয়েলস' রণতরীতে মার্কিন প্রেসিডেন্ট ফ্রঙ্কলিন ডি রুজভেল্ট এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী উইন্সটন চার্চিলের মধ্যে- 'বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য যে ঘোষণা দেয়া হয়, সেটিই আটলান্টিক সনদ।
ওয়াশিংটন সনদ	যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন ও চীনের প্রতিনিধিরাসহ মিত্রপক্ষের আরো ২২টি 'ওয়াশিংটন সনদে' স্বাক্ষর করায় এই সনদকে 'সম্মিলিত জাতিসংঘ ঘোষণা' হিসেবে অভিহিত করা হয়।

www.bdniyog.com

সম্মেলন/বৈঠক	সম্মেলন/বৈঠকের বিষয়বস্তু
মস্কো সম্মেলন	সাধারণ নিরাপত্তা সংক্রান্ত চারজাতি (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সোভিয়েত ইউনিয়ন, চীন) ঘোষণা গৃহীত হয়। ছোট-বড় শান্তিপ্রিয় সকলের জন্য সদস্য পদ উন্মুক্ত করা হয়।
তেহরান সম্মেলন	স্ট্যালিন, চার্চিল ও রুজভেল্ট তেহরানে মিলিত হয়ে সকল দেশকে কল্পিত সংস্থাটির সদস্য হবার আহ্বান জানান।
ডাম্বারটন ওখস সম্মেলন	'সাধারণ আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠার প্রস্তাবসমূহ' নামে ভবিষ্যত সংস্থার খসড়ায় কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। যেমন- ▪ ৫টি স্থায়ী সদস্যসহ ১১ সদস্যের নিরাপত্তা পরিষদ। ▪ আন্তর্জাতিক বিচারালয়, অর্থনৈতিক ও সামাজিক পরিষদ এবং সচিবালয় প্রতিষ্ঠা।
ইয়াল্টা সম্মেলন	সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন ও ফ্রান্সকে নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হিসেবে নির্বাচিত করা এবং তাদেরকে Veto (অর্থ- আমি মানি না) প্রদানের ক্ষমতা প্রদান করা হয়।
সানফ্রান্সিসকো সম্মেলন	২৬ জুন, ১৯৪৫ খ্রিস্টাব্দে ৫০টি দেশের প্রতিনিধিরা জাতিসংঘ সনদে স্বাক্ষর প্রদান করেন। ১৫ অক্টোবর, ১৯৪৫ খ্রিস্টাব্দে পোল্যান্ড জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। ২৪ অক্টোবর, ১৯৪৫ এই সনদ কার্যকর হলে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়।

এক নজরে.....

→ সদস্য সংখ্যা : মূল সদস্য- ১৯৩টি এবং স্থায়ী পর্যবেক্ষক দেশ-২টি (ফিলিস্তিন ও ভ্যাটিকান সিটি)। সর্বশেষ সদস্য- দক্ষিণ সুদান। চীন ১৯৭১ সালে পুনরায় জাতিসংঘের সদস্যপদ লাভ করলে এক চীন নীতির কারণে তাইওয়ান জাতিসংঘের সদস্যপদ হারায়। ইন্দোনেশিয়া ১৯৬৫ সালে স্বেচ্ছায় পদত্যাগ করলেও ঐ বছরে আবার ফিরে আসে।

→ সদর দপ্তর : যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের ম্যানহাটনে ১৬ একর জমিতে ভবনটি ইস্ট নদীর তীরে অবস্থিত।

→ জাতিসংঘের পতাকায় আছে- হালকা নীলের উপর সাদা রং।

→ প্রতীক : মাঝখানে পৃথিবীর মানচিত্র এবং দুই পাশে দুটি জলপাই গাছের শাখা। এখানে জলপাই গাছ শান্তির প্রতীক।

→ জমি দান করেন- জন ডি রকফেলার।

→ নকশা প্রণয়ন করেন- ওয়ালেস কে হ্যারিসন

→ সদর দপ্তর উদ্বোধন : ১৯৫১ সালে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় হয়।

→ জাতিসংঘ শব্দটি প্রথম ব্যবহার করেন- মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট।

→ প্রতিবছর ২৪ অক্টোবর 'জাতিসংঘ দিবস' পালন করা হয়।

→ জাতিসংঘ সনদের রচয়িত আর্চিভেল্ট ম্যাকলিশ।

→ ঠিকানা : 760 United Nations Plaza, NewYork City, NY 10017, USA.

→ ভাষা : জাতিসংঘের অফিসিয়াল বা দাপ্তরিক ভাষা ৬টি: ইংরেজি, ফরাসি, স্পেনীয়, আরবি, চীনা, রুশ ভাষা। জাতিসংঘ বা রাষ্ট্রসংঘের সচিবালয়ে ২ টি ভাষা ব্যবহৃত হয়: ইংরেজি ও ফরাসি।

→ জাতিসংঘ ডাকঘর : জাতিসংঘ ডাকঘর ৩টি (নিউইয়র্ক, জেনেভা এবং ভিয়েনা)। ডাক টিকেট চালু হয় : ১৯৭৪ খ্রি.।

→ জাতিসংঘ বিশ্ববিদ্যালয় : টোকিও, জাপান (১৯৭৩)।

→ জাতিসংঘ শান্তি বিশ্ববিদ্যালয় : কোস্টারিকা (১৯৮০)।

→ জাতিসংঘের সাংগঠনিক কাঠামো : জাতিসংঘ সনদের ৭ নং ধারায় উল্লিখিত এই ৬টি সংস্থা হলো-

সাধারণ পরিষদ (The General Assembly)
নিরাপত্তা পরিষদ (The Security Council)
অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (The Economic and Social Council)
অছি পরিষদ (The Trusteeship Council)
আন্তর্জাতিক বিচারালয় (The International Court of Justice)
সচিবালয় (The Secretariat)

↗ অছি পরিষদ ১৯৯৪ সালে বিলুপ্ত হলে জাতিসংঘের অঙ্গসংস্থা হয় ০৫ টি।

☼ *সাধারণ পরিষদ*

জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র সাধারণ পরিষদের সদস্য। প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন হয় (১০তম বিসিএস)। ১৯৪৬ সালের ১০ জানুয়ারি জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম অধিবেশন হয় লন্ডনের ওয়েস্ট মিনিস্টার হলে। ২০১৯ সাল পর্যন্ত সাধারণ পরিষদের অধিবেশন হয় ৭৪টি।

→ বাংলাদেশ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছিল ১৯৮৬ সালে। বাংলাদেশের হুমায়ুন রশীদ চৌধুরী ৪১তম অধিবেশনে (১৯৮৬) সভাপতিত্ব করেন।

→ প্রতিটি দেশ হতে সর্বোচ্চ ৫ জন করে সাধারণ পরিষদের অধিবেশনে অংশগ্রহণ করতে পারে। তবে ভোটাধিকার ০১ জনের। সাধারণ পরিষদের সদস্য সংখ্যা ১৯৩টি। সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয় ১ বছরের জন্য।

→ সাধারণ পরিষদের প্রথম মহিলা সভাপতি বিজয় লক্ষী পণ্ডিত (ভারত)।

→ সাধারণ পরিষদের সংস্থাসমূহ :

কৌশলে মনে রাখুন : শিশুদের Relief প্রদানের জন্য এক High Commissioner খাদ্য বিতরণ Conference এর আয়োজন করল। উন্নয়নের জন্য গৃহীত এ Fund Volunteer দের দ্বারা বিভিন্ন পরিবেশে বিতরণ করা হবে। সে ক্ষেত্রে নারী ও শিশুরা বিশেষ সুবিধা পাবে।

সংস্থার নাম	প্রতিষ্ঠা	সদর দপ্তর
UNICEF- United Nations Fund for Children	১৯৪৬	জেনেভা, সুইজারল্যান্ড
UNRWA- United Nations Relief & Work Agency for the Palestine	১৯৪৯	গাজা এবং আম্মান
UNHCR- United Nations High Commission for Refuse. (৩৮তম বিসিএস)	১৯৫০	জেনেভা, সুইজারল্যান্ড
WFP- World Food Program	১৯৬১	রোম
UNCTAD- United Nations Conference on Trade & Development	১৯৬৪	জেনেভা, সুইজারল্যান্ড

www.bdniyog.com

UNDP- United Nations Development Program	১৯৬৫	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
UNFPA- United Nations Population Fund.	১৯৬৯	নিউইয়র্ক
UNV- United Nations Volunteers	১৯৭০	বন, জার্মানি
UNEP- United Nations Environment Program	১৯৭২	নাইরোবি, কেনিয়া
সংস্থার নাম	প্রতিষ্ঠা	সদর দপ্তর
UNIFEM- United Nations Develoment Fund for Women	১৯৭৬	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
UN Women- United Nations Women	২০১০	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
UNDCP- United Nations Office on Drugs & Crime.	১৯৯৭	ভিয়েনা, অস্ট্রিয়া

গুরুত্বপূর্ণ তথ্য :

→ UNDP ১৯৯০ সাল থেকে Human Development Index প্রকাশ করে আসছে। এটি জাতিসংঘের সহায়তায় স্বল্পোন্নত দেশসমূহের উন্নয়ন কাজে সমন্বয় করে। UNDP এর সর্বোচ্চ পদ- প্রশাসক (৩৬তম বিসিএস)।

→ UNICEF : এটি জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা। পোলিশ ফিজিশিয়ান Ludwik Rajchma কে সংস্থাটির প্রতিষ্ঠাতা বলা হয়। তিনি ছিলেন এই প্রতিষ্ঠানের প্রথম চেয়ারম্যান। সংস্থাটি ১৯৬৫ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

→ UNHCR : এটি জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাই কমিশন। এই সংস্থাটি ১৯৫৪ এবং ১৯৮১ খ্রিস্টাব্দে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে। সংস্থাটির প্রধানকে বলা হয় হাই কমিশনার।

→ UNCTAD : GSP (Generalized System of Preferences) এর ধারণা প্রদান এবং সংস্থাটির প্রধান অর্জন। এটির প্রধানের পদবী মহাসচিব।

→ UNFPA : জাতিসংঘের বিশেষায়িত এই সংস্থাটি বিশ্ব জনসংখ্যা রিপোর্ট প্রকাশ করে। এর আগের পূর্ণরূপ ছিল- United Nations Fund for Population Activities.

সাধারণ পরিষদের ক্ষমতা ও কার্যাবলি

→ শান্তির জন্য ঐক্য : সনদের ১১(২) নং ধারা অনুসারে সাধারণ পরিষদ তার নিকট উত্থাপিত আন্তর্জাতিক শান্তি এবং নিরাপত্তা রক্ষাবিষয়ক যে-কোনো প্রশ্ন আলোচনা করতে পারে। তবে নিরাপত্তা পরিষদ যদি ভেটো প্রয়োগের দরুন আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষার দায়িত্বপালনে ব্যর্থ হয় তাহলে সাধারণ পরিষদ ১৯৫০ সালের ৩ নভেম্বর গৃহীত 'শান্তির জন্য ঐক্য প্রস্তাব' অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

→ সাধারণ পরিষদ নিরাপত্তা পরিষদের ১০ জন অস্থায়ী সদস্য, অর্থনৈতিক ও সামাজিক পরিষদের ৫৪ জন সদস্যকে নির্বাচিত করে। আন্তর্জাতিক বিচারালয়ের ১৫ জন বিচারপতি সাধারণ পরিষদ নির্বাচিত করে। নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে সাধারণ পরিষদ জাতিসংঘের মহাসচিব নির্বাচিত করে।

☼ *নিরাপত্তা পরিষদ*

নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা ১৫। স্থায়ী সদস্যের সংখ্যা ৫ এবং অস্থায়ী সদস্যের সংখ্যা ১০। অস্থায়ী সদস্যরা দুই বছরের জন্য নির্বাচিত হয়। বাংলাদেশ ১৯৭৮ ও ১৯৯৯ সালে নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হয়। সদর দপ্তর- নিউইয়র্ক।

→ নিরাপত্তা পরিষদের স্থায়ী ৫টি সদস্য (রাশিয়া, রিপাবলিক অফ চীনা, ফ্রান্স, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য) ইয়াল্টা সম্মেলনের মাধ্যমে ভেটো প্রদানের ক্ষমতা পায়। ল্যাটিন 'ভেটো' শব্দের অর্থ 'আমি মানি না'।

→ ১৯৭১ সালে চীনা রিপাবলিক অফ চীনা পিপল'স রিপাবলিক অফ চীনা নামে এবং ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন পুনর্গঠনের পর রাশিয়া নামে স্থায়ী সদস্য হিসেবে ভেটো প্রদান করার ক্ষমতা লাভ করে।

→ নিরাপত্তা পরিষদের প্রথম বাংলাদেশি সভাপতি নির্বাচিত হয়েছিলেন- আনোয়ারুল করিম চৌধুরী।

→ নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্যের অন্তর্ভুক্তি হয়।

→ জাতিসংঘ নিরাপত্তা পরিষদের কোন সিদ্ধান্ত গ্রহণের জন্য ৫টি স্থায়ী সদস্যসহ কমপক্ষে ৯ সদস্যের ভোটের প্রয়োজন পড়ে।

→ স্থায়ী সদস্যের কোন একজন ভেটো প্রদান করলে সেই প্রস্তাবটি অনুমোদিত হয় না। যেমন- বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ চলাকালীন যুদ্ধ বিরতির জন্য জাতিসংঘে ৩ বার প্রস্তাব উত্থাপিত হলেও সাবেক সোভিয়েত ইউনিয়নের ভেটোর জন্য যুদ্ধবিরতি হয়নি।

→ নিরাপত্তা পরিষদকে স্বস্তি পরিষদ বলা হয়।

☼ *অর্থনৈতিক ও সামাজিক পরিষদ*

→ ECOSCO (Economic & Social Council)

→ সদস্য সংখ্যা ৫৪ এবং প্রতিটি সদস্য রাষ্ট্রের মেয়াদ তিন বছর। প্রতি বছর ১৮ টি রাষ্ট্র বের হয়ে যায় এবং ১৮ টি নতুন রাষ্ট্র অন্তর্ভুক্ত হয়।

→ এই পরিষদের ৫টি অর্থনৈতিক কমিশন বা আঞ্চলিক কার্যালয় রয়েছে। যথা-

নাম	সদর দপ্তর
ECE– United Nations Economic Commission for Europe (ইউরোপ)	জেনেভা, সুইজারল্যান্ড
ECA- United Nations Economic Commission for Africa (আফ্রিকা) (24th BCS)	আদ্দিস অবাবা, ইথিওপিয়া
ECLAC- United Nations Economic Commission for Latin America & Caribbean. (ল্যাটিন আমেরিকা এবং ক্যারিবিয়ান)	সান্টিয়াগো, চিলি
ESCAP- United Nations Economic & Social Commission for Asia & Pacific. (এশিয়া এবং প্যাসিফিক) (29th BCS)	ব্যাংকক, থাইল্যান্ড
ESCWA- United Nations Economic & Social Commission for Western Asia. (পশ্চিম এশিয়া)	বৈরুত, লেবানন
ESCSA- United Nation Economic & Social Commission for South Asia. (দক্ষিণ এশিয়া)	নয়া দিল্লি, ভারত

www.bdniyog.com

ECOSOC এর সংস্থাসমূহ

UN গঠনের পূর্বে	UN গঠনের সময় (১৯৪৫)	UN গঠনের পর
▪ ITU-1865 ▪ UPU-1874 ▪ ILO-1919	▪ IMF ▪ IBRD ▪ UNESCO ▪ FAO	▪ ICAO-1947 ▪ WHO-1948 ▪ WMO – 1950 ▪ IFC-1956 ▪ IMO – 1959

☼ আন্তর্জাতিক আদালত

→ International Court of Justice (ICJ) হলো জাতিসংঘের প্রধান বিচার বিভাগীয় সংস্থা।

→ সদস্য ১৯৩টি রাষ্ট্র।

→ নেদারল্যান্ডসের দি হেগ শহরের Peace Palace এ অবস্থিত।

→ সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদ কর্তৃক ১৫ জন বিচারক ৯ বছরের জন্য নির্বাচিত হয়।

→ অপর নাম স্থায়ী শালিসি কেন্দ্র। ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হলেও কার্যক্রম শুরু হয়- ১৯৪৬ সালে।

→ বর্তমান প্রেসিডেন্ট – Dr. Abdulqawi Ahmed Yusuf (since 6th February, 2018), Somalia. বর্তমান ভাইস প্রেসিডেন্ট – Xue Hanqin. (Since 6th February, 2018)। সংস্থাটির প্রথম মহিলা বিচারপতি রোজামিল হিগিন্স (ব্রিটেন)।

☼ সচিবালয় (The Secretariat)

→ জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের হাডসন নদীর তীরে ম্যানহাটন দ্বীপে ১৬ একর জমির উপর।

→ জাতিসংঘের মহাসচিব পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়।

→ জাতিসংঘ সনদের রচয়িতা: Archibald MacLeish.

→ জাতিসংঘের সভাস্থল: দ্যা ফ্লাশিং মিডোস।

→ মহাসচিব: Antonio Guterres (9th).

→ উপমহাসচিব: Amina J. Mohammed (5th).

মহাসচিব

জাতিসংঘ সনদের ৯৭ অনুচ্ছেদ মোতাবেক মহাসচিবকে 'প্রধান প্রশাসনিক কর্মকর্তা' হিসেবে উল্লেখ করা হয়েছে। নিরাপত্তা পরিষদের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুসারে জাতিসংঘের সাধারণ পরিষদ মহাসচিব নিযুক্ত করেন। এক বা দুই মেয়াদে ৫ বছরের জন্য ভৌগোলিক চক্রাবর্তে মহাসচিব পদে মনোনীত করার বিধান চলে আসছে। মহাসচিবদের নাম ও কার্যকাল-

ক্রম	নাম	কার্যকাল ও অন্যান্য
প্রথম	ট্রিগ ভেলাই (TrygveLie) Norway	১৯৪৬-১৯৫২, একমাত্র পদত্যাগকারী মহাসচিব (দেশ- নরওয়ে), বাংলাদেশের ভাষা আন্দোলনকালীন মহাসচিব।
দ্বিতীয়	দ্যাগ হ্যামারশোল্ড (Dag Hammarskjold) Sweden	১৯৫৩-১৯৭১, উত্তর রোডেশিয়া বর্তমান জাম্বিয়ায় বিমান দুর্ঘটনায় মারা যায়, ১৯৬১ সালে মরণোত্তর নোবেল পুরস্কার লাভ করেন। দেশ- সুইডেন।
তৃতীয়	উ থান্ট (U Thant) Myanmar প্রথমে ভারপ্রাপ্ত মহাসচিব ছিলেন এবং পরবর্তীতে মহাসচিব	১৯৬১-১৯৭১, এশিয়ার প্রথম মহাসচিব উ থান্টের (দেশ- মায়ানমার) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদান রয়েছে। ভারত-পাকিস্তান যুদ্ধ, ভিয়েতনাম যুদ্ধ, বার্লিন প্রাচীর সংকট তাঁর সময়ে বিদ্যমান ছিল। তিনি তা সফলতার সাথে সে সব সংকট সমাধান করেন।
চতুর্থ	কুর্ট ওয়ার্ল্ডহেইম (Kurt Waldheim) Austria	১৯৮২-১৯৮১, জাতিসংঘের প্রথম মহাসচিব হিসেবে বাংলাদেশ সফর করেন। পরবর্তীতে ১৯৮৬ সালে তিনি নিজ দেশের প্রেসিডেন্ট নির্বাচিত হন।
পঞ্চম	জাভিয়ার পেরেজ দ্যা কুয়েলার Javier Perez de Cuellar (Peru)	১৯৮২-১৯৯১, আমেরিকা মহাদেশের প্রথম মহাসচিব। পরবর্তীতে ২০০০ সালে তিনি নিজ দেশ পেরুর প্রধানমন্ত্রী নির্বাচিত হন।
ষষ্ঠ	ব্রুট্রোস ঘালি Boutros Ghali (Egypt)	১৯৯২-১৯৯৬, আরব ও আফ্রিকা মহাদেশ থেকে নির্বাচিত জাতিসংঘের প্রথম মহাসচিব।
সপ্তম	কফি আনান Kofi Annan (Ghana)	১৯৯৭- ২০০৬, আফ্রিকা অঞ্চলের ২য় মহাসচিব। তিনি জাতিসংঘের সাথে যৌথভাবে ২০০১ সালে নোবেল পুরস্কার লাভ করেন।
অষ্টম	বান কি মুন Ban ki-moon (South Korea)	২০০৭-২০১৬, এশিয়া মহাদেশ থেকে দ্বিতীয় মহাসচিব।
নবম	অ্যান্তনিও গুতেরেস Antonio Guterres (Portugal)	১৪ অক্টোবর, ২০১৬- বর্তমান, তিনি পর্তুগালের ১১৪তম প্রধানমন্ত্রী এবং UNHCR এর ১০ম চেয়ারম্যান ছিলেন।

☼ জাতিসংঘে বাংলাদেশ

সাল	ঘটনা
১৯৭২	জাতিসংঘের সদস্যপদের জন্য প্রথম আবেদন করেন।
	১৭ অক্টোবর জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা লাভ করেন।
১৯৭৪	১৭ সেপ্টেম্বর জাতিসংঘের ১৩৬তম সদস্য পদ লাভ করে (জাতিসংঘের ২৯তম অধিবেশন)।
	২৫ সেপ্টেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বারের মতো বাংলায় ভাষণ দেন (জাতিসংঘের ২৯তম অধিবেশন)।
১৯৭৮	বাংলাদেশ প্রথমবার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যের পদ পরবর্তী দুই বছরের জন্য লাভ করেন।
১৯৮৬	সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করে। সভাপতি ছিলেন হুমায়ুন রশিদ চৌধুরী।
২০০১	বাংলাদেশের পক্ষে সৈয়দ আনোয়ারুল করিম নিরাপত্তা পরিষদের সভাপতিত্ব করেন। তিনি বাংলাদেশ হতে জাতিসংঘের প্রথম স্থায়ী প্রতিনিধি ছিলেন। বর্তমান স্থায়ী প্রতিনিধি- মাসুদ বিন মোমেন (১৪তম)। প্রথম মহিলা স্থায়ী প্রতিনিধি- ইসমাত জাহান।
২০১০	১৯ ফেব্রুয়ারি জাতিসংঘের ওয়েবসাইটে শহীদ মিনার যুক্ত হয়।
২০১৩	জাতিসংঘের রেডিও বাংলা যাত্রা শুরু করে।
২০২০-২০২২	এই মেয়াদে বাংলাদেশ ECOSOC এর ১৮টি সদস্য দেশের একটি হিসেবে এশিয়া ও প্রশান্ত মহাসাগর অঞ্চল হতে নির্বাচিত হয়েছে।

আন্তর্জাতিক রাজনৈতিক জোট

বিগত বছরের প্রশ্ন

০১. মুসলিম প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সম্মেলন সংস্থার সদস্য- উগান্ডা। (২৭তম বিসিএস)

www.bdniyog.com

০২. OIC এর অঙ্গসংস্থা নয়- আন্তর্জাতিক ইসলামী আদালাত। অন্যান্য অপশগুলো ছিল- সাধারণ সচিবালয়, ইসলামী উন্নয়ন ব্যাংক, ইসলামী বাণিজ্য উন্নয়ন কেন্দ্র, যেগুলো OIC এর অঙ্গসংস্থা। (১৪তম বিসিএস)

০৩. OIC এর দাপ্তরিক ভাষার সংখ্যা- ৩টি (আরবি, ইংরেজি এবং ফ্রেঞ্চ)। (৩৮তম বিসিএস)

০৪. কমনওয়েলথ সেক্রেটারিয়েট যে অট্টালিকায় অবস্থিত- মার্লবরো হাউজ। (২২তম বিসিএস)

০৫. NAM এর সদস্য দেশ কতটি?- ১২০টি। (২৩তম ও ৩৬তম বিসিএস)

০৬. জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল- বেলগ্রেড। (১৭তম ও ২৫তম বিসিএস)

০৭. কমনওয়েলথের বর্তমান সদস্য সংখ্যা- ৫৩টি। (১৭তম বিসিএস)

০৮. কমনওয়েলথের কোন দেশটি যুক্তরাজ্যের রাজা বা রাণীকে তাদের রাষ্ট্রপ্রধান মনে করে- অস্ট্রেলিয়া ও কানাডা। প্রশ্নের অন্যান্য অপশনসমূহ- সাইপ্রাস ও মরিশাশ।

০৯. ইসলামী সম্মেলন সংস্থা-র সদর দপ্তর- জেদ্দা। (১০ম ও ১৩তম বিসিএস)

OIC

পূর্ণরূপ	Organization of Islamic Co-operation.
পূর্ব পূর্ণরূপ	Organization of Islamic Conference.
প্রতিষ্ঠা	২৫ সেপ্টেম্বর, ১৯৬৯ সালে মরক্কোর রাবাতে
সদর দপ্তর	জেদ্দা, সৌদি আরব। (১০ম এবং ১৩তম বিসিএস)
প্রতিষ্ঠার কারণ	মুসলিমদের প্রথম কিবলা পবিত্র মসজিদুল আকসায় ইসরাইলী ইহুদী কর্তক অগ্নিসংযোগের প্রেক্ষিতে (২১ আগস্ট, ১৯৬৯ খ্রি.)।
ভাষা	৩টি (আরবি, ফ্রেঞ্চ, ইংরেজি)।
মহাসচিব	প্রথম মহাসচিব- টেংকু আবদুর রহমান। মহাসচিবের মেয়াদ- ৫ বছর। বর্তমান মহাসচিব- ড. ইউসুফ বিন আল ওতাইমান (সৌদি আরব)।
সদস্য	বর্তমান সদস্য- ৫৭টি। সর্বশেষ- আইভরি কোস্ট। প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল- ২৫টি।
মুসলমান প্রধান না হয়েও সদস্য ও পর্যবেক্ষক	রুয়ান্ডা, উগান্ডা, ক্যামেরুন, বেনিন, মোজাম্বিক, গায়ানা ও সুরিনাম।
বাংলাদেশের সদস্য লাভ	১৯৭৪ সালে (লাহোর সম্মেলনে)।

Commonwealth of Nations

প্রতিষ্ঠা	১১ ডিসেম্বর, ১৯৩১ খ্রি. (প্রতিষ্ঠাকালীন নাম- ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস)। ১৯৪৯ খ্রিস্টাব্দে ব্রিটিশ শব্দটি বাদ দিয়ে 'কমনওয়েলথ অব নেশনস' প্রতিষ্ঠিত করা হয়।
সদর দপ্তর	মার্লবরো হাউজ, লন্ডন, যুক্তরাষ্ট্র।
সদস্য	৫৩টি। সর্বশেষ সদস্য- রুয়ান্ডা। ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশ সমূহ কমনওয়েলথ এর সদস্য। তবে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত না হয়েও কমনওয়েথলথের সদস্য মোজাম্বিক ও রুয়ান্ডা। এদিকে ব্রিটিশদের থেকে স্বাধীনতা লাভ করেও কমনওয়েলথভুক্ত দেশ নয়- মায়ানমার, যুক্তরাষ্ট্র, মালদ্বীপ, জিম্বাবুয়ে, সুদান, কাতার, কুয়েত প্রভৃতি।

→ প্রতিবছর মার্চ মাসের দ্বিতীয় সোমবার কমনওয়েলথ দিবস পালিত হয়।

→ রাণী এলিজাবেথ কমনওয়েলথের প্রধান।

→ রাষ্ট্রদূত ও হাই কমিশনার : একটি দেশ হতে অন্য আরেকটি দেশে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে কূটনৈতিক দূতাবাসের প্রধান হলে, তাঁক রাষ্ট্রদূত বলে। তবে দুটি কমনওয়েলথ দেশের মধ্যে হলে সর্বোচ্চ কূটনৈতিক কর্মকর্তাকে হাই কমিশনার বলে।

→ বাংলাদেশ কমনওয়েলথের সদস্যপদ (৩২তম) লাভ করে- ১৮ এপ্রিল, ১৯৭২ খ্রিস্টাব্দে। এটি বাংলাদেশের প্রথম কোন আন্তর্জাতিক সংস্থায় সদস্যপদ লাভ।

NAM

পূর্ণরূপ	Non Aligned Movement. (জোট নিরপেক্ষ আন্দোলন)
প্রতিষ্ঠা	১৯৫৫ সালে ইন্দোনেশিয়ায় বান্দুং সম্মেলনে ন্যাম গঠনে ১০টি নীতি গৃহীত হয়। পঞ্চশীল নীতি (৫টি নীতি) ন্যাম এর সদস্য 'চীন- ভারত সম্পর্ক' নির্ণয়ের নীতি। ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু এই পঞ্চশীল নীতির অন্যতম প্রবক্তা। যুগোশ্লাভিয়ার বেলগ্রেডে ১৯৬১ সালে এক সম্মেলনের মাধ্যমে।
উদ্যোক্তা	যোশেফ মার্শাল টিটো (যুগোশ্লাভিয়া), জামাল আবদুল নাসের (মিশর), জওহরলাল নেহেরু (ভারত), ড. সুকর্ণ (ইন্দোনেশিয়া), নক্রমা (ঘানা)
উদ্দেশ্য	স্নায়ুযুদ্ধ চলাকালে পুঁজিবাদী বা সমাজতান্ত্রিক জোটে না গিয়ে নিরপেক্ষতা নীতি বজায় রাখার মাধ্যমে নিজস্ব স্বার্থ রক্ষা করা।
বর্তমান সদস্য ও সদর দপ্তর	১২০টি। কোনো সদর দপ্তর নাই।
বাংলাদেশ ন্যামের সদস্য হয়	১৯৭২ সালে।

আঞ্চলিক রাজনৈতিক জোট

আরব লীগ	▪ প্রতিষ্ঠিত হয়- ২২মার্চ, ১৯৪৫ খ্রি. ▪ সদর দপ্তর- মিশরের কায়রো। ▪ সদস্য- ২২টি। প্রতিষ্ঠাকলীন সদস্য- ০৭টি। ▪ ইরাক, লেবানন, ইয়েমেন, মিশর, সৌদি আরব, জর্ডান, সিরিয়া প্রতিষ্ঠাকালীন সদস্য। (25^{th} BCS) ▪ আরবলীগ বহির্ভুত মধ্যপ্রাচ্যের দেশ- ইরান।
আফ্রিকান ইউনিয়ন	▪ পূর্ব নাম- Organization of African Unity. ▪ প্রতিষ্ঠিত হয়- ২৫ মে, ১৯৬৩ খ্রি.। ▪ AU নামকরণ হয়- ৯ জুলাই, ২০০২ খ্রি.। ▪ সদর দপ্তর : আদ্দিস আবাবা, ইথিওপিয়া। ▪ বর্তমান সদস্য দেশ : ৫৫টি। সর্বশেষ- মরক্কো।
GCC মনে রাখুন: কাকু সৌদিতে JOB করে	▪ পূর্ণরূপ- Gulf Co-operation Council. (উপসাগরীয় সহেযোগিতা সংস্থা) ▪ সদর দপ্তর- রিয়াদ, সৌদি আরব। ▪ প্রতিষ্ঠিত হয়- ২৫ মে, ১৯৮১ খ্রি.। ▪ সদস্য দেশ- ৬টি। যথা- কাতার, কুয়েত, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন। ▪

www.bdniyog.com

ইউরোপীয় ইউনিয়ন (European Union)

পূর্বনাম	European Economic Commounity (EEC).
EEC প্রতিষ্ঠা	১৯৫৭ সালের ইতালির রোমে স্বাক্ষরিত 'রোম চুক্তি' এর মাধ্যমে ১৯৫৮ সালে EEC প্রতিষ্ঠিত হয়।
নতুন নামে আত্মপ্রকাশ	নেদারল্যান্ডসের ঐতিহ্যবাহী ম্যাস্ট্রিক্ট শহরে স্বাক্ষরিত হয় 'ম্যাস্ট্রিক্ট চুক্তি'। এই চুক্তি অনুসারে ১ নভেম্বর, ১৯৯৩ খ্রি. EEC এর নাম পরিবর্তন করে European Eunion করা হয়।
সদর দপ্তর	ব্রাসেলস, বেলজিয়াম।
সদস্য	২৮টি। সর্বশেষ সদস্য ক্রোয়েশিয়া।
ইউরো	ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহের একক মুদ্রা। রবার্ট মুন্ডেল- ইউরো মুদ্রার জনক। চালু হয়- ১ জানুয়ারি, ১৯৯৯ খ্রি.। বর্তমানে ২৫টি দেশ এই মুদ্রা চালু করেছে। এর মধ্যে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশ- ১৯টি (১৯তম দেশ লিথুয়ানিয়া এ মুদ্রা চালু করে)।

⟶ ফ্রোনটেক্স : ইউরোপীয় ইউনিয়নের সীমান্তরক্ষী বাহিনীর নাম।

⟶ ইউরো জোন- ইউরোপীয় ইউনিয়নের ইউরো মুদ্রা গ্রহণকারী ১৯টি দেশ নিয়ে ইউরো জোন গঠিত।

⟶ ইউরোপীয়ান সেন্ট্রাল ব্যাংক : সদর দপ্তর- ফ্রাঙ্কফুট, জার্মানি। ইউরো জোনের ১৯টি দেশের কেন্দ্রীয় ব্যাংক।

আন্তর্জাতিক সেবা সংস্থা

ICRM	▪ পূর্ণরূপ : International Red Cross and Red Criscent Movement. ▪ এটি বিশ্ব দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থা। ▪ প্রতিষ্ঠা- ৯ ফেব্রুয়ারি, ১৯৬৩ খ্রি. ▪ মুসলিম বিশ্বে এ সংস্থা রেড ক্রিসেট নামে পরিচিত। ▪ প্রতিষ্ঠাতা- হেনরি ডুনান্ট (সুইজারল্যান্ড) ▪ সদর দপ্তর- জেনেভা। (৩২ ও ৩৬তম বিসিএস) ▪ শান্তিতে নোবেল পায়- ৩ বার (১৯১৭, ১৯৪৪, ১৯৬৩)
অক্সফাম	▪ Oxfam International ▪ এটি মূলত ব্রিটেনভিত্তিক দাতব্য সংস্থা। ▪ প্রতিষ্ঠিত হয়- ১৯৪২ খ্রি.। ▪ সদর দপ্তর- লন্ডন, যুক্তরাজ্য।
রোটারি ইন্টার ন্যাশনাল	▪ প্রতিষ্ঠা- ২৩ ফেব্রুয়ারি, ১৯০৫ খ্রিস্টাব্দ। ▪ সদর দপ্তর- শিকাগো, যুক্তরাষ্ট্র। ▪ প্রতিষ্ঠাতা- মার্কিন আইনজীবী পল পি হ্যারিস। ▪ এটি মূলত মানবকল্যাণমুখী সমাজ উন্নয়নমূলক আন্তর্জাতিক সংস্থ।
অরবিস ইন্টার ন্যাশনাল	▪ প্রতিষ্ঠিত হয়- ১৯৮২ খ্রিস্টাব্দে। ▪ সদর দপ্তর- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র। ▪ আন্তর্জাতিক উড়ন্ত চক্ষু হাসপাতাল। ▪ বাংলাদেশে আসে ১৯৮৫ খ্রিস্টাব্দে। ▪ এটি যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা।
বিশ্ব স্কাউট আন্দোলন	▪ World Organization of the Scout Movement. ▪ প্রতিষ্ঠিত হয়- ১৯২০ খ্রিস্টাব্দে। ▪ সদর দপ্তর- জেনেভা, সুইজারল্যান্ড। ▪ আন্দোলনের প্রতিষ্ঠাতা- রবার্ট ব্যারেন পাওয়েল।
লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল	▪ বিশ্বের ধনাঢ্য ব্যক্তিদের নিয়ে গঠিত আন্তর্জাতিক সংস্থা। ▪ প্রতিষ্ঠিত হয়- ৭ জুন, ১৯১৭ খ্রিস্টাব্দে। ▪ সদর দপ্তর- যুক্তরাষ্ট্র। ▪ প্রতিষ্ঠাতা- মেলভিন জোন্স।

বিশ্ব ব্যাংক ও আইএমএফ

ব্রেটন উডস সম্মেলন

১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডস শহরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯৪৪ সালের ১ থেকে ২২ জুলাই পর্যন্ত এ সম্মেলনে বিশ্বের ৪৪টি দেশের ৭৩০ জন প্রতিনিধি অংশ নেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর প্রেক্ষাপটে আন্তর্জাতিক মুদ্রা ব্যবস্থা গঠন, যুদ্ধোত্তর রাষ্ট্রসমূহের পুনর্গঠন ও উন্নয়ন সাধন এবং বাণিজ্য ব্যবস্থা সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়। সম্মেলনে এ মর্মে প্রস্তাব গৃহীত হয় যে, উক্ত বিষয়গুলোর প্রয়োগকল্পে সঠিক কাঠামো নির্মাণের উদ্দেশ্যে ৩টি আন্তর্জাতিক সংস্থা গঠন করা যুক্তিযুক্ত হবে। প্রস্তাবিত ৩ টি বহুজাতিক সংস্থা নিম্নরূপ-

- বিশ্বব্যাংক (International Bank for Reconstruction and Development)
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (International Monetary Fund)
- আন্তর্জাতিক বাণিজ্য সংস্থা (International Trade Organization)

এদের প্রধান কাজ হবে আন্তর্জাতিক বাণিজ্যের সমস্যাসমূহ পর্যবেক্ষণ ও সমাধানের উপায় বের করা।

১৯৪৪-৪৫ সাল নাগাদ প্রথমে ২ টি সংস্থা (বিশ্বব্যাংক গ্রুপের IBRD এবং IMF) প্রতিষ্ঠা লাভ করে। কিন্তু তৃতীয়টি নিয়ে দেখা দেয় বিবাদ, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং অন্যান্য কতিপয় রাষ্ট্র বাণিজ্য ব্যবস্থা তদারকির জন্য একটি পরিবর্তনশীল সংস্থা হিসাবে GATT-এর জন্ম দেয় ১৯৪৭ সালে। ১৯৬৪ সালে জাতিসংঘ পর্ষদ প্রদত্ত বিকল্পের ভিত্তিভূমিতেই UNCTAD প্রতিষ্ঠা লাভ করেছিল, এবং এক সময় মনে হয়েছিল যে, ১৯৬৪ এর UNCTAD ১৯৪৭ এর GATT-এর প্রতিস্থাপক হবে। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র সর্বোতভাবে GATT কে সমর্থন করায় GATT পর্যায়ক্রমে শক্তিশালী হতে থাকে।

⁄ ব্রেটন উডস ইন্সটিটিউশন বলতে বোঝায়- ২টি প্রতিষ্ঠানকে। যথা- WB (IBRD) এবং IMF.

বিশ্বব্যাংক (World Bank)

বিশ্বব্যাংক (World Bank) একটি আন্তর্জাতিক আর্থিক সহায়তাকারী সংস্থা। ১৯৪৫ সালে বিশ্ব ব্যাংক গঠিত হয়।

www.bdniyog.com

→ লক্ষ্য : বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচন।
→ সদর দপ্তর : ওয়াশিংটন ডিসি। (সবগুলোর সদর দপ্তর)
→ বিশ্বব্যাংক ও আইএমএফের জনক হলেন লর্ড কেইনস এবং হ্যারি ডেক্সটার হোয়াইট।
→ বিশ্বব্যাংকের প্রথম প্রেসিডেন্ট হলেন ইউগেন মেয়ার।
→ বিশ্বব্যাংকের ১২ তম প্রেসিডেন্ট জিম ইয়ং কিম। প্রেসিডন্টের মেয়াদ- ৫ বছর।
→ বিশ্বব্যাংকের সাহায্য পাওয়া প্রথম দেশ হল ফ্রান্স (বিশ্বব্যাংকের প্রথম ঋণ গ্রহীতা)
→ কাদের সহযোগিতা দেয় : মধ্যম আয়ের দেশকে ঋণ ও সহযোগিতা দেয় IBRD.
→ ১৯৯১ সালে বিশ্বব্যাংক ঘোষণা করে যে বাণিজ্যিক ভিত্তিতে কাঠ কাটা বা পরিবেশের ক্ষতি করে এমন স্থাপনা নির্মাণের জন্য সংস্থাটি কোন অর্থায়ন করবে না।

বিশ্বব্যাংক গ্রুপ

→ বিশ্বব্যাংক গ্রুপকে বলা হয় Five Institutions, One Group. ৫টি প্রতিষ্ঠানের সমন্বয়ে বিশ্বব্যাংক গ্রুপ গঠিত-

IBRD (1944)	IFC (1956)
IDA (1960)	ICSID (1966)
MIGA (1988)	

☼ *IBRD*

→ পূর্ণরূপ : International Bank for Reconstruction and Development. (পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংক)
→ প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে।
→ IBRD কার্যক্রম শুরু করে ১৯৪৬ সালে।
→ বিশ্ব ব্যাংক বলতে বোঝায় IBRD কে।
→ প্রতিষ্ঠানটি মধ্যম আয়ের দেশ ও দরিদ্র দেশগুলোকে সরকারিভাবে ঋণ ও আর্থিক সহায়তা দেয়।
→ সংস্থাটির সদস্য সংখ্যা- ১৮৯টি।
→ ১৫-২০ বছর মেয়াদে ঋণ দেয়।
→ বাংলাদেশ সদস্যপদ লাভ করে- ১৯৭২ খ্রিস্টাব্দে।

☼ *IFC: International Finance Corporation*

→ IFC প্রতিষ্ঠিত হয় ১৯৫৬ খ্রিষ্টাব্দে।
→ উন্নয়নশীল দেশের টেকসই উন্নয়নে 'বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধিতে' কাজ করে। বেসরকারি খাতের প্রকল্পে অর্থায়ন করে।
→ আন্তর্জাতিক 'আর্থিক বাজার উন্নয়নে' কাজ করে।
→ বাংলাদেশ সদস্যপদ লাভ করে- ১৯৭৬ খ্রিস্টাব্দে

☼ *IDA: International Development Association*

→ IDA প্রতিষ্ঠিত হয়- ২৪ সেপ্টেম্বর, ১৯৬০ খ্রিস্টাব্দে।
→ Soft loan window বলা হয় IDA এর ঋণকে। কারণ সহজ শর্তে দীর্ঘমেয়াদী ঋণ দেয়।
→ এটি ৩০-৪০ বছরের জন্য ঋণ দেয়। সুদের হার- ০.৫-০.৭৫%।
→ বাংলাদেশ সদস্যপদ লাভ করে- ১৯৭২ সালে।

☼ *ICSID*

→ পূর্ণরূপ : International Centre for Settlement of Investment Disputes
→ প্রতিষ্ঠিত হয়- ১৯৬৬ সালে।
→ সরকার ও বিদেশি বিনিয়োগকারীদের মধ্যে 'বিনিয়োগ বিরোধ নিষ্পত্তি' করতে কাজ করে।
→ বাংলাদেশ ১৯৮০ সালে এটির সদস্যপদ লাভ করে।

☼ *MIGA*

→ MIGA প্রতিষ্ঠিত হয় ১৯৮৮ খ্রিস্টাব্দে।
→ উদীয়মান অর্থনীতির দেশে 'বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ ও বিনিয়োগ বৃদ্ধিতে কাজ করে।
→ বর্তমান সদস্য- ১৮১টি।
→ বাংলাদেশ ১৯৮৮ সালে এই সংস্থার সদস্যপদ লাভ করে।

IMF : International Monetary Fund

→ IMF গঠনের সিদ্ধান্ত হয় ১৯৪৪ সালে ব্রেটন উডস সম্মেলনে।
→ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়- ২৭ ডিসেম্বর, ১৯৪৫ খ্রিস্টাব্দে।
→ আর্থিক কার্যক্রম শুরু করে- ১৯৪৭ খ্রিস্টাব্দে। (১৬তম বিসিএস)
→ IMF এর ১৮৯টি রাষ্ট্র।
→ IMF এর প্রধানের পদবী ব্যবস্থাপনা পরিচালক (Managing Director)
→ আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এর বাংলাদেশস্থ কার্যালয় অবস্থিত আগারগাঁও, ঢাকা।
→ এটি 'মুদ্রার বিনিময় হার স্থিতিশীল' রাখতে কাজ করে।
→ এটি 'অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধিতে' ও 'বাণিজ্য ঘাটতি' শোধরাতে আর্থিক সহযোগিতা দান করে।
→ এর রিজার্ভ সম্পদের একককে বলা হয় SDR (special drawing right). ১৯৬৯ সালে SDR প্রবর্তন করা হয়

BIS : Bank for International Settlements

→ BIS প্রতিষ্ঠিত হয় ১৯৩০ খ্রিস্টাব্দে
→ সকল 'কেন্দ্রীয় ব্যাংকের ব্যাংক' হলো BIS (Bank for International Settlements)
→ আর্থিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা সাধনের জন্য কেন্দ্রীয় ব্যাংকসমূহকে সহযোগিতা করে।

আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান

ADB বর্তমান প্রেসিডেন্ট তাকাহিকো নাকাও	পূর্ণরূপ- Asian Development Bank
	প্রতিষ্ঠিত হয়- ১৯৬৬ খ্রিস্টাব্দে। সদস্য- ৬৮টি।
	সদর দপ্তর- ফিলিপাইন, ম্যানিলা।
	প্রেসিডেন্ট নির্বাচিত হন জাপান থেকে।
	১৯৭৩ সালে বাংলাদেশ এই সংস্থার সদস্যপদ লাভ করে।

www.bdniyog.com

IDB	পূর্ণরূপ- Islamic Development Bank
	কার্যক্রম শুরু হয়- ২০ অক্টোবর, ১৯৭৫ খ্রিস্টাব্দে।
	বর্তমান সদস্য- ৫৭টি। সদর দপ্তর- জেদ্দা,সৌদি আরব
	IDB হলো OIC বিশেষায়িত প্রতিষ্ঠান। OIC এর সদস্য আইভরি কোস্ট IDB এর সদস্য নয়। IDB এর সদস্য হতে গেলে অবশ্যই OIC এর সদস্য হতে হয়।
	বাংলাদেশ এর সদস্য হয় ১৯৮৩ খ্রিস্টাব্দে।
AFDB	পূর্ণরূপ- African Development Bank
	প্রতিষ্ঠিত হয়- ১০ সেপ্টেম্বর, ১৯৬৪ খ্রিস্টাব্দে।
	সদস্য সংখ্যা- ৮০টি।
	সদর দপ্তর- আবিদজান, আইভরি কোস্ট।

বিবেচ্য বিষয়	AIIB	NDB
পূর্ণরূপ	Asian Infrastructure Investment Bank	New Development Bank
প্রতিষ্ঠা	২৫ ডিসেম্বর, ২০১৫	১৫ জুলাই, ২০১৪
কার্যকর	১৬ জানুয়ারি, ২০১৬	জুলাই, ২০১৫
সদর দপ্তর	বেইজিং, চীন	সাংহাই, চীন
প্রতিষ্ঠাকালীন সদস্য	বাংলাদেশসহ ৫৭টি	BRICS ভুক্ত ৫টি দেশ
উদ্যোক্তা	চীন।	ভারত।
প্রেসিডেন্ট	জিন লিকুন (চীন)	কে ভি কামাথ (ভারত)
চেয়ারম্যান	পদ নেই	চেয়ারম্যান- রাশিয়া
বিকল্প	বিশ্বব্যাংকের বিকল্প।	IMF এর বিকল্প।

ECB	পূর্ণরূপ- Enropean Central Bank
	প্রতিষ্ঠিত হয়- ১ জুন, ১৯৯৮ খ্রিস্টাব্দে।
	সদর দপ্তর- ফ্রাঙ্কফুট, জার্মানি।
	ইউরো মুদ্রা গ্রহণকারী ১৯টি দেশের কেন্দ্রীয় ব্যাংক নিয়ে ECB গঠিত।
EBRD	পূর্ণরূপ- European Bank for Reconstruction & Development.
	প্রতিষ্ঠিত হয়- ১৯৯১ খ্রিস্টাব্দে।
	সদর দপ্তর- লন্ডন, যুক্তরাজ্য।

আন্তর্জাতিক অর্থনৈতিক জোট

BRICS	▪ BRICS মূলত ৫টি দেশের (Brazil, Russia, India, China & South Africa এর আদ্যক্ষরের সমন্বয়ে নামকরণকৃত দ্রুত উন্নয়নশীল দেশসমূহের একটি অর্থনৈতিক জোট। ▪ দক্ষিণ আফ্রিকা সদস্য হওয়ার পূর্বে নাম ছিল- BRIC. ▪ সদর দপ্তর- সাংহাই, চীন। ▪ BRICS এর উদ্যোগে গঠিত ব্যাংকের নাম- NDB. ▪ আইএমএফ ও বিশ্বব্যাংক উন্নয়নশীল বিশ্বের স্বার্থ রক্ষা করতে পারছে না- এমন অভিযোগের ভিত্তিতে BRICS Bank বা NDB গঠিত হয়।
G-7	▪ পূর্ণরূপ- Group of Seven. সদর দপ্তর- নাই। ▪ প্রতিষ্ঠিত হয়- ১৫ নভেম্বর, ১৯৭৫ খ্রিস্টাব্দ ▪ বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের রাষ্ট্রপ্রধানদের জোট।

→ G-7 এর সদস্যসমূহ- যুক্তরাজ্য, কানাডা, জাপান, জার্মানি, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ইতালি। [মনে রাখুন- যুক্তরাজ্যের কানা জাজাই যুক্তরাষ্ট্রে ফ্রাই খায়]

→ ক্রিমিয়া ইস্যুতে রাশিয়ার সদস্য বাতিল হওয়ার পূর্বে সংস্থাটির নাম ছিল- G-8 (Group of Eight).

→ সর্বশেষ শীর্ষ সম্মেলন (৪৫) অনুষ্ঠিত হয়- ২৪-২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দে ফ্রান্সে।

D-8	D-8 এর পূর্ণরূপ- Developing Eight.
	প্রতিষ্ঠিত হয়- ১৫ জুন, ১৯৯৭ খ্রিস্টাব্দে।
	সদস্য সংখ্য- ৮টি। সদস্যসমূহের নাম- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুরস্ক, মিশর, ইন্দোনেশিয়া। মনে রাখুন- বাপ মা নাই তুমিই সব। সদর দপ্তর- ইস্তাম্বুল, তুরস্ক।
	২ বছর পরপর সংস্থাটির শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

CIRDAP

পূর্ণরূপ	Centre on Integrated Rural Development for Asia and the Pacific.
সদস্য	১৫টি। সদস্যসমূহ হলো- বাংলাদেশ, পাকিস্তান, ভারত, শ্রীলঙ্কা, নেপাল, আফগানিস্তান, ফিলিপাইন, থাইল্যান্ড, ইরান, লাওস, মালয়েশিয়া, মিয়ানমার, ফিজি, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম।
প্রতিষ্ঠা	১৯৭৯ খ্রিস্টাব্দে। সদর দপ্তর- ঢাকার চামেলি হাউজে।

G-77	প্রতিষ্ঠিত হয়- ১৯৬৪ খ্রিস্টাব্দে। সংস্থাটির কোন সদর দপ্তর নাই।
APEC	পূর্ণরূপ- Asia Pacific Economic Co-operation.
	প্রতিষ্ঠিত হয়- ৬ নভেম্বর, ১৯৮৯ খ্রি.। উদ্যোক্তা- রব হক (অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী)। সদর দপ্তর- সিঙ্গাপুর সিটি, সিঙ্গাপুর। সদস্য সংখ্যা- ২১টি।
OECD	▪ Organization of Economic Cooperation & Development. ▪ সদর দপ্তর- প্যারিস, ফ্রান্স। প্রতিষ্ঠা- ১৯৬১ খ্রি.

OPEC

পূর্ণরূপ	Organization of Petroleum Exporting Countries.
প্রতিষ্ঠা	১৯৬০ খ্রিস্টাব্দে। প্রতিষ্ঠিত হয় ইরাকের বাগদাদে। প্রথম সদর দপ্তর- জেনেভা (১৯৬৫ সালের পূর্বে)। বর্তমান সদর দপ্তর- ভিয়েনা, অস্ট্রিয়া।
সদস্য দেশ	১৪টি। দেশসমূহের নাম- লিবিয়া, ভেনেজুয়েলা, ইকুয়েডর, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কুয়েত, আলজেরিয়া, অ্যাঙ্গোলা, গ্যাবন, নিরিক্ষীয় গিনি, নাইজেরিয়া, ইরান, ইরাক, কঙ্গো প্রজাতন্ত্র (সর্বশেষ)। *কাতার ১ জানুয়ারি, ২০১৯ খ্রি. সদস্যপদ প্রত্যাহার করে নেওয়ায় সদস্য পদ ১৫ থেকে ১৪ হয়।

G-20	বিশ্বের ধনী দেশসমূহের সংগঠনের নাম- G-20. এটি ১৯টি দেশ ও ১টি সংস্থা (ইউরোপীয় ইউনিয়ন) এর সংগঠন। প্রতিষ্ঠিত হয়- ১৯৯৯ খ্রি.। সংস্থাটির কোন সদর দপ্তর নাই।

www.bdniyog.com

CPTPP

নাম	প্রতিষ্ঠাকালীন নাম- Trans-Pacific Partnership (৪ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ)। ০৮ মার্চ ২০১৮ চিলির সান্টিয়াগোতে যুক্তরাষ্ট্রকে বাদ দিয়ে অন্য ১১টি দেশ নতুন করে Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership চুক্তিটি স্বাক্ষর করে।		
উদ্যোক্তা	যুক্তরাষ্ট্র।	কার্যালয়	ওয়েলিংটন, নিউজিল্যান্ড
সদস্য	প্রতিষ্ঠাকালীন- ১২টি। বর্তমান- ১১টি। সদস্যসমূহ- কানাডা, মেক্সিকো, চিলি, পেরু, জাপান, ভিয়েতনাম, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ব্রুনাই, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড।		

⟶ টিপিপির বর্তমান নাম 'টিপিপি মাইনাস ওয়ান'।

⟶ যুক্তরাষ্ট্র টিপিপি ত্যাগ করে ২৩ জানুয়ারি, ২০১৭ সালে যুক্তরাষ্ট্র ত্যাগ করায় বাংলাদেশের জন্য ভালো হয়েছে কেননা এতে বাংলাদেশের বাণিজ্য বাড়বে ৫৪ কোটি ডলার।

SEACO	(South East Asian Co-operation) দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার ৫টি (বাংলাদেশ, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, ব্রুনাই) দেশ নিয়ে গঠিত হয়- ২০১৯ খ্রিস্টাব্দে। এটির প্রথম অধিবেশ হয়- ঢাকা, বাংলাদেশে জুন, ২০১৯ খ্রিস্টাব্দে।

আঞ্চলিক অর্থনৈতিক জোট

ASEAN

পূর্ণরূপ	Association of South-East Asian Nations.
প্রতিষ্ঠা	৮ আগস্ট, ১৯৬৭ খ্রিস্টাব্দে।
সদস্য	১০টি। সদস্যসমূহ- মায়ানমার, থাইল্যান্ড, ভিয়েতনাম, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, লাওস, মালয়েশিয়া, ব্রুনাই, কম্বোডিয়া ও সিঙ্গাপুর। [মনে রাখুন- MTV এর FILM দেখলে BCS হবে না।
সদর দপ্তর	জাকার্তা, ইন্দোনেশিয়া।

ARF	পূর্ণরূপ- ASEAN Regional Forum. সদস্য সংখ্যা- ২৭টি। বাংলাদেশ সংস্থাটির ২৬তম সদস্য (২৮ জুলাই, ২০০৬ খ্রি.)।

SAARC

⟶ SAARC (South Asian Association for Regional Co-operation) প্রতিষ্ঠিত হয়, ৮ ডিসেম্বর, ১৯৮৫ সালে। (৩৬তম বিসিএস)

⟶ সদর দপ্তর- নেপালের কাঠমান্ডুতে। বাংলাদেশ সার্ক ধারণার উদ্ভাবক। সর্বশেষ দেশ- আফগানিস্তান। সার্কের প্রথম মহাসচিব নির্বাচিত হন বাংলাদেশের আবুল হাসান।

⟶ Principles (মূলনীতি) : এ সংস্থার যে কোন সিদ্ধান্ত সর্বসম্মত হবে। দ্বিপক্ষীয় বিরোধ সংক্রান্ত সমস্যাগুলো এ সংস্থার সভায় তোলা যাবে না।

⟶ বাংলাদেশ-পাকিস্তান ও ভারত-পাকিস্তান দ্বন্দ্ব থাকায় অনেক ক্ষেত্রে সিদ্ধান্ত সর্বসম্মত হয় না। আবার দ্বিপক্ষীয় বিরোধ এ সংস্থায় সমাধান হয় না। তাই এই সংস্থার কার্যকারিতা দিন দিন কমে যাচ্ছে। যেমন- ২০১৮ সালে উরি আক্রমণের জের ধরে ভারত বয়কট করলে সম্মেলনটি বাতিল হয়ে যায়।

SARRC এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র

SAARC Cultural Centre (SCC) সার্ক সাংস্কৃতিক কেন্দ্র	কলম্বো, শ্রীলঙ্কা
SAARC Agricultural Centre (SAC) (সার্ক কৃষি কেন্দ্র)	ঢাকা, বাংলাদেশ
SAARC Tuberculosis Centre & HIV/AIDS Centre (সার্ক যক্ষ্মা এবং এইচঅআইভি/এইডস কেন্দ্র	কাঠমান্ডু, নেপাল
SAARC Energy Centre (SEC) সার্ক জ্বালানি কেন্দ্র	ইসলামাবাদ পাকিস্তান
SAARC Disaster Management Centre (SDMC) সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র	নয়াদিল্লি, ভারত

সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র

২০১৬ সালের নভেম্বরে এই কেন্দ্রটি সার্কের প্রাক্তন কেন্দ্রের সমন্বয়ে পুনর্গঠন করা হয়। যথা-

SAARC Disaster Management Centre (SDMC) সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র	নয়াদিল্লী, ভারত
SAARC Metereological Research Centre (SMRC) সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র	ঢাকা, বাংলাদেশ
SAARC Forestry Centre (SFC) সার্ক বন কেন্দ্র	থিম্পু, ভুটান
SAARC Coastal Zone Management Centre (SCZMC) সার্ক উপকূলীয় এলাকা ব্যবস্থাপনা কেন্দ্র	মালে, মালদ্বীপ

SAPTA	SAFTA
SAARC Preferential Trading Agreement.	South Asian Free Trade Area
স্বাক্ষর- ১১ এপ্রিল, ১৯৯৩ খ্রি.	স্বাক্ষর : ৬ জানুয়ারি, ২০০৪
কার্যকর- ৭ ডিসেম্বর, ১৯৯৫	কার্যকর- ১ জানুয়ারি, ২০০৬

সাংহাই সহযোগিতা সংস্থা

প্রতিষ্ঠাকাল	১৫ জুন, ২০০১ খ্রিস্টাব্দ।
সদর দপ্তর	বেইজিং, চীন।
উদ্দেশ্য	সীমান্ত বিরোধ নিরসন।
সদস্যপদ	০৮টি। যথা- চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরগিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, ভারত ও পাকিস্তান।

BIMSTEC

পূর্ণরূপ	Bay of Bengal Initiative for Multi sectoral Technical & Economic Co-operation. সদর দপ্তর- ঢাকা।
পূর্বনাম ও সদস্য	প্রতিষ্ঠাকালীন নাম- BISTEC (Bangladesh India, Srilanka, Thailand Economic Cooperation)। তখন সংস্থাটির সদস্য ছিল চারটি। এর পর মিয়ানমার যোগ দিলে সংস্থাটির নাম হয়- BIMSTEC. তখন সদস্য হয় ৫টি। সর্বশেষে নেপাল ও ভুটান যোগ দিলে সংস্থাটির সংক্ষিপ্ত রূপ পরিবর্তন না হলেও পূর্ণরূপ পরিবর্তিত হয়। বর্তমান সদস্য- ৭টি।
প্রতিষ্ঠা- ১৯৯৭ খ্রিস্টাব্দে	

www.bdniyog.com

BENELUX	পূর্ণরূপ- Belgium, Netherlands & Luxemburg Economic Co-operation. বর্তমান সদস্য- ৩টি। প্রতিষ্ঠিত হয়- ১৯৪৮ খ্রিস্টাব্দে। সদর দপ্তর- ব্রাসেলস, বেলজিয়াম।
ACU	পূর্ণরূপ- Asian Clearing Union. সদর দপ্তর- তেহরান, ইরান। সদস্য- ০৯টি। সদস্যসমূহ- বাংলাদেশ, ভারত, পাকিস্তান, ইরান, ভুটান, নেপাল, মিয়ানমার, মালদ্বীপ ও শ্রীলঙ্কা।
ECO	পূর্ণরূপ- Economic Co-operation Organization. প্রতিষ্ঠিত হয়- ১৯৯২ খ্রিস্টাব্দে। সদস্য দেশ- ১০টি। সদস্য দেশসমূহ- আজারবাইজান, আফগানিস্তান, পাকিস্তান, তুরস্ক, ইরান, তুর্কমেনিস্তান, কাজাখস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, কিরগিস্তান।

আন্তর্জাতিক বাণিজ্য জোট ও চুক্তি

WTO (বিশ্ব বাণিজ্য সংস্থা)

→ এটি বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষসমূহের মধ্যকার মতপার্থক্য দূর করতে সাহায্য করে থাকে।

→ বিশ্ব বাণিজ্য সংস্থার গুরুত্বপূর্ণ দোহা রাউন্ড হয়- ২০০১ সালে।

সদর দপ্তর	জেনেভা, সুইজারল্যান্ড
দাপ্তরিক ভাষা	৩টি (ইংরেজি, ফেঞ্চ, স্প্যানিশ)

→ WTO এর পূর্বসুরি হলো GATT।

→ WTO এর সর্বোচ্চ পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব মন্ত্রী পর্যায়ের সম্মেলনের (Council of Ministers) ওপর ন্যস্ত। মন্ত্রী পর্যায়ের সম্মেলন (Council of Ministers) অন্তত দুবছরে একবার হয়।

→ লক্ষ্য ও উদ্দেশ্য : বিশ্ব বাণিজ্যের প্রসার করা, বাণিজ্যের অ-শুল্ক বাধাসমূহ দূর করা, মুক্ত বাণিজ্যের প্রসার করা এবং বাণিজ্য আলোচনার ফোরাম হিসেবে বাণিজ বিরোধ নিষ্পত্তি করা।

GATT (General Agreement on Tariffs and Trade)

→ গ্যাট মূলত কোন বাণিজ্যিক সংস্থা নয়, এটা একটা বাণিজ্যিক চুক্তি।

→ ১৯৪৭ সালে জেনেভাতে GATT চুক্তি স্বাক্ষরিত হয়।

→ উদ্দেশ্য : বিশ্বব্যাপী বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নতুন কর্মসূচি প্রণয়ন করা এবং মুক্তবাজার অর্থনীতিকে গতিশীল করা।

GATT হতে WTO

২য় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে রাষ্ট্রসমূহের পারস্পরিক বাণিজ্যিক সম্পর্ক নির্ধারণের প্রয়োজন থেকেই GATT জন্মলাভ করে। গ্যাট চুক্তি স্বাক্ষরের পর থেকে চুক্তিটিকে একটি বহুপাক্ষিক বাণিজ্য সংস্থায় রূপান্তর করার প্রয়োজন দেখা দেয়। সেজন্য ১৯৮৬ সালে গ্যাটের উরুগুয়ে রাউন্ড আলোচনার মধ্য দিয়েই চুক্তিটি বিশ্ববাণিজ্য সংস্থায় রূপান্তর লাভ করে। ১৯৯৫ সালের ১ জানুয়ারী GATT আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠাকালীন উরুগুয়ে রাউন্ডেই সদস্য হয়- ১২৩টি রাষ্ট্র।

উরুগুয়ে রাউন্ড :

→ উরুগুয়ে রাউন্ড বানিজ্য সমঝোতার মাধ্যমে বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) গঠিত হয়।

→ উরুগুয়ে সংলাপ হয়েছিল ৮ বৎসর (১৯৮৬-১৯৯৪ খ্রিস্টাব্দ) ধরে।

→ ১৯৮৬ সালে উরুগুয়ে ১০৭টি দেশের প্রতিনিধিদের নিয়ে 'গ্যাট বৈঠক' শুরু হয়।

→ উরুগুয়ে রাউণ্ডেই ডাংকেল প্রস্তাব গৃহীত হয়।

ডাংকেল প্রস্তাব :

→ ১৯৯৩ সালের ১৫ই ডিসেম্বর 'ডাংকেল প্রস্তাব' গৃহীত হয়।

→ এই 'ডাংকেল প্রস্তাব' এর আওতায় ২০০৪ সালে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে নির্ধারিত 'কোটা প্রথা' উঠে যায়।

COMESA	▪ পূর্ণরূপ- The Common Market for Eastern and Southern Africa. ▪ প্রতিষ্ঠিত হয়- ৮ ডিসেম্বর, ১৯৯৪ খ্রিস্টাব্দে ▪ সদর দপ্তর- লুসাকা, জাম্বিয়া। ▪ এটি মূলত পূর্ব ও দক্ষিণ আফ্রিকার ২১টি দেশের একটি বাণিজ্য ব্লক। তিউনিশিয়া থেকে ইসওয়াতিনি পর্যন্ত।
APTA	পূর্ণরূপ- Asia Pacific Trade Agreement.
	প্রতিষ্ঠা- ১৯৭৫ খ্রিস্টাব্দ; সদর দপ্তর- ব্যাংকক।
	সদস্য- ০৭। সদস্য দেশসমূহ- বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা, লাওস, দক্ষিণ কোরিয়া, মঙ্গোলিয়া ও চীন।

ধারাবাহিকভাবে গুরুত্বপূর্ণ সাল

ইংল্যান্ডের শিল্প বিপ্লব-১৭৬০	প্রথম বিশ্বযুদ্ধ শুরু- ১৯১৪
ছিয়াত্তরের মন্বন্তর- ১৭৭০	রুশ বিপ্লব- ১৯১৭
আমেরিকার স্বাধীনতা- ১৭৭৬	দ্বিতীয় ভার্সাই চুক্তি- ১৯১৯
ফরাসি বিপ্লব- ১৭৮৯	ILO প্রতিষ্ঠা- ১৯১৯
ফোর্ট উইলিয়াম কলেজ- ১৮০০	ঢাবি প্রতিষ্ঠা- ১৯২১
ওয়াটার লুর যুদ্ধ- ১৮১৫	ইন্টারপোল প্রতিষ্ঠা- ১৯২৩
সুয়েজ খাল খনন ১৮৬৫	শিখা পত্রিকা প্রকাশ- ১৯২৭
ভারতে কংগ্রেস প্রতিষ্ঠা- ১৮৮৫	প্যারিস প্যাক্ট- ১৯২৮
নোবেল পুরস্কার প্রবর্তন- ১৯০১	দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু- ১৯৩৯
FIFA প্রতিষ্ঠিত হয়- ১৯০৪	লাহোর প্রস্তাব- ১৯৪০
বঙ্গবঙ্গ- ১৯০৫	লন্ডন ঘোষণা- ১৯৪১
মুসলিম লীগের প্রতিষ্ঠা- ১৯০৬	জাতিসংঘ প্রতিষ্ঠা- ১৯৪৫
ICC প্রতিষ্ঠা- ১৯০৯	দেশ বিভাগ- ১৯৪৭
বরেন্দ্র জাদুঘর প্রতিষ্ঠা- ১৯১০	NATO প্রতিষ্ঠা- ১৯৪৯
বঙ্গভঙ্গ- ১৯১১	UNHCR প্রতিষ্ঠা- ১৯৫০
ANC প্রতিষ্ঠা- ১৯১২	জমিদারি প্রথা বাতিল- ১৯৫০
রবী ঠাকুরেরর নোবেল লাভ- ১৯১৩	ভাষা আন্দোলন- ১৯৫২

www.bdniyog.com

আরো দেখুন

প্রতিদিনের চাকুরীর সার্কুলার পেতে এখানে ক্লিক করুন

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ এখানে ক্লিক করুন

চাকুরীর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিসিএস এর প্রয়োজনীয় পিডিএফ বই এখানে ক্লিক করুন

প্রতি সপ্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড এখানে ক্লিক করুন

সকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান এখানে ক্লিক করুন

বিডিনিয়োগ.কম দেশের সেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

HSC এর প্রয়োজনীয় সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

বিশ্ববিদ্যালয় ভর্তির সকল পিডিএফ বই এখানে ক্লিক করুন

সকল ধরনের সাজেশন ডাউনলোড এখানে ক্লিক করুন

www.bdniyog.com

ORIGINAL BDNIYOG.COM COPYRIGHT